কুক্ষি[৫], কোষ্ঠ[৬], কুষাকু[৭], কুষ্ঠী[৮], কোষল[৯], নিষ্কোষ[১০], নিষ্কোষিত[১১], নিষ্কুষিত[১২], প্রকোষ্ঠ[১৩]।

ব্যুৎ. কুষ্—ত, র্ম্ম[১];+অ, ভা[২];+অন, ভা[৩];+থ[৪];+* সি[৫];+থ[৬]; +আকু[৭];+থ, ইন্—ক[৮];+অল, সংজ্ঞার্থে[৯]; নির্+অ, ভা[১০]; নির্+ত, র্ম্ম[১১]; নির্+ত, র্ম্ম[১২]; প্র+থ[১৩]।

(১৬৬) কুস্—সক। শ্লিষ্ট হ (দিবা, প। কুস্যতি)। কুসিত[১] কুসন[২], কুসুম[৩], কুসুম্ভ[৪], কোসল[৫]।

ব্যুৎ. কুস্—ত, র্ম[১];+অন, ভা[২];+উম[৩];+উম্ভ[৪];+† অল, সংজ্ঞার্থে[৫]।

(১৬৭) কুহ্—সক। বিস্ময়ান্বিত ক (চুরা, আ। কুহয়তে)। কুহক[১], কুহা[২], কুহূ[৩], কুহুকণ্ঠ[৪], কুহু[৫], কুহুরব[৬], কুহকী[৭], নিষ্কুহ[৮]।

ব্যুৎ. কুহ—অক, ক[১];+অ, আ, ভা[২];+ঊ[৩];+উ—কণ্ঠ[৪];+উ[৫];+উ-রব[৬];+অক, ইন্, ক[৭]; নির্+অ[৮]।

(১৬৮) কূ—অক। ব্যাকুল হইয়া শব্দ ক। (তুদ[১], আ। কবতে)। কুবিতা[১], কূবর।

ব্যুৎ. কূ ত্, ক[১];+বর[২]।

(১৬৯) কূজ্—অক। অব্যক্ত শব্দ ক। (ভ্বা, প। কূজতি)। কূজিত[১]; কূজন[২]।

ব্যুৎ. কূজ্—ত, ভা[১];+অন, ভা[২]।

(১৭০)—কূট্ অক। অপ্রসন্ন হ। সক, অপ্রদান ক। (চুরা, আ। কূটয়তে)। কূটিত[১], কূটন[২], কূট[৩], কালকূট[৪], কূটযন্ত্র[৫]।

ব্যুৎ. কূট্—ত, ভা[১];+অন, ভা[২];+অ, ভা[৩]; কাল+অ[৪],+অ—যন্ত্র[৫]।

---

* ষ্=ক্। † কু=কো।

(১৭১) কূট—সক। দগ্ধ ক, রাশি ক। লেখ্যাদি জাল ক, মন্ত্রণা ক। (চুরা, প। কূটয়তি)। কূট[১]।

ব্যুৎ. কূট—অ, ভা[১]।

(১৭২) কূড়্—অক। ঘনীভূত হ (তুদা, প। (কূড়য়তি)। কূড়ন[১]।

ব্যুৎ. কূড়্—অন, ভা[১]।

(১৭৩) কূণ্—সক। সঙ্কোচ ক। অক, সঙ্কুচিত হ (চুরা, আ। কূণয়তে)। কূণন[১], কূণয়িতা[২], কূণি[৩]।

ব্যুৎ. কূণ্—অন, ভা[১];+তৃ, ক[২];+ই[৩]।

(১৭৪) কূর্দ্দ্—অক। ক্রীড়া ক (ভ্বা, আ। কূর্দ্দতে)। কূর্দ্দন[১], কূর্দ্দিতা[২]।

ব্যুৎ. কূর্দ্দ্—অন, ভা[১];+তৃ, ক[২]।

(১৭৫) কূল্—সক। আচ্ছাদন ক (ভ্বা, প। কূলতি)। কূলিত[১], কূলন[২], কূল[৩], কূলক[৪]।

ব্যুৎ; কূল্—ত র্ম্ম[১];+অন, ভা[২];+অ, ভা[৩];+অক[৪]।

(১৭৬) কৃ—সক। বধ ক (স্বা, উভ। কৃণোতি, কৃণুতে)। সক, করা (ভ্বা, উভ। করতি-তে। (তনা, উভ। করোতি, কুরুতে)। অধি-পূর্ব্ব, অধিকার ক; অনু—অনুকরণ; অপ—আ—দূরীকরণ ক; অপাকৃতি; অপ—অপকার ক; আ—অবক্ষেপণ ক; উৎ—আ—অবক্ষেপণ ক; নির্—আ—নিরাকরণ ক; বি—আ—ব্যাখ্যা; উৎ—হিংসা ক; তিরস্—তিরস্কার ক; আচ্ছাদন ক; নি—ভর্ৎসনা ক; নির্—নিক্ষেপণ ক; উপ—ভূষিত ক; গুণান্তরাধান ক; ঊহ্য ক; সমবেত হ, বিকৃত হ; পরি—পরিষ্কৃত ক; সম্—সংস্কার ক; বি—বিকার। কৃতি[১], কারী[২], কর্ত্তা[৩],

কৃত[৪], কর্ত্তব্য[৫], কার্য্য[৬], করণীয়[৭], কৃত্রিম[৮], কর[৯], করি[১০], করী[১১], করীর[১২], কর্ম্ম[১৩], ক্রতু[১৪], করণ[১৫], করুণা[১৬], করুণ,[১৭], কর্ক[১৮], কারা[১৯], ক্রিয়া[২০], কারক[২১], ক্রিয়মাণ[২২], করিষ্যমাণ[২৩] কর্ম্মঠ[২৪], চিকির্ষা[২৫], করেণু[২৬], করণ্ড[২৭], করম্ব[২৮], কুক[২৯], কার্পাস[৩০]; কারু[৩১], করক[৩২], করঙ্ক[৩৩], প্রকৃতি[৩৪], বিকৃতি[৩৫], উপকৃতি[৩৬], প্রকার[৩৭], বিকার[৩৮], উপকার[৩৯], উপকৃত[৪০], উপ-কারক[৪১], আকৃতি[৪২], আকার[৪৩], আকর[৪৪], অধিকার[৪৫], অধি-কৃত[৪৬], অঙ্গীকার[৪৭], স্বীকার[৪৮], স্বীকৃত[৪৯], বিক্রিয়া[৫০], উপ-ক্রিয়া[৫১], উপচিকীর্ষা[৫২], প্রতিকারক[৫৩], অধিকারী[৫৪], উপ-কারী[৫৫], উপকর্ত্তা[৫৬], অধিকর্ত্তা[৫৭], নিরাকরিষ্ণু[৫৮], বিক্রিয়-মাণ[৫৯], নিরাকরণ[৬০], নিরাকৃত[৬১], অলঙ্করিষ্ণু[৬২], সংস্কৃত[৬৩], উপকর্ত্তব্য[৬৪], নিরাকৃতি[৬৫], সংস্কার[৬৬], প্রতিকার্য্য[৬৭], উপ-চিকীর্ষু[৬৮], প্রতিচিকীর্ষু[৬৯], কর্ম্মকারী[৭০], যশস্কর[৭১], কর্ম্মকর[৭২], ভয়ঙ্কর[৭৩], ক্ষেমঙ্কর[৭৪], শুভঙ্কর[৭৫], দুষ্কর[৭৬], সুকর[৭৭], প্রকরণ[৭৮], পুণ্যকৃৎ[৭৯], শঙ্কর[৮০], ভাস্কর[৮১]. ব্যাকরণ[৮২], কুম্ভকার[৮৩], মণিকার[৮৪], ঘটীকার[৮৫], উপস্কার[৮৬], পরিষ্কার[৮৭], উপস্কর[৭৮], খুৎকার[৮৯], নিকার[৯০], মকর[৯১], অগদঙ্কার[৯২], দিনকর[৯৩], নিশা-কর[৯৪], যকৃৎ[৯৫]।

ব্যুৎ. কৃ–তি, ভা[১]; + ইন, ক[২]; + তৃ, ক[৩]; + ত, র্ম্ম[৪]; + তব্য র্ম্ম[৫]; + য, র্ম্ম[৬]; + অনীয়, র্ম্ম[৭]; + ত্রিম[৮]; + অ, ভা[৯]; + ই[১০]; + ইন্, ক[১১]; + ঈর[১২]; + মন্[১৩]; + অতু[১৪]; + অন, ভা[১৫]; + উন, আ, ভা[১৬]; + উন[১৭]; + ক[১৮]; + অ, আ[১৯]; + য, আ, ভা[২০]; + অক, ক[২১]; + আন, র্ম্ম[২২]; + স্যমান[২৩]; + মন্–ঠ[২৪]; + স, আ, ভা[২৫]; + এণু[২৬]; + অণ্ড[২৭]; + অম্ব[২৮]; + ক, স্বার্থে[২৯]; + পাস[৩০]; + উ[৩১]; + অক[৩২]; +

অঙ্ক[৩৩]; প্র+তি, ভা[৩৪]; বি+তি, ভা[৩৫], উপ+তি, ভা[৩৬]; প্র+অ, ভা[৩৭]; বি+অ, ভা[৩৮]; উপ+অ, ভা[৩৯]; উপ+ত, র্ম্ম[৪০]; উপ+অক, ক[৪১]; আ+তি, ভা[৪২]; আ+অ[৪৩]; আ+অ[৪৪]; অধি+অ, ভা[৪৫]; অধি+ত, র্ম্ম[৪৬]; অঙ্গ+অ, ভা[৪৭]; স্ব+অ, ভা[৪৮]; স্ব+ত, র্ম্ম[৪৯]; বি+য, আ, ভা[৫০]; উপ+য, আ[৫১]; উপ+স, আ, ভা[৫২]; প্রতি+অক, ক[৫৩]; অধি+ইন্, ক[৫৪]; উপ+ইন্, ক[৫৫]; উপ+তৃ, ক[৫৬]; অধি+তৃ, ক[৫৭]; নির্—আ+ইষ্ণু[৫৮], বি+আন, র্ম্ম[৫৯]; নির—আ+অন, ভা[৬০]; নির্—আ+ত, র্ম্ম[৬১]; অলম্+ইষ্ণু[৬২]; সম্+ত, র্ম্ম[৬৩]; উপ+তব্য, র্ম্ম[৬৪]: নির্—আ+তি, ভা[৬৫]; সম্+অ, ভা[৬৬]; প্রতি+য, র্ম্ম[৬৭]; উপ+স, উ[৬৮]; প্রতি+স, উ[৬৯]; কর্ম্মন্+ইন্, ক[৭০]; যশস্+অ, র্ম্ম, ভা[৭১]; কর্ম্মন্+অ, ভা[৭২]; ভয়ম্+অ, ভা[৭৩]; ক্ষেমম্+অ, ভা[৭৪]; শুভম্+অ, ভা[৭৫], দুর্+অ, ভা[৭৬]; সু+অ, ভা[৭৭]; প্র+অন, ভা[৭৮] পুণ্য+০[৭৯]; শম্+অ, ক[৮০]; ভাস্+অ[৮১]; বি—আ+অন[৮২]; কুম্ভ+অ[৮৩]; মণি+অ[৮৪]; ঘটী+অ[৮৫]; উপ+অ[৮৬]; পরি+অ, ভা[৮৭]; উপ+অ[৮৮]; খুৎ+অ[৮৯]; নি+অ[৯০]; য+অ[৯১]; অগদম্+অ[৯২]; দিন+অ[৯৩]; নিশা+অ[৯৪]; য+০[৯৫]।

(১৭৭) ক্রুড্—অক। ঘন হ। (তুদা, প। ক্রুড়তি)। ক্রুড়িতা[১], ক্রুড়িত[২],।

ব্যুৎ. ক্রুড়্—তৃ, ক[১]; +ত, র্ম্ম[২]।

(১৭৮) কৃৎ—সক। বেষ্টন ক। (রুধা, প। কৃণত্তি)। সক, ছেদ ক। (তুদা, মুচা, প। কৃন্ততি)। কৃত্ত[১], কর্ত্তন[২], কৃন্তন[৩], কৃৎস্ন[৪], কর্ত্তনী[৫], কর্ত্তরী[৬], কর্ত্তরিকা[৭], কৃচ্ছ্র[৮], কৃত্তিকা[৯],

কৃত্তি[১০], কৃতক[১১], কৃত্য[১২], কৃত্তিকাসুত[১৩], কৃত্তিবাসস্[১৪], উৎকৃত্ত[১৫], নিকৃত্ত[১৬], নিকৃতি[১৭]।

ব্যুৎ. কৃৎ—ত, র্ম্ম[১],+অন, ভা[২];+অন, ভা[৩];+স্ন[৪];+অন-ঈ[৫];+অর-ঈ[৬];+অ-রিকা[৭];+*র;+অ, ক, আ[৯];+তি, ভা[১০];+অক[১১];+য, র্ম্ম[১২];+তি ক, আ-সুত[১৩];+তি, বাসস্[১৪]; উৎ+ত, র্ম্ম[১৫]; নি+ত, র্ম্ম[১৬]; নি+†তি[১৭]।

(১৭৯) কৃপ্—সক। মিশ্রিত ক, চিত্র ক, কল্পনা ক। অক, যোগ্য হ। (চুরা-বি, প। কল্পয়তি, কল্পতি)। অক, সমর্থ হ, যোগ্য হ। (ভ্বা, আ। কল্পতে)। কৃপণ[১], কৃপাণ[২], কৃপা[৩], কল্পন[৪], কল্পনা[৫], কল্পিত[৬], কৃপ[৭], কৃপী[৮], কৃপালু[৯], কৃপীট[১০] কৢপ্ত[১১], কল্প[১২], কল্পক[১৩], কর্পট[১৪], কর্পটি[১৫], কর্পটিকা[১৬], কর্পূর[১৭], কৃপীটযোনি[১৮], পরিকল্পিত[১৯], সঙ্কল্প[২০] সঙ্কল্পিত[২১]।

ব্যুৎ,কৃপ্—অন,র্ম্ম[১];+আন[২];+অ, আ[৩];+অন,ভা[৪];+অন, আ, ভা[৫];+ত, র্ম্ম[৬],+অ[৭];+ইন্,ক, কিম্বা-ঈ-স্ত্রী[৮];+আলু[৯];+ঈট[১০];+ত,র্ম্ম[১১];+অ,ভা[১২];+অক, ক[১৩];+অট[১৪]+অটি[১৫];+অট-ক, আ[১৬];+ঊর[১৭];+ঈট-যোনি[১৮];+পরি+ত, র্ম্ম[১৯]; সম্+অ[১৯];+ত, র্ম্ম[২০]।

(১৮০) কৃন্ব্—সক। করা,বধ ক। (স্বা, প। কৃণোতি)। কৃণ্বন[১], কৃণ্বিত[১]।

ব্যুৎ. কৃন্ব্—অন, ভা[১];+ত, র্ম্ম[১]।

(১৮১) কৃশ্—অক। কৃশ হ। সক,ক্ষীণ ক (দিবা,প। কৃশ্যতি)। কৃশ[১], কৃশানু[২], কৃশাঙ্গী[৩], কৃশানুরেতস্[৪]।

---

* ছ—আগম। † ৎ—লোপ।

ব্যুৎ. কৃশ্—অ. ভা[১];+আনু[২];+ত,—অঙ্গী[৩];+আনু-রেতস্[৪]।

(১৮২) কৃষ্—সক। আকর্ষণ ক, মাটি চষা। (ভ্বা,প। কর্ষতি)। সক। চষা। (তুদা, উভ। কৃষতি-তে)। কর্ষণ[১], কৃষ্ট[২], কৃষি[৩], কৃষক[৪], কৃষর[৫], কৃষ্ণ[৬], কৃষ্ণিকা[৭], কৃষ্য[৮], কর্ষু[৯], কৃষিজীবী[১০], কৃষীবল[১১], কৃষ্টপচ্য[১২], কৃষ্ণকলি[১৩], কৃষ্ণসার[১৪], কৃষ্ণেক্ষু[১৫] কৃষ্টি[১৬], অপকর্ষ[১৭], সন্নিকর্ষ[১৮], প্রকর্ষ[১৯], উৎকর্ষ[২০], আকর্ষণ[২১], আকৃষ্ট[২২], আকর্ষিত[২৩], সমাকৃষ্ট[২৪], সমাকর্ষণ[২৫], অপকৃষ্ট[২৬]; নিষ্কৃষ্ট[২৭], সঙ্কর্ষণ[২৮], নিষ্কর্ষ[২৯], সন্নিকৃষ্ট[৩০]।

ব্যুৎ. কৃষ্—অন, ভা[১],+ত, র্ম্ম[২];+ই[৩];+অক, ক[৪];+অর[৫];+ন[৬];+ন-ক-আ-স্ত্রীং[৭];+য, র্ম্ম[৮];+উ[৯]; +ই-জীবী[১০];+ই-বল[১১] +ত, র্ম্ম-পচ্য[১২];+ন-কলি[১৩];+ ন-সার[১৪];+ ন-ঈক্ষু[১৫];+তি, ভা[১৬]; অপ+অ[১৭]; সম্-নি+অ ভা[১৮]; প্র+অ, ভা[১৯]; উৎ+অ, ভা[২০]; আ+অন, ভা[২১]; আ+ত, র্ম্ম[২২]; আ+ত র্ম্ম[২৩]; সম্-আ+ত, র্ম্ম[২৪]; সম্-আ+অন, ভা[২৫]; অপ+ত, র্ম্ম[২৬]; নির্+ত, র্ম্ম[২৭]; সম্+অন, ভা[২৮]; নির্+অ[২৯]; সম্-নি+ত, র্ম্ম[৩০]।

(১৮৩) কৄ—সক। বধ ক। (ক্র্যা-পূ[১], উভ। কৃণাতি, কৃণীতে। তুদা, প। কিরতি)। সম্-প্র-পূর্ব্ব, মিশ্রণ; আ-ব্যাপন। কীর্ণ[১], কির[২], কিরণ[৩], কিরি[৪], কারা[৫], করিতা[৬], করীতা[৭], কিরাট[৮], কিরাত[৯], কিরীটী[১০], কির্ম্মীর[১১], আকীর্ণ[১২], অবকর[১৩]; বিকীর্ণ[১৪], সঙ্কীর্ণ[১৫]; প্রকীর্ণক[১৬]; বিকীরণ[১৭]; বিকির[১৮], অবস্কর[১৯], উৎকির[২০], উৎকার[২১], উৎকীর্ণ[২২], নিকর[২৩], বিষ্কির[২৪], সমুৎকীর্ণ[২৫]।

ব্যুৎ. কৄ—ত, র্ম্ম[১];+অ[২];+অন[৩];+ই[৪];+আ, আ, ভ[৫];+তৃ, ক[৬];+তৃ, ক[৭];+ঈট[৮];+আত[৯],+ঈটী[১০];+মীর[১১]; আ+ত, র্ম্ম[১২];

অব+অ[১৩]; বি+ত, র্ম্ম[১৪]; সম্+ত, র্ম্ম[১৫]; প্র+ত, ক-যোগ[১৬]; বি+অন[১৭]; বি+অ[১৮]; অব+*অ[১৯]; উৎ+অ[২০]; উৎ+অ[২১]; উৎ+ত, র্ম্ম[২২]; নি+অ[২৩]; বি+*অ[২৪]; সম্-উৎ+ত, র্ম্ম[২৪]।

(১৮৪) কৄৎ—সক। কীর্ত্তন ক। (চুরা,প। কীর্ত্তয়তি)। কীর্ত্তন[১], কীর্ত্তিত[২], কীর্ত্তনা[৩], কীর্ত্তি[৪], কীর্ত্তক[৫], কীর্ত্তনীয়[৬], সঙ্কীর্ত্তন[৭]।

ব্যুৎ. কৄৎ—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+অন, আ, ভা,[৩];+তি, ভা[৪];+অক, ক[৫];+অনীয়, র্ম্ম[৬]; সম্+অন, ভা[৭]।

(১৮৫) কেত—সক। মন্ত্রণা ক, নিমন্ত্রণ ক। অক, সময় কথন (চুরা, প। কেতয়তি)। কেতন[১], কেতক[২], কেতিত[৩], সঙ্কেত[৪]

ব্যুৎ. কেত—অন[১],+অক, ক[২];+ত,র্ম্ম[৩]; সম্[৪];+অ।

(১৮৬) কেল্—অক। কম্পন। সক, গমন ক। (ভ্বা, প। কেলতি) কেলন[১], কেলিত[২], কেলি[৩]।

ব্যুৎ. কেল্—অন, ভ[১];+ত, র্ম্ম[২];+ই[৩]।

(১৮৭) কেব্—সক। সেবা ক (ভ্বা, আ। কেবতে)। কেবন[১], কেবিত[২], কেবল[৩], কেবিকা[৪]।

ব্যুৎ. কেব্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+অল[৩]; অক, আ[৪]।

(১৮৮) কৈ—সক। শব্দ ক। (ভ্বা, প। কায়তি)। কাত[১], কাক[২], কিঙ্কু[৩], উর্ম্মিকা[৪], ডঙ্কা[৫], ঢক্কা[৬], পিক[৭], পিকী[৮]।

ব্যুৎ. কৈ—ত, র্ম্ম[১];+অক[২];+ইঙ্কু[৩]; উর্ম্মি+অ, আ[৪],ডম্+অ, আ[৫]; ঢক্+অ, আ[৬]; পি+অ[৭]; পি+অ, ঈ[৮]।

(১৮৯) ক্নথ্—সক। বধ ক (ভ্বা, প। ক্নথতি)। ক্নথন[১], ক্নথিত[২]।

ব্যুৎ. ক্নথ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(১৯০) ক্রথ্—সক। বধ ক (চুরা—বি,প। ক্রাথয়তি, ক্রথয়তি)

---

* স্—আগম।

সক। হৃষ্ট ক (চুরা, প। ক্রাথয়তি)। সক। বধক (ভ্বা, প ক্রথতি)। ক্রাথয়িতা[১], ক্রথিতা[২], ক্রাথন[৩], ক্রাথিত[৪], ক্রথন[৫], ক্রথিত[৬], ক্রাথনীয়,[৭] ক্রথনীয়[৮], ক্রথিতব্য,[৯], ক্রাথিতব্য[১০], ক্রথনক[১১]।

ব্যুৎ° ক্রথ্–তৃ, ক[১];+তৃ, ক[২];+অন, ভা[৩];+ত, র্ম্ম[৪],+অন, ভা[৫];+ত, র্ম্ম[৬];+অনীয়, র্ম্ম[৭]:+অনীয়, র্ম্ম[৮];+তব্য, র্ম্ম[৯]; +তব্য, র্ম্ম[১০];+অক, ক[১১]।

(১৯১) ক্রদ্—অক। ব্যাকুল হ, বিকল হ (ভ্বা, আ। ক্রদতে) ক্রদ[১], ক্রদা[২], ক্রদন[৩]।

ব্যু. ক্রদ্–অ, ভা[১];+অ, আ, ভা[২];+অন, ভা[৩]।

(১৯২) ক্রন্দ্—অক। ক্রন্দন ক, ব্যাকুল হ, বিকল হ। সক, আহ্বান ক (ভ্বা, প। ক্রন্দতি, ক্রন্দতে)। আ-পূর্ব্ব, আর্ত্ত-নাদ ক, রোদন ক, তুমুল যুদ্ধ ক, নিরন্তর শব্দ ক। ক্রন্দন[১], ক্রন্দিত[২], ক্রন্দনীয়[৩], ক্রন্দক[৪], ক্রন্দিতব্য[৫], আক্রন্দন[৬], আক্রন্দিত[৭], আক্রন্দনীয়[৮]।

ব্যুৎ. ক্রন্দ্–অন, ভা[১];+ত, র্ম, ভা[২];+অনীয়, ভা, র্ম্ম[৩]; +অক, ক[৪];+তব্য, র্ম্ম, ভা[৫]; আ+অন, ভা[৬]; আ+ত, র্ম্ম[৭]; আ+অনীয়, র্ম্ম[৮]।

(১৯৩) ক্রপ্—অক। দয়া ক,(ভ্বা,আ। ক্রপতে)। কৃপা[১], কৃপালু[২], ব্যু. ক্রপ্*–অ, আ, ভা[১];+আলু, শীলার্থে[২]।

(১৯৪) ক্রম্—অক। গমন ক,পাদক্ষেপ ক, উৎপতন হ (দিবা, প। ক্রম্যতি, ক্রাম্যতি)। সক, গমন ক (ভ্বা প। ক্রামতি)। অতি-পূর্ব্ব, অতিক্রম ক, উল্লঙ্ঘন ক; বি-অতি, ব্যতিক্রম

* ক্রপ্=কৃপ।

হ; অনু–অনুক্রম ক, অনুসরণ হ; অপ–অপসরণ হ; আ–আক্রমণ ক, (জ্যোতিরূর্দ্ধ–গমন হ; আত্মনে পদী হইলে যথা আক্রমতে রবিঃ) উৎ–উদ্গমন, ব্যতিক্রম, অতি-ক্রম ক; উপ—প্র–আরম্ভ ক; নির্—নির্গমন, নিষ্ক্রম হ; বি—উৎ–ক্রমবিপর্য্যয় হ, অতিক্রম; পরা–পরাক্রম ক; পরি—পরিক্রম ক; বি–বিক্রম ক; সম্–সংক্রমণ, প্রবেশ, প্রাপ্তি হ। ক্রম[১], ক্রান্ত[২], ক্রামক[৩], ক্রমশঃ[৪],, ক্রমুকী[৫], ক্রমি[৬], ক্রমু[৭], ক্রমুক[৮], ক্রমেল[৯], কৃমি[১০], ক্রিমি[১১], ক্রমিজ[১২], নক্র[১৩], চংক্রমণ,[১৪], ক্রমণ[১৫]; আক্রমণ[১৬], অতিক্রম[১৭], অতিক্রান্ত[১৮], আক্রান্ত[১৯], ব্যতিক্রম[২০] অনুক্রম[২১], অনুক্রমণিকা[২২], অপক্রান্ত[২৩], উৎক্রমণ[২৪], উপক্রম[২৫], উপক্রমণিকা[২৬], প্রক্রম[২৭], নিষ্ক্রান্ত[২৮], ব্যুৎক্রম[২৯], পরাক্রান্ত[৩০], পরিক্রান্ত[৩১], বিক্রান্ত[৩২], সংক্রান্ত[৩৩], সংক্রমণ[৩৪],সংক্রান্তি[৩৫], আক্রামক[৩৬], আক্রমী[৩৭], বিক্রমী[৩৮], বিক্রম[৩৯]।

ব্যুৎ ক্রম্–অ, ভা[১];+ত, র্ম্ম, ভা[২];+অক, ক[৩];+৭মী-স্থানে, শস্[৪];+উক, ঈ[৫];+ই[৬];+উ[৭];+উক[৮],+এল[৯];+ই[১০];+ই[১১];+ইজ[১২]; ন+অ[১৩];+যঙলুগন্ত, অন, ভা[১৪];+অন, ভা[১৫]; আ+অন, ভা[১৬]; অতি+অ, ভা[১৭]; অতি+ত, র্ম্ম[১৮]; আ+ত, র্ম্ম[১৯]; বি, অতি+অ, ভা[২০]; আ+অন, ভা[১৬]; অতি+অ, ভা[১৭]; অতি+ত, র্ম্ম[১৮]; আ+ত, র্ম্ম[১৯]; বি, অতি+অ, ভা[২০]; অনু+অ, ভা[২১]; অনু+অন, ক, আ[২২]: অপ+ত,র্ম্ম[২৩]; উৎ+অন, ভা[২৪]; উপ+অ,ভা[২৫]; উপ+অন, ক,আ[২৬]; প্র+অ,ভা[২৭];নির্+ত, র্ম্ম[২৮]; বি—উৎ+অ, ভা[২৯]; পরা+ত,র্ম্ম[৩০]; পরি+ত,র্ম্ম[৩১]; বি+ত,র্ম্ম[৩২]; সম্+ত, র্ম্ম[৩৩]; সম্+অন, ভা[৩৪]; সম+তি[৩৫];

আ+অক, ক[৩৬]; আ+ইন, ক[৩৭]; বি+ইন্, ক[৩৮]; বি+অ,ভা[৩৯]।

(১৯৫) ক্রী—সক। ক্রয় ক,দ্রব্য বিনিময় ক (ক্র্যা, উভ। ক্রীণাতি ক্রীণীতে)। বি-পূর্ব্ব, বিক্রয় ক। ক্রয়[১], ক্রীত[২], ক্রয়ণীয়[৩], ক্রেতব্য[৪], ক্রেতা[৫], ক্রীত্রিম[৬],ক্রয়ী[৭] ক্রায়ক[৮], ক্রয়িক[৯], ক্রেয়[১০] ক্রয্য[১১], বিক্রয়[১২], বিক্রেতা[১৩], বিক্রীত[১৪], অক্রেয়[১৫]।

ব্যুৎ. ক্রী–অ, ভা[১];+ত, র্ম্ম[২];+অনীয়, র্ম্ম[৩];+তব্য, র্ম্ম[৪];+তৃ, ক[৫];+ত্রিম[৬];+ইন্, ক[৭];+অক, ক[৮];+অক[৯];+য, র্ম্ম[১০];+ য, র্ম্ম[১১];বি+অ,ভা[১২]; বি+তৃ, ক[১৩];বি+ত র্ম্ম[১৪]; ন+অ, ভা[১৫]।

(১৯৬) ক্রীড়্—অক। খেলা ক (ভ্বা, প। ক্রীড়তি, অনু–আ–সম্-পূর্ব্ব, আত্মনে পদ, আক্রীড়তে)। ক্রীড়া[১], ক্রীড়িত[২], ক্রীড়িতব্য[৩], ক্রীড়নীয়[৪],আক্রীড়[৫], আক্রীড়মান[৬],পরিক্রীড়-মান[৭], সংক্রীড়া[৮]।

ব্যুৎ. ক্রীড়্–অ, আ, ভা[১],+ত, ভা[২];+তব্য, ভা[৩];+অনীয় ভা[৪]; আ+অ, ভা[৫]; আ+আন, ক[৬]; পরি+আন, ক[৭]; সম্+অ, আ, ভা[৮]।

(১৯৭) ক্রুঞ্চ্—সক। গমন ক, বক্র ক। অক,বক্র হ, অনাদৃত হ (ভ্বা, প। ক্রুঞ্চতি)। ক্রুঞ্চন[১],ক্রুচিত[২],ক্রুঞ্চ্[৩],ক্রুঞ্চ[৪], ক্রুঙ্[৫], ক্রৌঞ্চ[৬], ক্রৌঞ্চদারক[৭], ক্রৌঞ্চাদন[৮],।

ব্যুৎ. ক্রুঞ্চ্–অন, ভা[১];+* ত, র্ম্ম[২];+০[৩];+অ, ভা[৪];+০[৫];+† অ[৬];+† অ–দারক[৭];+† অ–অদন[৮]।

(১৯৮) ক্রুড়্—অক। নিমজ্জন হ,বালা হ,(দিবা,প। ক্রুড্যতি)। ক্রোড়[১], ক্রোড়াঙিঘ্র[২]।

ব্যুৎ. ক্রুড়্—অ, ভা[১],+অ–অঙিঘ্র[২]।

---

* ন—লোপ। † ক্রু=ক্রো।

(১৯৯) ক্রুধ্—অক। ক্রোধ ক, রোধ ক (দিবা, প। ক্রুধ্যতি) ক্রোধ[১], ক্রোধন[২], ক্রোধনা[৩], ক্রুদ্ধ[৪], ক্রোধী[৫], ক্রোদ্ধব্য[৬], ক্রোধনীয়[৭], ক্রোধজ[৮]।

ব্যুৎ. ক্রুধ্—অ, ভা[১]; +অন, ভা[২]; +অন, আ, ভা[৩]; +ত, র্ম্ম[৪]; +ইন্, ক[৫]; +তব্য[৬]; +অনীয়, ভা[৭]; + অ,—জ[৮]।

(২০০) ক্রুন্থ্—অক। ক্লিষ্ট ক, শ্লিষ্ট ক (ক্র্যা, প। ক্রুথ্নাতি)। ক্রুন্থন[১], ক্রুথিত[২],।

ব্যুৎ. ক্রুন্থ্—অন, ভা[১]; + * ত, ভা[২]।

(২০১) ক্রুশ্—অক। রোদন ক, চীৎকার ক। অক, আহ্বান ক (ভ্বা, প। ক্রোশতি)। আ—পূর্ব্ব, ভৎর্সনা ক, উৎ-প্র, বি—পূর্ব্ব, চীৎকার ক, আক্রন্দন ক। ক্রোশ[১], ক্রুষ্ট[২], ক্রোশন[৩], ক্রোষ্টব্য[৪], ক্রোশনীয়[৫], ক্রোষ্টু[৬], ক্রোষ্ট্রী[৭], ক্রোষ্টা[৮], ক্রোশক[৯], ক্রোষ্টুকপুচ্ছিকা[১০], আক্রুষ্ট[১১], অপক্রোশ[১২], উৎক্রোশ[১৩], প্রক্রোশ[১৪], বিক্রোশ[১৫], আক্রোশী[১৬], আক্রোশক[১৭]।

ব্যুৎ. ক্রুশ্—অ, ভা[১]; +ত, র্ম্ম[২]; +অন, ভা[৩]; +তব্য, ভা[৪]; +অনীয়, ভা[৫]; +তু[৬]; +তৃ-ঈ[৭], +তৃ, ক[৮]; +অক, ক[৯]; +তুক-পুচ্ছিকা[১০]; আ+ত, র্ম্ম[১১]; অপ+অ, ভা[১২]; উৎ+অ, ভা[১৩]; প্র+অ, ভা[১৪], বি+অ, ভা[১৫]; আ+ইন্, ক[১৬]; আ+অক, ক[১৭]।

(২০২) ক্লথ্—সক। বধ ক (ভ্বা, প। ক্লথয়তি)। ক্লথিত[১], ক্লথন[২], ক্লথক[৩], ক্লথয়িতা[৪],।

ব্যুৎ. ক্লথ্—ত, র্ম্ম[১], +অন, ভা[২], +অক, ক[৩]; +তৃ, ক[৪]।

(২০৩) ক্লদ্—অক। কাতর হ, বিকল হ (ভ্বা, আ। ক্লদতে)। ক্লদন[১], ক্লদা[২]।

---

* ন—লোপ।

ব্যুৎ. ক্লদ্–অন, ভা[১];+অ, আ, ভা[২]।

(২০৪) ক্লম্—অক। ক্লান্ত হ (দিবা–শমা–ত্বা, প। ক্লম্যতি, ক্লাম্যতি, ক্লামতি)। ক্লান্ত[১], ক্লান্তি[২], ক্লম[৩], ক্লমথ[৪], আ-ক্লান্ত[৫], বিক্লান্ত[৬]।

ব্যুৎ. ক্লম্–ত, ভা[১];+তি, ভা[২];+অ, ভা[৩];+অথ[৪]; আ+ত, ভা[৫]; বি+ত ভা[৬]।

(২০৫) ক্লব্—অক। ভীত হ (ভ্বা, আ। ক্লবতে, ঘটাদি, ক্লবয়তি)। ক্লবন[১], ক্রব্য[২], বিক্লব[৩],।

ব্যুৎ. ক্লব্–অন, ভা[১];+*য[২]; বি+অ, ভা[৩]।

(২০৬) ক্লিদ্—অক। কিন্ন, আর্দ্রীভাব হ (দিবা, প। ক্লিদ্যতি) ক্লেদন[১], ক্লিন্ন[২], ক্লেদ[৩]।

ব্যুৎ. ক্লিদ্–অন, ভা[১];+ত, ভা[২];+অ, ভা[৩]।

(২০৭) ক্লিন্দ্—অক। রোদন ক। সক, শোকাস্পদ ক। (ভ্বা, উভ। ক্লিন্দতি-তে)। ক্লিন্দন[১], ক্লিন্দিত[২], ক্লিন্দিতা[৩]।

ব্যুৎ. ক্লিন্দ্–অন, ভা[১];+ত, ভা[২];+তৃ, ক[৩]।

(২০৮) ক্লিশ্—অক। ক্লেশ পা (দিবা, আ। ক্লিশ্যতি)। সক, পীড়ন ক (ক্র্যা, প। ক্লিশ্নাতি)। ক্লিশিত[১], ক্লিশ[২], ক্লেশ[৩], ক্লেশিতা[৪], ক্লিষ্ট[৫], ক্লেশন[৬]। [র্ম[৫];+অন, ভা[৬]।

ব্যুৎ. ক্লিশ্–ত, ভা[১];+অ, ভা[২];+অ, ভা[৩];+তৃ, ক[৪];+ত,

(২০৯) ক্লীব্—অক। মদ হ, অপ্রগল্‌ভ হ (ভ্বা, আ। ক্লীবতে)। ক্লীতক[১], ক্লীত[২], ক্লীব[৩], ক্লৈব্য[৪], ক্লীতকিকা[৫],।

ব্যুৎ. ক্লীব্‌–† ত, ক–যোগ[১];+‡ত, ভা[২];+অ, ভা[৩];+অ, য–ভাবে[৪];+ ‡ যোগ, ক–আ[৫]।

* ক্লব্=ক্রব্। † ব—লোপ। ‡ ক=ইক।

(২১০) ক্লু—সক। গমন ক (ভ্বা, আ। ক্লবতে)। ক্লোমন্[১], ক্লুত[২], ক্লবিত[৩], ক্লবিতা[৪]।

ব্যুৎ. ক্লু—মন্[১];+ত, র্ম্ম[২];+ত, র্ম্ম[৩];+তৃ, ক[৪]।

(২১১) ক্লেশ্—সক। বধ ক। অক, উপতাপ হ (ভ্বা, আ। ক্লেশতে)। ক্লেশন[১], ক্লেশিত[২]।

ব্যুৎ. ক্লেশ্—অন, ভা[১],+ত, র্ম্ম[২]।

(২১২) ক্বণ্—অক। শব্দ ক (ভ্বা, প। ক্বণতি)। ক্বণিত[১], ক্বণন[২], ক্বণিতব্য[৩], কুণপ[৪], নিক্বণ[৫], নিক্বাণ[৬], প্রক্বণ[৭], প্রক্বাণ[৮]।

ব্যুৎ. ক্বণ্—ত, ভা[১];+অন, ভা[২];+তব্য, ভা[৩];+*অপ[৪];নি+অ, ভা[৫]; নি+অ, ভা[৬], প্র+অ, ভা[৭]; প্র+অ, ভা[৮]।

(২১৩) ক্বথ্—সক। নিষ্পচন ক, কাওয়ান (ভ্বা, প। ক্বথতি। ক্বাথ[১], ক্বথিত[২], ক্বাথোদ্ভব[৩], ক্বথনীয়[৪], ক্বথক[৫], ক্বথিতা[৬]।
ব্যুৎ. ক্বথ্—অ, ভা[১],+ত, র্ম্ম[২];+অ—উদ্ভব[৩];+অনীয়, র্ম্ম[৪]; অক, ক[৫];+তৃ, ক[৬]।

(২১৪) ক্বেল্—অক। কম্পন। সক, গমন ক (ভ্বা, প। ক্বেলতি)। ক্বেলন[১], ক্বেলিত[২],।

ব্যুৎ. ক্বেল্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

ক্ষ

(২১৫) ক্ষজ্—সক। দান ক, গমন ক (ভ্বা, আ। ক্ষজতে)। ক্ষজা[১], ক্ষজিত[২];।

ব্যুৎ.—ক্ষজ—অ, আ, ভা[১];+ত, র্ম্ম[২]।

(২১৬) ক্ষন্জ্—অক। কষ্টে কালক্ষেপ ক। (চুরা, প। ক্ষঞ্জ-

* ক্ব=কু।

য়তি)। সক, গমন ক দান ক, (ভ্বা, আ। ক্ষঞ্জতে-ক্ষ-ঞ্জ্যাতে)। ক্ষঞ্জিত[১], ক্ষঞ্জয়িতা[২]।

ব্যুৎ. ক্ষন্‌জ্‌-ত, ভা[১];+তৃ, ক[২]।

(২১৭) ক্ষণ্‌ (ন) সক। বধ ক (তনা, উভ। ক্ষণোতি ক্ষণুতে)। ক্ষত[১], ক্ষতি[২], ক্ষৎ[৩], ক্ষত্র[৪], ক্ষত্রিয়[৫], ক্ষণিতব্য[৬], ক্ষণ[৭]।

ব্যুৎ. ক্ষণ-ত, র্ম্ম[১];+তি, ভা, র্ম্ম[২];+০[৩];+০-ত্র[৪];+০-ত্রিয়[৫]; +তব্য, র্ম্ম[৬];+অ, ভা[৭];।

(২১৮) ক্ষদ্‌—(সৌত্রধাতু) সক। আচ্ছাদন ক (ভ্বা, প। ক্ষদতি)। ক্ষদিত[১], ক্ষত্তা[২]।

ব্যুৎ. ক্ষদ্‌-ত, র্ম্ম[১];+তৃ, ক[২]।

(২১৯) ক্ষপ্‌-সক। প্রেরণ ক (চুরা, প। ক্ষপয়তি)। ক্ষপণ[১], ক্ষপণক[২], ক্ষপয়িতা[৩], ক্ষপিত[৪]।

ব্যুৎ. ক্ষপ্‌-অন, ভা[১];+অন, ক-যোগ[২];+ তৃ, ক[৩];+ত, র্ম্ম[৪]।

(২২০) ক্ষন্‌প্‌—সক। ক্ষমা ক (চুরা, প। ক্ষম্পয়তি)। ক্ষ-ম্পিত[১], ক্ষম্পন[২]।

ব্যুৎ. ক্ষন্‌প্‌-ত, র্ম্ম[১];+অন, ভা[২]।

(২২১) ক্ষম্‌—সক। ক্ষমা ক, সহ্য ক (দিবা-শমা, প। ক্ষাম্যতি)। সক, ক্ষমা ক, সহ্য ক, (ভ্বা, আ। ক্ষমতে)। ক্ষান্ত[১], ক্ষান্তি[২], ক্ষমা[৩], ক্ষমী[৪], ক্ষমা[৫]।

ব্যুৎ. ক্ষম্‌-ত, র্ম্ম[১];+তি, ভা[২];+অ, আ[৩];+ইন্‌, ক[৪];+অ, আ-স্ত্রীং[৫]।

(২২২) ক্ষর্‌—অক। ক্ষরণ, সঞ্চলন হ (ভ্বা, প। ক্ষরতি)। ক্ষরণ[১], ক্ষরিত[২], ক্ষার[৩]।

ব্যুৎ. ক্ষর্‌-অন, ভা[১];+ত, ভা[২];+অ[৩]।

(২২৩) ক্ষল্—অক। চঞ্চল হ। সক, চয়ন ক (ভ্বা, প। ক্ষলতি)। সক, পবিত্র ক, ধৌত ক (চুরা, প। ক্ষালয়তি)। ক্ষলিত[১], ক্ষালন[২], ক্ষাল[৩], ক্ষালন[৪], ক্ষালিত[৫], প্রক্ষালন[৬], প্রক্ষালিত[৭]।

ব্যুৎ. ক্ষল্—ত[১];+অন, ভা[২];+অ, ভা[৩];+অন, ভা[৪],+ত, র্ম্ম[৫]; প্র+অন, ভা[৬]; প্র+ত, র্ম্ম[৭]।

(২২৪) ক্ষি—অক। ক্ষীণ হ, প্রভুত্ব ক। সক, ক্ষয়পাওয়ান (ভ্বা, প। ক্ষয়তি)। অক, বাস ক। সক, গমন ক (তুদা, প। ক্ষিয়তি)। ক্ষীণ[১], ক্ষিত[২], ক্ষয়[৩], ক্ষেত্র[৪], ক্ষেত্রজ[৫], ক্ষেত্রজ্ঞ[৬], ক্ষিতি[৭], ক্ষেম[৮]।

ব্যুৎ. ক্ষি—ত, ভা[১];+ত, র্ম্ম[২];+অ, ভা[৩];+ত্র[৪];+ত্র—জ[৫];+ত্র—জ্ঞ[৬];+তি[৭];+ম—সংজ্ঞার্থে[৮]।

(২২৫) ক্ষিণ্ (ন)। সক, বধ ক (তনা, উভ। ক্ষিণোতি, ক্ষিণুতে)। ক্ষিত[১], ক্ষেণিতা[২]।

ব্যুৎ. ক্ষিণ্—ত, র্ম্ম[১];+তৃ, ক[২]।

(২২৬) ক্ষিপ্—সক। ক্ষেপণ ক। (তুদা, উভ। ক্ষিপতি—তে)। ক্ষেপণ ক, প্রেরণ ক (দিবা, প। ক্ষিপ্যতি)। অধি, আ—পূর্ব্ব, ভৎর্সনা ক; উৎ—ঊর্দ্ধে ক্ষেপণ ক; নি—নিক্ষেপ ক, গছান, অর্পণ ক; সম্—সংক্ষেপ ক; অব—নিন্দা ক; পরি—বেষ্টন ক; প্র, বি—বিক্ষেপ ক। ক্ষেপ[১], ক্ষিপ্ত[২], ক্ষেপণ[৩], ক্ষেপ্তা[৪], ক্ষেপক[৫], ক্ষেপ্তব্য[৬], ক্ষেপনীয়[৭], ক্ষেপ্য[৮], ক্ষিপ্র[৯], আক্ষেপ[১০]; অধিক্ষেপ[১১], উৎক্ষেপণ[১২], নিক্ষেপ[১৩] সংক্ষেপ[১৪], অবক্ষেপণ[১৫], পরিক্ষিপ্ত[১৬], পরিক্ষেপ[১৭], প্রক্ষেপ[১৮], প্রক্ষিপ্ত[১৯]।

ব্যুৎ. ক্ষিপ্‌-অ, ভা[১]; +ত, র্ম্ম[২]; +অন, ভা[৩]; +তৃ, ক[৪]; +অক, ক[৫]; +তব্য-র্ম্ম[৬]; +অনীয়, র্ম্ম[৭]; +য, র্ম্ম[৮]; +র[৯]; আ+অ, ভা[১০]; অধি+অ[১১]; উৎ+অন, ভা[১২]; নি+অ, ভা[১৩]; সম্‌+অ, ভা[১৪]; অব+অন, ভা[১৫]; পরি+ত, র্ম্ম[১৬]; পরি+অ, ভা[১৭]; প্র+অ, ভা[১৮]; প্র+ত, র্ম্ম[১৯]।

খ

(২২৭) খচ্‌—অক। বিভূতিশালী হ, পবিত্র হ, উদ্ভূত হইয়া পুনরুদ্ভূত হ, (ক্র্যা, প। খচ্নাতি)। খচিত[১], খচন[২], খচিতব্য[৩], খচনীয়[৪]।

ব্যুৎ. খচ্‌—ত, ভা[১]; +অন, ভা[২]; +তব্য ভা[৩]; অনীয়, ভা[৪]।

(২২৮) খজ্‌—সক। বিলোড়ন ক, মন্থন ক, পীড়ন ক, বধ ক (ভ্বা প। খজতি)। খজিত[১], খজন[২], খজনীয়[৩], খজাকা[৪]।

ব্যুৎ. খর্জ্‌-ত, র্ম্ম[১]; +অন, ভা[২]; +অনীয়, র্ম্ম[৩]; +আক, আ-স্ত্রীং[৪]।

(২২৯) খট্‌—সক। আকাঙ্ক্ষা ক (ভ্বা, প। খটতি)। খটিত[১], খটন[২], খাট[৩]।

ব্যুৎ. খট্‌—ত, র্ম্ম[১]; +অন, ভা[২]; +অ[৩]।

(২৩০) খট্ট—সক। আচ্ছাদন ক (চুরা, প। খট্টয়তি)। খট্টা[১], খট্ট[২], খট্টন[৩], খট্টি[৪]।

ব্যুৎ. খট্ট-অ, আ-স্ত্রীং[১]; +অ[২]; +অন, ভা[৩]; +ই[৪]।

(২৩১) খড়্‌—সক। ভেদ ক (চুরা, প। খাড়য়তি)। খড়[১], খাড়ন[২], খাড়য়িতা[৩]; খড়্গ[৪]।

ব্যুৎ. খড়্‌—অ[১]; +অন, ভা[২]; +তৃ, ক[৩]; +গ, সংজ্ঞার্থে[৪]।

(২৩২) খদ্‌—অক। স্থির হ। সক, হিংসা ক, ভোজন ক (ভ্বা, প। খদতি)। খদিত[১], খদন[২], খদির[৩]।

ব্যুৎ. খদ্—ত, র্ম্ম, ভা[১];+অন, ভা[২];+ইর, সংজ্ঞার্থে[৩]।

(২৩৩) খন্ড্—অক। বিলোড়ন ক, ভাঙ্গা (ভ্বা,আ। খণ্ডতে)। সক, ভেদ ক (চুর[১], প। খণ্ডয়তি)। খণ্ড[১]. খণ্ডিত[২], খণ্ডন[৩]; খণ্ডনা[৪], খণ্ডক[৫], খণ্ডয়িতা[৬], আখণ্ডল[৭]।

ব্যুৎ. খন্ড্—অ, ভা[১];+ত, র্ম্ম, ভা[২];+অন, ভা[৩];+অন. আ—ভা[৪];+অক, ক[৫],+তৃ, ক[৬]; আ+অল, সংজ্ঞার্থে[৭]।

(২৩৪) খন্—সক। খনন ক (ভ্বা,উভ। খনতি—তে)। নি—পূর্ব্ব পুতিয়া ফেলা। খনন[১], খাত[২],খনক[৩], খননীয়[৪], খেয়[৫],খনি[৬], খনিত্র[৭], অখাত[৮], উৎখাত[৯], নিখাত[১০], আখু[১১], পরিখা[১২], নিখনন[১৩], নখ[১৪], নখর[১৫], মুখ[১৬], আখনিক[১৭]।

ব্যুৎ. খন্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+অক, ক[৩];+অনীয়, র্ম্ম[৪];+ য, র্ম্ম[৫];+ই, সংজ্ঞার্থে[৬];+ইত্র[৭], ন+ত[৮];উৎ+ত, র্ম্ম[৯]; নি+ ত, র্ম্ম[১০]; আ+উ সংজ্ঞার্থে[১১]; পরি+অ—আ[১২]; নি+অন,ভা[১৩]; ন+অ[১৪]; ন+অর[১৫];+* অ[১৬]; আ+ইক, সংজ্ঞার্থে[১৭]; ।

(২৩৫) খম্ব্—সক। গমন ক (ভ্বা, প। খম্বতি)। খম্বন[১], খম্বিত[২], খম্ব[৩]।

ব্যুৎ. খম্ব্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+অ, ভা[৩]।

(২৩৬) খব্—অক। সম্পর্ক হ, পূত হ, উৎপন্ন হইয়া পুনরুৎ-পন্ন হ (ক্র্যা, প। খৌনাতি) খবন, খবিত।

ব্যুৎ. খব্—অন, ভা[১];+ত, ভা[২]।

(২৩৭) খর্জ্জ্—সক। পরিষ্কার ক, চুল্কিয়া দে। অক, ব্যথিত হ। খর্জ্জন[১], খর্জ্জিত[২], খর্জু[৩], খর্জুর[৪]।

ব্যুৎ. খর্জ্জ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+উ[৩];+উর+সংজ্ঞার্থে[৪]।

---

* ম্—আগম।

(২৩৮) খর্ব্ব্—অক। হ্রস্ব হ, গর্ব্বিত হ। সক, গমন ক (ভ্বা, প। খর্ব্বতি)। খর্ব্ব[১], খর্ব্বণ[২], খর্ব্বিত[৩], নিখর্ব্ব[৪]।

ব্যুৎ. খর্ব্ব্—অ, ভা[১];+অন, ভা[২];+ত, র্ম্ম[৩]; নি+অ[৪]।

(২৩৯) খল্—অক,। চঞ্চল হ, চয়ন ক, স্খলন ক (ভ্বা, প। খলতি)। খল[১], খলন[২], খলিত[৩], খলীকার[৪]।

ব্যুৎ. খল্—অ, ভা[১];+অন, ভা[২];+ত, ভা[৩]; +অ—কার[৪]।

(২৪০) খাদ্—সক। ভক্ষণ ক (ভ্বা, প। খাদতি)। খাদ[১], খাদক[২], খাদন[৩], খাদিতা[৪], খাদিত[৫], খাদ্য[৬], খাদনীয়[৭], খাদিতব্য[৮], মাংসখাদ[৯]।

ব্যুৎ. খাদ্—অ, ভা[১];+অক, ক[২];+অন, ভা[৩];+তৃ, ক[৪];+ত, র্ম্ম[৫];+য, র্ম্ম[৬];+অনীয়, র্ম্ম[৭],+তব্য, র্ম্ম[৮]; মাংস+অ[৯]।

(২৪১) খিট্—সক। ত্রস্ত ক। অক, ভীত হ (ভ্বা, প। খেটতি)। আ-পূর্ব্ব, মৃগয়া ক। খেটন[১], খেটিত[২], আখেট[৩]।

ব্যুৎ. খিট্—অন, ভা[১];+ত র্ম্ম[২]; আ+অ[৩]।

(২৪২) খিদ্—অক। দুঃখিত হ (দিবা—রুধা, আ। খিদ্যতে, খিন্তে)। সক, বিঘ্ন ক (তুদা, প। খিন্দতি)। খেদ[১], খেদন[২], খেত্তা[৩], খিন্ন[৪], খিদ্যমান[৫]।

ব্যু· খিদ্—অ, ভা[১];+অন, ভা[২];+তৃ, ক[৩];+ত, র্ম্ম[৪];+আন, ক[৫];।

(২৪৩) খুড়—সক। ভেদ ক, (চুরা, প। খোড়য়তি)। খোড়ন[১], খোড়িত[২], খোড়ক[৩], খোড়য়িতা[৪]।

ব্যুৎ. খুড্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+অক, ক[৩];+তৃ, ক[৪]।

(২৪৪) খুন্ড্—অক। খঞ্জ হ, (ভ্বা, আ। খুণ্ডতে)। সক, ভেদ ক (চুরা, প। খুড়য়তি)। খুণ্ডন[১], খুণ্ডিত[২]।

ব্যুৎ. খুন্ড্–অন, ভা[১],+ত, র্ম্ম[২]।

(২৪৫) খুর্—সক। বিলেখন ক, ছেদ ক (তুদা, প। খুরতি)। খুর[১], খোরণ[২], খুরিত[৩], খুরপ্র[৪]।

ব্যুৎ. খুর্–অ[১];+অন, ভা[২];+ত, র্ম্ম[৩];+র–প্র[৪]।

(২৪৬) খেট—সক। ভক্ষণ ক (চুরা, প। খেটয়তি)। খেট[১], খেটন[২], খেটিত[৩], খেটক[৪], খেটিতা[৫]।

ব্যুৎ. খেট–অ[১];+অন, ভা[২];+ত, র্ম্ম[৩];+অক, ক[৪];+তৃ, ক[৫]।

(২৪৭) খেড়—সক। ভোজন ক (চুরা, প। খেড়য়তি)। খেড়ন[১], খেড়িত[২]।

ব্যুৎ. খেড়–অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(২৪৮) খেল্—অক। কম্পন। সক, চলন, গমন ক (ভ্বা, প। খেলতি)। খেল[১], খেলন[২], খেলা[৩], খেলক[৪]।

ব্যুৎ. খেল্–অ, ভা[১];+অন, ভা[২];+অ, আ, ভা[৩];+অক, ক[৪]।

(২৪৯) খৈ—অক। স্থির হ। সক, খনন ক, হিংসা ক (ভ্বা, প। খায়তি)। খাত[১], খান[২]।

ব্যুৎ. খৈ–ত, র্ম্ম[১];+অন, ভা[২]।

(২৫০) খোট্—অক। খঞ্জ হ (ভ্বা, প। খোটতি)। খোটিত[১], খোটন[২]।

ব্যুৎ. খোট–ত, ভা[১];+অন, ভা[২]।

(২৫১) খোড়্—অক। খঞ্জ হ (ভ্বা, প। খোড়তি)। খোড়[১], খোড়ন[২], খোড়িত[৩]।

ব্যুৎ. খোড়্–অ, ভা[১];+অন, ভা[২];+ত, ভা[৩]।

(২৫২) খোল্—অক। খঞ্জ হ (ভ্বা, প। খোলতি)। খোল[১], খোলন[২], খোলিত[৩]।

ব্যুৎ. খোল্—অ[১]; + অন, ভা[২]; + ত, ভা[৩]।

(২৫৩) খ্যা—অক। প্রসিদ্ধ হ। সক, কথন (অদা, প। খ্যাতি)। সম্-পূর্ব্ব, সংখ্যা ক। খ্যাত[১], খ্যাতি[২], আখ্যা[৩], আখ্যান[৪] উপাখ্যান[৫], ব্যাখ্যা[৬], ব্যাখ্যান[৭], সংখ্যা[৮], ব্যাখ্যাত[৯], ব্যাখ্যেয়[১০], অভিখ্যা[১১], সঙ্খ্যা[১২], সঙ্খ্যাত[১৩], সঙ্খ্যান[১৪], সংখ্যেয়[১৫]।

ব্যুৎ. খ্যা—ত, ভ[১], কর্ম্ম[১]; + তি, ভা[২]; আ—অ, আ[৩]; আ+অন, ভা[৪]; উপ—আ+অন, ভা[৫]; বি—আ+অ, আ, ভা[৬]; বি—আ+অন, ভা[৭]; সম্+অ, আ, ভা[৮]; বি—আ+ত, কর্ম্ম[৯]; বি—আ, +য, কর্ম্ম[১০]; অভি+অ, আ, ভা[১১]; সম্+অ[১২]; সম্+ত, কর্ম্ম[১৩]; সম্+অন, ভা[১৪], সম্+য, কর্ম্ম[১৫]।

গ

(২৫৪) গগ্ঘ্—অক। হাস্য ক (ভ্বা, প। গগ্ঘতি)। গগ্ঘন[১], গগ্ঘিত[২]।

ব্যুৎ. গগ্ঘ্—অন, ভা[১]; + ত, ভা[২]।

(২৫৫) গজ্—অক। মত্ত হ, ধ্বনি ক (ভ্বা, প। গজতি)। শব্দ ক (চুরা, প। গাজয়তি)। গজ[১], গজন[২], গজতা[৩], গজেষ্টা[৪], গজাহব[৫], গজানন[৬], গজসাহ্বয়[৭], গজদন্ত[৮], গাজন[৯]।

ব্যুৎ. গজ—অ[১]; + অন, ভা[২]; + অ, তা—ভাবে[৩]; + অ—ইষ্টা[৪]; + অ—আহব[৫]; + অ—আনন[৬]; + অ—সাহ্বয়[৭]; + অ—দন্ত[৮]; + অন, ভা[৯]।

(২৫৬) গন্‌জ্‌—অক। শব্দ ক (ভ্বা, প। গঞ্জতি)। গঞ্জ[১], গঞ্জন[২], গঞ্জিত[৩], গঞ্জা[৪], গঞ্জনা[৫]।

ব্যুৎ. গন্‌জ্‌—অ[১];+অন, ভা[২];+ত, ভা[৩];+অ, আ, ভা[৪];+অন, আ, ভা[৫]।

(২৫৭) গন্‌ড্‌—অক। গণ্ডদ্বারা কম্পনাদি। সক, চুম্বন ক (ভ্বা, প। গণ্ডতি)। গণ্ড[১], গণ্ডন[২], গণ্ডিত[৩], গণ্ডক[৪], গণ্ডী[৫], গণ্ডূপদ[৬], গণ্ডূষ[৭], গণ্ডূ[৮]।

ব্যুৎ. গন্‌ড্‌-অ[১];+অন, ভা[২];+ত, র্ম্ম[৩];+অক, ক[৪];+ইন, ক[৫];+ঊ-পদ[৬];+ঊষ[৭];+ঊ[৮]।

(২৫৮ গড়্‌—অক। ক্ষরণ, গড়ান (ভ্বা, প। গড়তি)। গড়ন[১], গড়িত[২], গড়[৩], গড়ি[৪], গড়ু[৫], গড়ুর[৬], গড়ুল[৭], গড়ের[৮], গড্‌ডর[৯], গড্‌ডল[১০], গড্‌ডরিকা[১১], গড্‌ডলিকা[১২], কড়ার[১৩], গ-ড়ক[১৪], গড়্‌ডুক[১৫], গড়্‌ডূক[১৬], নিগড়[১৭], নিগড়িত[১৮]।

ব্যুৎ. গড়্‌-অন, ভা[১];+ত, র্ম্ম[২];+অ[৩];+ই[৪];+উ[৫];+উর[৬];+উল[৭];+এর[৮]; +ডর[৯];+ডল[১০]; +ডর-ক-আ[১১]; +ডল-ক-আ[১২];+*আর[১৩]; + অ-কযোগ[১৪];+ডুক[১৫];+ডূক[১৬]; নি+অ[১৭]; নি+ত, র্ম্ম[১৮]।

(২৫৯) গণ—সক। গণনা ক, গণা (চুরা, প। গণয়তি)। গণ[১], গণনা[২], গণিত[৩], গণি[৪], গণ্য[৫], গণনীয়[৬], গণেয়[৭], গণক[৮], গণতা[৯], গণিকা[১০], গণেশ[১১], গণেরু[১২], বিগণন[১৩]।

ব্যুৎ. গণ-অ[১];+অন, আ, ভা[২];+ত, র্ম্ম[৩];+ই[৪];+য, র্ম্ম[৫];+অনীয়, র্ম্ম[৬];+এয়[৭];+অক, ক[৮];+অ, তা—ভাবে[৯];+অক, আ—স্ত্রীং[১০];+অ, ঈশ[১১];+এরু[১২]; বি+অন, ভা[১৩]।

---

* গড়্‌—কড়্‌।

(২৬০) গদ্—দ্বিক। কথন, ভাষণ (ভ্বা, প। গদতি)। গদ[১], গদন[২], গদিত[৩], গদা[৪], গদী[৫], গদ্য[৬], গদ্গদ[৭], নিগদ[৮], নিগদিত[৯], নিগাদ[১০]।

ব্যুৎ. গদ্—অ, ভা[১],+অন, ভা[২];+ত, র্ম্ম[৩];+আ, ভা[৫];+ইন্,ক[৫];+য[৬];+* অ[৭]; নি+অ,ভা[৮]; নি+ত, র্ম্ম[৯]; নি+অ,ভা[১০]।

(২৬১) গন্ধ্—অক। দ্রোহ ক, হিংসা করিতে ইচ্ছা ক (চুরা, আ। গন্ধয়তে)। গন্ধ[১], গন্ধক[২], গন্ধন[৩], গন্ধয়িতা[৪], গন্ধা[৫], গন্ধিনী[৬], গন্ধোলী[৭], গন্ধর্ব্ব[৮], গন্ধবহ[৯], গন্ধর্ব্ববেদ[১০], গন্ধবাহ[১১], গন্ধাখু[১২], গন্ধিপর্ণ[১৩]।

ব্যুৎ. গন্ধ্—অ[১];+অক, ক[২];+অন, ভা[৩];+তৃ, ক[৪];+আ, ভা[৫];+ইন্, ক-ঈ-স্ত্রীং[৬],+ওল-ঈ-স্ত্রীং[৭];+অ-অর্ব্ব[৮];+অ-বহ[৯];+অ-অর্ব্ব বেদ[১০];+অ-বাহ[১১];+আখু[১২];+ই-পর্ণ[১৩]।

(২৬২) গবেষ—সক। অন্বেষণ ক (চুরা, প। গবেষয়তি)। গবেষণ[১], গবেষিত[২], গবেষক[৩], গবেষিতব্য[৪], গবেষণা[৫]।

ব্যুৎ. গবেষ—অন, ভা[১];+ত, র্ম্ম[২];অক, ক[৩];+তব্য, র্ম্ম[৪];+অন, আ, ভা[৫]।

(২৬৩) গম্—সক। গমন ক, প্রাপ্তি (ভ্বা, প। গচ্ছতি)। অতি-পূর্ব্ব, অতিক্রম ক; অধি—প্রাপ্তি, বোধ ক; অনু—অনুসরণ ক; অপ—অপসরণ ক; অভি—আগমন ক, প্রাপ্তি; অব—অবগতি; আ—আগমন ক, প্রাপ্তি; প্রতি—আ—প্রত্যাগমন ক; উৎ—উদয় হ, উদ্গম; প্রতি—উৎ—গতি; উপ—স্বীকার ক, সঙ্গম, প্রাপ্তি, নিকট গমন ক; অভি—উপ—স্বীকার ক; বি—গমন, ত্যাগ; নি—নিষ্ক্রমণ হ;

---

* দ্বিত্ব।

প্রতি—প্রতিগমন ক; সম্—সঙ্গম হ। গমন[১], গতি[২], গন্তা[৩], গন্ত্রী[৪], গন্তু[৫], গমূক[৬], গভীর[৭], গম্ভীর[৮], গামী[৯], গম্যমান্[১০], গত[১১], গন্তব্য[১২], গমনীয়[১৩], গম[১৪], গম্য[১৫], জিগমিষা[১৬], জিগমিষু[১৭], গমক[১৮], গো[১৯], গাত্র[২০], গাত্রী[২১], গ্রাম[২২], গঙ্গা[২৩], জগৎ[২৪], গগণ[২৫], আগমন[২৬], অভিগমন[২৭], সঙ্গতি[২৮], দুর্গতি[২৯], আগম[৩০], নিগম[৩১], সঙ্গম[৩২], সমাগম[৩৩], আগন্তা[৩৪], আগন্তুক[৩৫], আগামী[৩৬], অগ্রগামী[৩৭], অগ্রগ[৩৮], পারগ[৩৯], অনুগ[৪০], আগত[৪১], নির্গত[৪২], সুগম[৪৩], হৃদয়ঙ্গম[৪৪], জঙ্গম[৪৫], দুর্গম[৪৬], দুর্গ[৪৭], দুর্গা[৪৮], খগ[৪৯], ভুজগ[৫০], নগ[৫১], অগ[৫২], ভুজঙ্গ[৫৩], ভুজঙ্গম[৫৪], পতঙ্গ[৫৫], উরগ[৫৬], বিহগ[৫৭], অপগা[৫৮], অনুগত[৫৯], অবগত[৬০], আগত[৬১], অপগত[৬২], অগম[৬৩], অগমতা[৬৪], অপগম[৬৫], অপোগণ্ড[৬৬], অভিগম[৬৭], অভিগমন[৬৮], জিহ্মগ[৬৯], সমুদ্গা[৭০], সমুদ্গাক[৭১], সমুদ্গাত[৭২], সমুদ্গাম[৭৩]।

ব্যুৎ. গম্—অন, ভা[১];+তি, ভা[২];+তৃ, ক[৩],+তৃ, ঈ-স্ত্রীং[৪]; +তু[৫];+উক[৬];+* ঈর[৭];+† ঈর[৮];+ইন্, ক[৯],+আন, র্ম্ম[১০];+ত, র্ম্ম[১১];+তব্য, র্ম্ম. ভা[১২];+অনীয়, র্ম্ম[১৩];+অ[১৪];+য, র্ম্ম[১৫];+স, আ, ভা[১৬];+স, উ[১৭];+অ-ক-যোগ[১৮];+ও, সংজ্ঞার্থে[১৯];+ত্র, সংজ্ঞার্থে[২০];+ত্র, ইন্-ক[২১],+‡ অ[২২];+গ-আ-স্ত্রীং[২৩];+¶ অৎ[২৪];+§ অন[২৫]; আ—অন, ভা[২৬]; অভি+অন, ভা[২৭]; সম্+তি, ভা[২৮]; দুর্+তি, ভা[২৯]; আ+অ[৩০], নি+অ[৩১]; সম্+অ[৩২], সম্—আ+ অ[৩৩]; আ+তৃ, ক[৩৪]; আ+তুক[৩৫], আ+ইন্, ক[৩৬]; অগ্র+ইন্, ক[৩৭]; অগ্র+অ[৩৮]; পার+অ[৩৯]; অনু+অ[৪০]; আ+

* ম্=ছ। † ম্—আগম। ‡ গম্=গ্রাম, নিপাতন।

¶ গম্=ঙ্গ্। § ম্=ণ।

ত,র্ম্ম[৪১]; নির্+ত,র্ম্ম[৪২]; সু+অ[৪৩]; হৃদয়ম্+অ[৪৪]; +* অ[৪৫]; তুর্+অ[৪৬]; তুর্+অ[৪৭]; তুর্+অ, আ- স্ত্রীং[৪৮]; থ+অ[৪৯]; ভুজ+অ[৫০]; ন+গ[৫১]; ন+অ[৫২]; ভুজম্+অ[৫৩]; ভুজম্+অ[৫৪]; পতৎ+অ[৫৫]; উর+অ[৫৬]; বিহায়স্+অ[৫৭]; অপ+অ, আ-স্ত্রীং[৫৮]; অনু+ত,র্ম্ম[৫৯]; অব+ত,র্ম্ম[৬০]; আ+ত,র্ম্ম[৬১]; অপ+ত,র্ম্ম[৬২]; ন+অ[৬৩]; ন+অ,তা-ভাবে[৬৪]; অপ+অ[৬৫]; অপা+ অ[৬৬]; অভি+অ[৬৭]; অভি+অন, ভা[৬৮]; জিহ্ম+অ[৬৯]; সম্-উৎ+অ[৭০]; সম্-উৎ+অ, ক-যোগ[৭১]; সম্-উৎ+ত, র্ম্ম[৭২]; সম্-উৎ+অ[৭৩]।

(২৬৪) গর্জ্জ্—অক। শব্দ ক। (চুরা, প। গর্জ্জয়তি) অক, তেজস্বী হ, বলপূর্ব্বক শব্দ ক (ভ্বা, প। গর্জ্জতি)। গর্জ্জ[১], গর্জ্জন[২], গর্জ্জি[৩], গর্জ্জিত[৪], গর্জ্জক[৫], পর্জ্জন্য[৬], গর্জ্জয়িতা[৭], গর্জ্জিতা[৮]।

ব্যুৎ. গর্জ্জ্—অ, ভা[১]; +অন, ভা[২]; +ই[৩]; +ত, ভা[৪]; +অক, ক[৫]; +‡ অন্য[৬]; +তৃ, ক[৭]; +তৃ, ক[৮]।

(২৬৫) গর্দ্দ্—অক। শব্দ ক, রব ক (চুরা—বি, প। গর্দ্দয়তি, গর্দ্দতি)। গর্দ্দন[১], গর্দ্দিত[২], গর্দ্দভ[৩], গর্দ্দভী[৪], অলগর্দ্দ[৫]।

ব্যুৎ. গর্দ্দ্—অন, ভা[১]; +ত, র্ম্ম[২]; +অভ, সংজ্ঞার্থে[৩]; +অভ, ঈ-স্ত্রীং;[৪] অল+অ, সংজ্ঞার্থে[৫]।

(২৬৬) গর্দ্ধ্—সক। লাভ করিতে ইচ্ছা, প্রাপ্তীচ্ছা ক (চুরা, প। গর্দ্ধয়তি)। গর্দ্ধ[১], গর্দ্ধন[২], গর্দ্ধয়িতা[৩], গর্দ্ধিত[৪], অলগর্দ্ধ[৫]।

ব্যুৎ. গর্দ্ধ্—অ, ভা[১]; +অন, ভা[২]; +তৃ, ক[৩]; +ত, র্ম্ম[৪]; অল+অ[৫]।

(২৬৭) গর্ব্ব্—অক। অহঙ্কৃত হ (ভ্বা, প। গর্ব্বতি) গর্ব্ব[১], গর্ব্বিত[২], গর্ব্বণ[৩]।

---

* ব্রিত্ব। † প=পা। ‡ গ=প।

ব্যুৎ. গর্ব্ব্—অ, ভা[১]; + ত, র্ম্ম[২]; + অন, ভা[৩]।

(২৬৮) গর্হ্ (গ্লেহ)—সক। নিন্দা ক (ভ্বা, আ। গর্হতে, গ্লহতে, গল্হতে। চুরা-বি, প। গর্হয়তি, গর্হতি)। গর্হণ[১], গ্লহন[২], গল্হন[৩], গর্হিত[৪], গর্হণীয়[৫], গ্লহিত[৬], গর্হ্য[৭], গল্হিত[৮], গর্হক[৯], গ্লহক[১০], গর্হয়িতা[১১], গল্হক[১২], গ্লহয়িতা[১৩], গল্হয়িতা[১৪], বিগর্হণা[১৫], বিগর্হিত[১৬]।

ব্যুৎ. গর্হ্ (গ্লেহ)—অন, ভা[১], + অন, ভা[২]; + অন, ভা[৩]; + ত, র্ম্ম[৪]; + অনীয়, র্ম্ম[৫]; + ত, র্ম্ম[৬]; + য, র্ম্ম[৭]; + ত, র্ম্ম[৮]; + অক, ক[৯]; + অক, ক[১০]; + তৃ, ক[১১]; + অক, ক[১২]; + তৃ, ক[১৩]; + তৃ, ক[১৪]; বি + অন, আ-ভা[১৫]; বি + ত, র্ম্ম[১৬]।

(২৬৯) গল্—সক। ভোজন ক, গালান। অক, ক্ষরণ (ভ্বা, প। গলতি) সক, গালান। অক, ক্ষরণ (চুরা, আ। গালয়তে)। গল[১], গলিত[২], গল্ল[৩], গালন[৪], গালিত[৫], গালয়িতা[৬], গালি[৭], গুলফ[৮], বিগলিত[৯], নিগাল[১০]।

ব্যুৎ. গল্—অ, ভা[১]; + ত, র্ম্ম[২]; + ল, সংজ্ঞার্থে[৩]; + অন, ভা[৪]; + ত, র্ম্ম[৫]; + তৃ, ক[৬]; + ই[৭]; + * ফ, সংজ্ঞার্থে[৮]; বি + ত, র্ম্ম[৯]; নি + অ, ভা[১০]।

(২৭০) গহ্—অক। নিবিড় হ, বুঝিতে কঠিন হ (চুরা, প গহয়তি)। গাঢ়[১], গহ[২], গহন[৩], গহ্বর[৪], প্রগাঢ়[৫]।

ব্যুৎ. গহ্—ত, ভা[১]; + অ, ভা[২]; + অন, ভা[৩]; বর[৪]; প্র + ত, ভা[৫]।

(২৭১) গা—সক। স্তব ক। অক, জন্মান (হ্বা, প। জগতি)।

---

* গ=গু।

সক, গমন ক, প্রাপ্তি (ভ্বা, আ। গাতে)। গাত[১], গাম[২] গাতব্য[৪], গেগু[৪], গেগুক[২]।

ব্যুৎ. গা—ত, র্ম্ম[১];+অন, ভা[২];+তব্য, র্ম্ম[৩];+ইগু[৪];+ইগু—ক যোগ[৫]।

(২৭২) গাত্র—অক। শিথিল হ (চুরা, আ। গাত্রয়তে)। গাত্র[১]।

ব্যুৎ. গাত্র—অ, ভা[১]।

(২৭৩) গাধ্—সক। ইচ্ছা ক, গ্রহণ ক। *অক, প্রতিষ্ঠিত হ (ভ্বা, আ। গাধতে) গাধিত[১], গাধ[২], গাধন[৩] অগাধ[৪]।

ব্যুৎ. গাধ্—ত, র্ম্ম[১];+অ[২];+অন. ভা[৩]; ন+অ[৪]।

(২৭৪) গাহ্—সক। বিলোড়ন ক, অবগাহন ক (ভ্বা, আ। গাহতে)। গাঢ[১], গাহন[২], অবগাহন[৩], বগাহ[৪], বগাহ্য[৫],অবগাহিত[৬], অবগাহ[৭], অবগাহক[৮], অবগাহ্য[৯], দুরবগাহ[১০]।

ব্যুৎ. গাহ্‌-ত, র্ম্ম[১];+অন, ভা[২]; অব+অন, ভা[৩]; অব*+অ, ভা[৪]; অব* +য, র্ম্ম[৫]; অব+ত, র্ম্ম[৬]; অব+অ[৭]; অব+অক, ক[৮]; অব+য, র্ম্ম[৯]; দুর্—অব+অ, ভা[১০]।

(২৭৫) গিল্—সক। গেলন (তুদা, প। গিলতি)। গেলন[১], গিলিত[২], গেলক[৩], গিলিতব্য[৪]।

ব্যুৎ. গিল্‌-অন, ভা[১];+ত, র্ম্ম[২];+অক, ক[৩];+তব্য, র্ম্ম[৪]।

(২৭৬) গু—অক। বিষ্ঠা ত্যাগ ক (তুদা, প। গুবতি) শব্দ ক (ভ্বা, আ। গবতে)। গূন[১], গোত্র[২], গু[৩], গবয়[৪], গুবন[৫], গবন[৬], গবিতা[৭], গোতা[৮], গুড়[৯], গুদ[১০], গুবাক[১১]।

ব্যুৎ. গু—ত[১];+ত্র[২];+০[৩];+অয়[৪];+অন, ভা[৫];+অন, ভা[৬];+তৃ, ক[৭];+তৃ,ক[৮];+ড[৯];+দ-সংজ্ঞার্থে[১০];+আক[১১]।

---

* অব=অ—লোপ।

(২৭৭) গুজ্—অক। শব্দ ক (তুদা, প। গুজতি)। গুজন[১], গুজিত[২], গুজ[৩]।

ব্যুৎ. গুজ্-অন, ভা[১];+ত, ভা[২];+অ, ভা[৩]।

(২৭৮) গুন্জ্ (গুঞ্জ) অক। অব্যক্ত ধ্বনি, মক্ষিকাশব্দ (ভ্বা, প। গুঞ্জতি, গোজতি) গুঞ্জন[১], গুঞ্জিত[২], গুঞ্জ[৩], গুজিত[৪]।

ব্যুৎ. গুন্জ্-অন, ভা[১];+ত, র্ম্ম[২];+অ, ভা[৩]; গুজ্-ত, ভা[৪]।

(২৭৯) গুন্ঠ্—সক। বেষ্টন ক (চুরা, প। গুণ্ঠয়তি)। অব-পূর্ব্বক, আচ্ছাদন। গুণ্ঠন[১], গুণ্ঠিত[২], অবগুণ্ঠন[৩], অবগুণ্ঠিত[৪], অবগুণ্ঠিকা[৫]।

ব্যুৎ. গুন্ঠ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];অব+অন, ভা[৩]; অব+ত, র্ম্ম[৪]; অব+অক, আ-স্ত্রীং[৫]।

(২৮০) গুড়্—সক। রক্ষা ক, ব্যাঘাত ক (তুদা, প। গুড়তি)। গুড়িত[১], গুড়ন[২], গুটিকা[৩], গুলিকা[৪], গুল্ম[৫], গোল[৬], গোলক[৭], গৌর[৮]।

ব্যুৎ. গুড়্—ত, র্ম্ম[১];+অন,ভা[২];+* অক, আ[৩];+† অক, আ[৪];+†ম[৫];+† অ[৬];+†অ-ক যোগ[৭];+‡ অ[৮]।

(২৮১) গুন্ড়্—সক। জড়ান, চূর্ণ ক (চুরা, প। গুণ্ডয়তি)। গুণ্ডন[১], গুণ্ডিত[২], গুণ্ডয়িতা[৩], গুণ্ডক[৪], গুণ্ডিকা[৫],নির্গুণ্ডী[৬]।

ব্যুৎ. গুন্ড়্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+তৃ, ক[৩];+অক, ক[৪];+অক, আ-স্ত্রীং[৫]; নির্+ইন্, ক[৬]।

(২৮২) গুণ্—সক। পরামর্শ ক, অভ্যাস ক, গুণিত ক (চুরা, প। গুণয়তি)। গুণ[১], গুণক[২],গুণী[৩],গুণিত[৪],গুণ্য[৫],গোণী[৬]।

---

* ড্=ট্। † ড্=ল। ‡ ড্=র্।

ব্যুৎ. গুণ্—অ, ভা[১];+অক, ক[২];+ইন্, ক[৩];+ত, র্ম্ম[৪];+য, র্ম্ম[৫];+অ–ঈ[৬]।

(২৮৩) গুধ্—সক। বেষ্টন ক (দিবা, প। গুধ্যতি)। অক ক্রুদ্ধ হ (ক্র্যা, প। গুধ্নাতি)। ক্রীড়া ক (ভ্বা, আ। গোধতে) গুধিত[১], গোধা[২], গোধিতা[৩], গুচ্ছ[৪], গুচ্ছক[৫], গুৎস[৬], গোধিকা[৭], গোধু(ধূ)ম[৮]।

ব্যুৎ. গুধ্—ত, র্ম্ম[১];+অ, আ[২];+তৃ, ক[৩];+* ছ[৪];+* ছ,ক-যোগ[৫];+স[৬];+অক, আ[৭];+উ(ঊ)ম[৮]।

(২৮৪) গুপ্—সক। রক্ষা ক (ভ্বা, প। গোপায়তি)। অক, দীপ্তি পা। সক, গোপন রাখা (চুরা, প। গোপয়তি)। অক, ব্যাকুল হ (দিবা, প। গুপ্যতি)। সক, নিন্দা ক, অপহ্নব কৃ (ভ্বা, আ। গোপতে)। গোপন[১], গুপ্তি[২], গুপ্ত[৩], গোপায়িত[৪], গোপিত[৫], গোপনীয়[৬], গুপ্তা[৭], গোপ্তা[৮], গুপিত[৯], জুগুপ্সা[১০], গোপুর[১১], জুগুপ্সন[১২], জুগুপ্সিত[১৩], কূপ[১৪], কূপ্য[১৫], সংগোপন[১৬], সংগোপিত[১৭]।

ব্যুৎ. গুপ্–অন, ভা[১];+তি, র্ম্ম[২];+ত র্ম্ম[৩];+ত, র্ম্ম[৪];+ত র্ম্ম[৫];+অনীয়, ভা, র্ম্ম[৬],+তৃ, ক[৭];+তৃ, ক[৮];+ত, র্ম্ম, ভা[৯];+স, অ, আ[১০];+† উর[১১];+স, অন, ভা[১২];+স, ত, র্ম্ম[১৩];+‡ অ[১৪];+‡ য[১৫]; সম্+অন, ভা[১৬]; সম্+ত, র্ম্ম[১৭]।

(২৮৫) গুন্ফ—সক। গ্রন্থন ক (তুদা, প। গুম্ফতি)। গুম্ফ[১], গুম্ফন[২], গুম্ফিত[৩]।

ব্যুৎ. গুন্ফ–অ, ভা[১];+অন, ভা[২];+ত, র্ম্ম[৩]।

* ধ্=চ। † গুপ্=গোপ্। ‡ গুপ্=কূপ্।

(২৮৬) গুফ্—সক। গ্রন্থন ক (তুদা,-মুচা, প। গুফতি)। গোফন[১], গুফিত[২]।

ব্যুৎ. গুফ্-অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(২৮৭) গুর্—সক। উত্তোলন ক, উচান, উদ্যম (তুদা, আ। গুরতে)। গুরণ[১], গূর্ণ[২], গুরু[৩], উদ্‌গূর্ণ[৪]।

ব্যুৎ. গুর্-অন, ভা[১];+ত, র্ম্ম[২];+উ[৩]; উৎ+ত, র্ম্ম[৪]।

(২৮৮) গুর্ব্ব্—সক। উত্তোলন ক, উঁচান (ভ্বা, প। গুর্ব্বতি)। গূর্ণ[১], গুর্ব্বণ[২], গূঃ[৩], গুর্ব্বী[৪], গুর্ব্বিণী[৫]।

ব্যুৎ. গুর্ব্ব-* ত, র্ম্ম[১];+অন, ভা[২];+০[৩];+ইন্, ক[৪];+ইন্-ঈ-স্ত্রীং[৫]।

(২৮৯) গুহ্—সক। আচ্ছাদন ক, গোপন ক (ভ্বা, উভ। গুহতি-তে)। উপ-পূর্ব্ব, আলিঙ্গন ক। গূঢ়[১], গুহ্য[২], গুহ[৩], গুহা[৪], গুহিন[৫], গুহ্যক[৬], উপগুহন[৭], উপগূঢ়[৮], সংগূঢ়[৯]।

ব্যুৎ. গুহ্-ত, র্ম্ম[১];+য[২];+অ[৩];+অ, আ[৪];+ইন[৫],+য-ক যোগ[৬]; উপ+অন, ভা[৭]; উপ+ত, র্ম্ম[৮]; সম্+ত, র্ম্ম[৯]।

(২৯০) গূ—অক। বিষ্ঠাত্যাগ ক (তুদা, প। গুবতি)। গূ[১], গূথ[২], গূন[৩]।

ব্যুৎ, গূ+০[১];+থ[২];+ত, ভা[৩]।

(২৯১) গূর্—সক। উত্তোলন ক, উঁচান, উদ্যম (চুরা. আ। গূরয়তে)। বধ ক, গমন ক (দিবা, আ। গূর্য্যতে)। গূরণ[১], গূরিত[২], অবগোরণ[৩], উদ্‌গূর্ণ[৪]।

ব্যুৎ. গূর্-অন, ভা[১];+ত, র্ম্ম[২];+অব+অন, ভা[৩], উৎ+ত, র্ম্ম[৪]।

---

* গুর্ব্ব—গূর্।

(২৯২) গৃ—সক। সেচন ক (ভ্বা, প। গরতি)। গরণ[১], গর্ভ[২], গরুৎ[৩], গরুত্মান্[৪], গর্গ[৫]।

ব্যুৎ. গৃ-অন, ভা[১];+ভ[২];+উৎ[৩];+উৎ-মৎ[৪];+* গ[৫]।

(২৯৩) গৃন্জ্—অক। শব্দ ক (ভ্বা, প। গৃঞ্জতি)। গৃঞ্জন[১], গৃঞ্জিত[২]।

ব্যুৎ. গৃন্জ্-অন, ভা[১];+ত, ভা[২]।

(২৯৪) গৃধ্—সক। লাভ করিতে ইচ্ছা ক, অত্যন্ত অভিলাষ ক (দিবা, প। গৃধ্যতি)। গর্দ্ধন[১], গর্দ্ধ[২], গৃধ্নু[৩], গৃধু[৪], গৃধ্র[৫], গর্দ্ধী[৬], অর্থগৃধ্নু[৭]।

ব্যুৎ. গৃধ্-অন, ভা[১];+অ, ভা[২];+নু[৩];+উ[৪];+র[৫];+ইন্, ক[৬]; অর্থ+নু[৭]।

(২৯৫) গৃহ্—সক। গ্রহণ ক (চুরা, আ। গৃহয়তে)। গৃহ[১], গৃহণ[২], গৃহিত[৩], গৃহয়িতা[৪], গৃহয়ালু[৫], গৃহী[৬], গৃহ্য[৭]।

ব্যুৎ. গৃহ্-অ, ভা[১];+অন, ভা[২];+ত, র্ম্ম[৩];+তৃ, ক[৪];+আলু[৫]; +ইন্, ক[৬];+য[৭]।

(২৯৬) গৄ—সক। বিজ্ঞাপন ক, জানা (চুরা, আ। গারয়তে)। ভক্ষণ ক, গেলা, (তুদা, প। গিরতি)। অক, শব্দ ক, (ক্র্যা-প্বা, প। গৃণাতি)। উৎ-পূর্ব্ব, উদ্গার ক। গীর্ণি[১], গিরি[২], গীর্ণ[৩], গিলিত[৪], গিলন[৫], গিলি[৬], গ্রীবা[৭], গির্[৮], গিরা[৯], গীরথ[১০], গীষ্পতি[১১], গরল[১২], গরুৎ[১৩], গর[১৪], গরী[১৫], গর্ত্ত[১৬], গর্ভ[১৭], গুরু[১৮], গরিতা[১৯], গর্মুৎ[২০], গরীতা[২১], উদ্গীর্ণ[২২], আগার[২৩], উদ্গার[২৪], কডঙ্গর[২৫], সঙ্গর[২৬], সঙ্গীর্ণ[২৭]।

ব্যুৎ. গৄ-তি, ভা[১];+ই[২];+ত, র্ম্ম[৩];+†ত[৪];+†অন, ভা[৫];+ই[৬];+‡

---

*গৃ=গর্। †র্=ল্। ‡গৄ=গ্র।

বন্[৭];+০[৮];+অ, আ[৯];+অথ[১০];+০—পতি[১১];+অল[১২];+উৎ[১৩];+অ[১৪];+অ—ঈ[১৫];+ত[১৬];+ভ[১৭];+উ[১৮];+তৃ, ক[১৯];+মুৎ[২০];+তৃ, ক[২১];+উৎ+ত, র্ম্ম[২২]; আ+অ[২৩]; উৎ+অ[২৪], কড়ম্+অ[২৫]; সম্+অ[২৬]; সম্+ত, র্ম্ম[২৭]।

(২৯৭) গেপ্—সক। গমন ক। অক, কম্পিত হ (গেপতে) গেপন[১], গেপিত[২]।

ব্যুৎ. গেপ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(২৯৮) গেষ্—সক। অন্বেষণ ক (ভ্বা, আ। গেষতে)। গেষণ[১], গেষিত[২], গেষিতা[৩], গেষণীয়[৪], গেষিতব্য[৫]।

ব্যুৎ. গেষ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+তৃ, ক[৩];+অনীয়, র্ম্ম[৪];+তব্য, র্ম্ম[৫]।

(২৯৯) গ্লেষ্—সক। অন্বেষণ ক (ভ্বা, আ। গ্লেষতে)। গ্লেষণ[১], গ্লেষিত[২], গ্লেষিতব্য[৩], গ্লেষণীয়[৪]।

ব্যুৎ. গ্লেষ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+তব্য, র্ম্ম[৩];+অনীয়, র্ম্ম[৪]।

(৩০০) গোম—সক। লেপন ক (চুরা, প। গোময়তি)। গোমন,

ব্যু. গোম—অন, ভা[১]।

(৩০১) গোস্ট্—সক। রাশি ক, একত্র জড় ক (ভ্বা, আ। গোস্টতে)। গোস্টন[১], গোস্টিত[২]।

ব্যুৎ. গোস্ট্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৩০২) গোষ্ঠ্—অক। সংঘাত, সমারোহ ক, একত্র ক (ভ্বা, আ। গোষ্ঠতে)। গোষ্ঠী[১], গোষ্ঠীন[২]।

ব্যুৎ. গোষ্ঠ্—ইন্, ক[১];+ঈন[২]।

(৩০৩) গৈ—সক। গান ক, কীর্ত্তন ক (ভ্বা, প। গায়তি) গীত[১]; গান[২], গীতি[৩], গায়ক[৪], গায়ন[৫], গাতা[৬], গাতু[৭], গেয়[৮],

গায়[৯], গয়া[১০], সামগ[১১], উদ্গীথ[১২], উদ্গীত[১৩]।

ব্যুৎ. গৈ—ত, কর্ম্ম[১]; +অন, ভা[২]; +তি, ভা[৩]; +অক, ক[৪]; +অন, ভা[৫]; +তৃ, ক[৬]; +তু[৭]; +য, কর্ম্ম[৮]; +অ[৯]; +অ, আ[১০]; সামন্+অ[১১]; উৎ+থ[১২]; উৎ+ত, কর্ম্ম[১৩]।

(৩০৪) গ্রন্থ্—অক। কুটিল হ (ভ্বা, আ। গ্রন্থতে)। সক, গাঁথা (চুরা-বি, ক্র্যা, প। গ্রন্থয়তি, গ্রন্থতি; গ্রথ্নাতি)। গ্রন্থন[১], গ্রথিত[২], গ্রন্থি[৩], গ্রন্থিত[৪], গ্রন্থিল[৫], গ্রন্থক[৬], গ্রন্থী[৭], গ্রন্থিক[৮]।

ব্যুৎ. গ্রন্থ—অন, ভা;[১] + *ত, কর্ম্ম, ভা[২]; +ই[৩]; +ত, কর্ম্ম, ভা[৪]; +ইল[৫]; +অক, ক[৬]; +ইন্, ক[৭]; +অক[৮]।

(৩০৫) গ্রস্—সক। গ্রাস ক, (চুরা-বি, প। গ্রাসয়তি গ্রসতি)। সক, ভক্ষণ ক (ভ্বা, আ। গ্রসতে)। গ্রাস[১], গ্রাসক[২], গ্রস্ত[৩], গ্রাসিত[৪], গ্রসনীয়[৫], গ্রসিত[৬], গ্রীষ্ম[৭], গ্রাসিষ্ণু[৮]।

ব্যুৎ. গ্রস্—অ, ভা[১]; +অক, ক[২]; +ত, কর্ম্ম[৩]; +ত, কর্ম্ম[৪], +অনীয়, কর্ম্ম[৫]; +ত, কর্ম্ম[৬]; + † ম[৭]; +ইষ্ণু[৮]।

(৩০৬) গ্রহ্—সক। গ্রহণ ক (চুরা-বি,। ক্র্যা, উভ। গ্রাহয়তি, গ্রহতি; গৃহ্লাতি, গৃহ্লীতে)। অনু-পূর্ব্ব, অনুগ্রহ ক; উৎ-ঊর্দ্ধগ্রহণ; উপ—স্পর্শ ক; নি—নিগ্রহ ক; পরি—স্বীকার ক, ধারণ ক; প্রতি প্রতিগ্রহ, স্বীকার; বি—বিগ্রহ, বিরোধ ক; সম্—সংগ্রহ ক; উপ-সম্-উপসংগ্রহ। গ্রহণ[১], গ্রহণীয়[২], গ্রাহক[৩], গ্রহীতা[৪], গ্রাহী[৫], গৃহীত[৬], গ্রাহ্য[৭], গৃহীতা[৮], গ্রাবা[৯], গ্রাহ[১০], গ্রহ[১১], গ্রাহ[১২], গ্রহণী[১৩], আগ্রহ[১৪], বিগ্রহ[১৫], অনুগ্রহ[১৬], পরিগ্রহ[১৭], সংগ্রহ[১৮], সংগ্রাহ-

* ন—লোপ। † গ্রস্=গ্রীষ্।

ক[১৯], পরিগ্রাহক[২০], সংগ্রহীতা[২১], সংগ্রাহী[২২], সংগৃহীত[২৩], দুরাগ্রহ[২৪], অসংগ্রহ[২৫], প্রগ্রহ[২৬], প্রগ্রাহ[২৭], ফলগ্রহি[২৮], মলগ্রহি[২৯], রজোগ্রহি[৩০], ফলেগ্রাহি[৩১], ফলগ্রাহি[৩২], সমগ্র[৩৩]।

ব্যুৎ. গ্রহ্‌-অন, ভা[১];+অনীয়, র্ম্ম[২];+অক, ক[৩];+তৃ, ক[৪];+ইন, ক[৫];+ত, র্ম্ম[৬];+য, র্ম্ম[৭];+তৃ, ক[৮];+* বন[৯];+য, র্ম্ম[১০];+অ, ভা[১১];+অ, ভা[১২];+অন-ঈ[১৩]; আ+অ, ভা[১৪]; বি+অ[১৫]; অনু+অ, ভা[১৬]; পরি+অ[১৭]; সম্‌+অ[১৮]; সম্‌+অক, ক[১৯]; পরি+অক, ক[২০]; সম্‌+তৃ, ক[২১]; সম্‌+ইন্‌, ক[২২]; সম্‌+ত, র্ম্ম[২৩]; দুর্‌-আ+অ[২৪]; ন-সম্‌+অ[২৫]; প্র+অ, ভা[২৬]; প্র+অ, ভা[২৭]; ফল+ই[২৮]; মল+ই[২৯]; রজস্‌+ই[৩০]; ফলে+ই[৩১]; ফল+ই[৩২]; সম্‌+অ[৩৩]।

(৩০৭) গ্রাম—সক। আভাষণ ক, মন্ত্রণা ক (চুরা, প। গ্রাময়তি)। গ্রাম[১], গ্রামণী[২]।

ব্যুৎ. গ্রাম্‌-অ, ভা[১];+অ-নী[২]।

(৩০৮) গ্লস্‌-সক। ভক্ষণ ক (ভ্বা, আ। গ্লসতে)। গ্লাস[১], গ্লস্ত[২], গ্লাসক[৩]।

ব্যুৎ. গ্লস্‌-অ, ভা[১];+ত, র্ম্ম[২];+অক, ক[৩]।

(৩০৯) গ্লহ্‌—সক। গ্রহণ ক (চুরা-বি, প। গ্লাহয়তি, গ্লহতি)। গ্লাহন[১]।

ব্যুৎ. গ্লহ্‌-অন, ভা[১]।

(৩১০) গ্লেপ্‌—অক। ম্লান হ, দীন হ, কম্পান। সক, গমন ক, (ভ্বা, আ। গ্লেপতে)। গ্লেপন[১], গ্লেপিত[২]।

---

* গ্রহ্‌=গ্রা।

ব্যুৎ. গ্লেপ্—অন, ভা[১];+ত, র্ম্ম, ভা[২]।

(৩১১) গ্লৈ—অক। ম্লান হ, ক্লান্ত হ, হর্ষক্ষয় (ভ্বা, প। গ্লায়তি)। গ্লানি[১], গ্লান[২], গ্লাতা[৩], গ্লাস্নু[৪], গ্লেয়[৫], গ্লৌ[৬]।

ব্যুৎ., গ্লৈ—তি, ভা[১];+অন, ভা[২];+তৃ, ক[৩];+স্নু[৪];+য, র্ম্ম[৫]; +ঔ[৬]।

ঘ

(৩১২) ঘগ্ঘ্—অক। হাস্য ক (ভ্বা, প। ঘগ্ঘতি) ঘগ্ঘন[১], ঘগ্ঘিত[২]।

ব্যুৎ. ঘগ্ঘ্—অন, ভা[১];+ত, ভা[২]।

(৩১৩) ঘট্—সক। বধ ক, স্তূপ ক। অক, দীপ্তি পা (চুরা, প। ঘাটয়তি)। যত্ন ক, সঙ্ঘটন ক (ভ্বা, আ। ঘটতে, (ঘটাদি) ঘটয়তি)। উৎপূর্ব্ব—খোলা। ঘটন[১], ঘটনা[২], ঘটা[৩], ঘটক[৪], ঘটিত[৫], ঘটনীয়[৬], ঘট[৭], ঘটিকা[৮], ঘটী[৯], ঘাট[১০], বিঘটন[১১], বিঘটক[১২], সঙ্ঘটক[১৩], সুঘটক[১৪], উদ্ঘাটন[১৫], উদ্ঘাটিত[১৬], উদ্ঘাটক[১৭], উদ্ঘাট[১৮]।

ব্যুৎ. ঘট্—অন, ভা[১];+অন, আ[২];+অ, আ[৩];+অক, ক[৪]; +ত, র্ম্ম[৫];+অনীয়, র্ম্ম[৬];+অ, ভা[৭]; অক—আ[৮];+ইন্, ক[৯];+ অ, ভা[১০]; বি+অন, ভা[১১]; বি+অক, ক[১২]; সম্+অক, ক[১৩]; সু+অক, ক[১৪]; উৎ+অন, ভা[১৫]; উৎ+ত, র্ম্ম[১৬]; উৎ+অক, ক[১৭]; উৎ+অ, ভা[১৮]।

(৩১৪) ঘন্ট্—অক। দীপ্তি পা (চুরা—বি, প। ঘণ্টয়তি, ঘণ্টতি)। ঘণ্টা[১]।

ব্যুৎ. ঘন্ট্—অ, আ[১]।

(৩১৫) ঘট্ট—সক। চালিত ক, ইতস্ততঃ লাড়া চাড়া (চুরা, প। ঘট্টয়তি)। অক, চঞ্চল হ (ভ্বা, আ। ঘট্টতে)। ঘট্ট[১], ঘট্টা[২], ঘট্টী[৩], ঘট্টনা[৪], ঘট্টন[৫], সংঘট্টন[৬], সংঘট্টিত[৭], অবঘট্ট[৮]।

ব্যু. ঘট্ট-অ, ভা[১];+অ, আ[২];+ইন্, ক[৩];+অন, আ,ভা[৪]; +অন, ভা[৫]; সম্+অন, ভ[৬]; সম্+ত, র্ম্ম[৭]; অব+অ[৮]।

(৩১৬) ঘণ্—অক। দীপ্তি পা (তনা, উভ। ঘণোতি ঘণুতে)। ঘত[১], ঘনিতা[২], ঘন[৩]।

ব্যুৎ. ঘণ্-* ত, ভা[১];+তৃ, ক[২];+অ, ভা[৩]।

(৩১৭) ঘন্ব্—সক। গমন ক (ভ্বা, প। ঘম্বতি)। ঘম্বন[১], ঘম্বিত[২]।

ব্যুৎ. ঘন্ব্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৩১৮) ঘর্ব্ব্—সক। গমন ক (ভ্বা, প। ঘর্ব্বতি)। ঘর্ব্বণ[১], ঘর্ব্বিত[২]।

ব্যু. ঘর্ব্ব্-অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৩১৯) ঘস্—সক। ভোজন ক (ভ্বা, প। ঘসতি)। ঘাস[১], ঘসি[২], ঘস্মর[৩], ঘস্র, ক্ষীর[৪]।

ব্যুৎ. ঘস্—অ, ভা[১];+ই[২];+মর[৩];+র[৪];+†ঈর[৫]।

(৩২০) ঘন্স্—সক। রক্ষা ক (ভ্বা, আ। ঘংসতে)। ঘংসন[১], ঘংসিত[২]।

ব্যুৎ. ঘন্স্-অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৩২১) ঘুট্—অক। প্রত্যাগমন ক। সক, পরিবর্ত্তিক (ভ্বা, আ। ঘোটতে)। সক, বিস্ম ক (তুদা, প। ঘুটতি)। ঘোটন[১], ঘোটক[২], ঘোটিত[৩], ঘুটিত[৪], ঘুটন[৫]।

---

* ণ-লোপ। † ঘস্-ক্ষ-নিপাতন।

ব্যুৎ. ঘুট্-অন, ভা[১];+অক[২];+ত. র্ম্ম[৩];+ত, র্ম্ম[৪];+অন,ভা[৫]।

(৩২২) ঘুড়্—সক। বাধা দেয়, বিঘ্ন ক (তুদা, প। ঘুড়তি)। ঘুড়ন[১], ঘুড়িতা[২]।

ব্যুৎ. ঘুড়্-অন, ভা[১];+তৃ, ক[২]।

(৩২৩) ঘুণ্—অক। ভ্রমণ ক (ভ্বা, আ। ঘোণতে। তুদা, প ঘুণতি)। ঘুণ[১], ঘুণিত[২], ঘোণন[৩], ঘুণিতা[৪], ঘোণা[৫]।

ব্যুৎ. ঘুণ্-অ[১];+ত,ভা[২];+অন,ভা[৩];+তৃ,ক[৪];+অ, আ[৫]।

(৩২৪) ঘুর্—সক। শব্দ ক, ভয়ঙ্কর হ (তুদা, প। ঘুরতি) ঘোর[১], ঘোরণ[২], ঘুর্ঘুর[৩], ঘোরতর[৪]।

ব্যুৎ. ঘুর্-অ, ভা[১];+অন, ভা[২];+* অ[৩];+অ-তর[৪]।

(৩২৫) ঘুষ্—সক। স্তব ক, প্রচার ক (চুরা,-বি, প। ঘোষয়তি, ঘোষতি)। অক শব্দ ক (ভ্বা, প। ঘোষতি)। আ-পূর্ব্ব-সম্ভত রোদন ক। ঘোষ[১], ঘোষক[২], ঘোষণা[৩], ঘুষ্ট[৪], ঘুষিত[৫], ঘোষয়িতৃ[৬], ঘোষণ[৭], ঘোষিত[৮], নির্ঘোষ[৯], আত্মঘোষ[১০], আঘোষণ[১১], উচ্চৈর্ঘুষ্ট[১২]।

ব্যুৎ. ঘুষ্-অ, ভা[১];+অক, ক[২];+অন, আ,ভা[৩];+ত,র্ম্ম[৪];+ত,র্ম্ম[৫];+ইতৃ[৬];+অন, ভা[৭];+ত, র্ম্ম[৮]; নির্+অ, ভা[৯]; আত্মন্+অ, ক[১০]; আ+অন, ভা[১১]; উচ্চৈস্+ত, র্ম্ম[১২]।

(৩২৬) ঘুন্স্—সক। অলঙ্কৃত ক (ভ্বা,আ। ঘুংসতে)। ঘুংসন[১], ঘুংসিত[২], ঘুংসী[৩]।

ব্যুৎ. ঘুন্স্-অন, ভা[১];+ত, র্ম্ম[২];+ইন্ ক[৩]।

(৩২৭) ঘৃন্ব্—অক। ক্ষরণ (ভ্বা, আ। ঘৃংবতে)। ঘৃংষণ[১], ঘৃংষিত[২]।

ব্যুৎ. ঘূন্‌য্‌—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৩২৮) ঘূর্‌—সক। হিংসা ক। অক, জীর্ণ হ (দিবা, আ। ঘূর্য্যতে)। ঘূর্ণ[১], ঘূরণ[২],।

ব্যুৎ. ঘূর্‌—ত, র্ম্ম[১];+অন, ভা[২]।

(৩২৯) ঘূর্ণ্‌—অক। ঘোরা, ভ্রমণ ক (তুদা, উভ। ঘূর্ণতি-তে)। ঘূর্ণন[১], ঘূর্ণিত[২], ঘূর্ণ[৩], ঘূর্ণমান[৪], ঘূর্ণা[৫], ঘূর্ণি[৬], ঘূর্ণায়মান[৭], ঘূর্ণন্তী[৮], ঘূর্ণতী[৯], আঘূর্ণন[১০], আঘূর্ণিত[১১]।

ব্যুৎ. ঘূর্ণ্‌—অন, ভা[১];+ত, ভা[২];+অ, ভা[৩]+আন, ক[৪];+অ, আ, ভা[৫];+ই[৬];+আন, ক[৭];+অৎ, ক, ঈ-স্ত্রীং[৮];+অৎ, ক, ঈ-স্ত্রীং[৯]; আ+অন, ভা[১০]; আ+ত, র্ম্ম[১১]।

(৩৩০) ঘৃ—সক। সেচন ক (ভ্বা, প। ঘরতি)। অক, দীপ্তি পা। সক, সেচন ক (হ্বা, প। জঘর্ত্তি, জিঘর্ত্তি)। সক, সেচন ক, আচ্ছাদন ক (চুরা, প। ঘারয়তি)। ঘৃত[১], ঘারিত[২], ঘর্ম্ম[৩], আঘার[৪]।

ব্যুৎ. ঘৃ—ত, ণ, র্ম্ম[১];+ত, র্ম্ম, ণ[২];+ম[৩]; আ+অ, ভা[৪]।

(৩৩১) ঘৃ(ন)ণ্‌—সক। দীপ্তি পা। (তনা, উভ,। ঘৃণোতি, ঘর্ণোতি, ঘর্ণুতে, ঘৃণুতে)। ঘৃত[১], ঘৃণা[২], ঘৃণি[৩], ঘর্ণিতা[৪]।

ব্যুৎ. ঘৃ(ন) ণ্‌—* ত[১];+অ, আ, ভা[২];+ই[৩];+তৃ, ক[৪]।

(৩৩২) ঘৃণ্ণ্‌—সক। গ্রহণ ক (ভ্বা, আ। ঘৃণ্ণতে ঘৃণ্ণাতে)। ঘৃণ্ণিত[১]।

ব্যুৎ. ঘৃণ্ণ্‌—ত, র্ম্ম[১]।

(৩৩৩) ঘৃষ্‌—সক। ঘর্ষণ ক, ঘষা (ভ্বা, প। ঘর্ষতি)। ঘর্ষণ[১], ঘৃষ্টি[২], ঘর্ষক[৩], ঘৃষ্ট[৪], ঘর্ষিত[৫], ঘৃষ্য[৬], ঘর্ষণীয়[৭], ঘৃষ্বী[৮] ঘর্ষণী[৯]।

---

* ন—লোপ।

ব্যুৎ. ঘ্রষ্-অন, ভা[১];+তি, ভা[২];+অক, ক[৩];+ত, র্ম্ম[৪];+ত, র্ম্ম[৫];+য, র্ম্ম[৬];+অনীয়, র্ম্ম[৭],+বিন্, ক[৮];+অন, ঈ-স্ত্রী[৯]।

(৩৩৪) ঘ্রা-সক। গন্ধগ্রহণ ক, সোঁকা (ভ্বা, প। জিঘ্রতি)। ঘ্রাণ[১], ঘ্রাত[২], ঘ্রাতব্য[৩], ঘ্রায়ক[৪], ঘ্রাতি[৫], আঘ্রাত[৬], আঘ্রেয়[৭], ব্যাঘ্র[৮]।

ব্যুৎ. ঘ্রা-অন, ণ, ভা[১];+ত, র্ম্ম[২];+তব্য,র্ম্ম[৩];+অক, ক[৪];+তি, ভা[৫]; আ+ত, র্ম্ম[৬]; আ+য, র্ম্ম[৭]; বি-আ+অ, সংজ্ঞার্থে[৮]।

চ

(৩৩৫) চক্—সক। ব্যাঘাত ক। অক, তৃপ্ত হ (ভ্বা, উভ। চকতি-তে)। চকিত[১], চক্র[২], চকন[৩], চাক[৪], চকোর[৫]।

ব্যুৎ. চক্-ত, র্ম্ম[১];+র[২];+অন, ভা[৩];+অ, ভা[৪];+ওর, সংজ্ঞার্থে[৫]।

(৩৩৬) চক্ক্—অক। কাতর হ (চুরা, প। চক্কয়তি)। চক্কন[১], চক্কয়িতা[২]।

ব্যুৎ. চক্ক্-অন, ভা[১];+তৃ, ক[২]।

(৩৩৭) চন্চ্—সক। গমন, প্রাপ্তি (ভ্বা, প। চঞ্চতি)। চঞ্চু[১], চঞ্চন[২], চঞ্চিতা[৩], চঞ্চা[৪], চঞ্চু[৫], চঞ্চূ[৬]।

ব্যুৎ. চন্চ্-ত, র্ম্ম[১];+অন, ভা[২];+তৃ, ক[৩];+অ, আ, ভা[৪];+উ, সংজ্ঞার্থে[৫];+ঊ, সংজ্ঞার্থে[৬]।

(৩৩৮) চন্ড্—অক। ক্রুদ্ধ হ (চুরা, প। চণ্ডয়তি; ভ্বা, আ। চণ্ডতে)। চণ্ড[১], চণ্ডু[২], চণ্ডী[৩], চণ্ডাল[৪], প্রচণ্ড[৫], উচ্চণ্ড[৬]।

ব্যুৎ. চন্ড্-অ, ভা[১];+উ[২];+ইন্, ক[৩];+আল, সংজ্ঞার্থে[৪]; প্র+অ[৫]; উৎ+অ, ভা[৬]।

(৩৩৯) চট্—সক। বধ ক, ভেদ ক (চুরা, প। চাটয়তি। ভ্বা,

প। চটতি)। চাটয়িতা[১], চটন[২], চটিত[৩], চটক[৪], চটু[৫], চাটু[৬], উচ্চটা[৭], উচ্চাটন[৮], কঞ্চট[৯]।

ব্যুৎ. চট্—তৃ, ক[১];+অন, ভা[২];+ত, র্ম্ম[৩],+অক[৪];+উ[৫];+উ[৬]; উৎ+অ, আ[৭], ভা[৭]; উৎ+অন, ভা[৮]; কম্+অ, ভা[৯]।

(৩৪০) চণ্—অক। শব্দ ক। সক, গমন ক, বধ ক, দান ক (ভ্বা, প। চণতি। ঘটা—বি, চণয়তি, চাণয়তি)। চণিত[১], চণন[২], চণিতা[৩], চাণক[৪], চণক[৫]।

ব্যুৎ. চণ্—ত, র্ম্ম, ভা[১],+অন, ভা[২];+তৃ, ক[৩];+অক, ক[৪];+অক, ক[৫]।

(৩৪১) চৎ—দ্বিক। প্রার্থনা ক (ভ্বা, উভ। চততি-তে। চতিত[১], চতন[২], চত্বর[৩], চাতক[৪]।

ব্যুৎ. চৎ—ত, র্ম্ম[১];+অন, ভা[২],+বর[৩];+অক, সংজ্ঞার্থে[৪]।

(৩৪২) চদ—দ্বিক। যাচ্ঞা ক (ভ্বা, উভ। চদতি-তে)। চদন[১]।

ব্যুৎ. চদ—অন, ভা[১]।

(৩৪৩) চন্দ—সক। আনন্দিত ক। অক, হৃষ্ট হ, দীপ্তি পা. (ভ্বা, প। চন্দতি)। চন্দ[১], চন্দন[২], চন্দ্র[৩], চন্দ্রিকা[৪], চন্দ্রিল[৫]।

ব্যুৎ. চন্দ—অ, ভা[১];+অন, ণ, ভা[২];+র, সংজ্ঞার্থে[৩];+অক, আ[৪];+ ইল, সংজ্ঞার্থে[৫]।

(৩৪৪) চপ্—সক। চূর্ণ ক (চুরা, প। চপয়তি, ঘটাদি)। প্রিয় কথন, সান্ত্বনা ক, জাঁতদেওন (ভ্বা, প। চপতি)। গমন ক (চুরা, উভ। চম্পয়তি-তে)। চপন[১], চাপন[২], চপট[৩], চপেট[৪], চাপ[৫], চপিত[৬], চপল[৭], চম্পক[৮], চম্পা[৯]।

ব্যুৎ. চপ্—অন, ভা[১];+অন, ভা[২];+অট, সংজ্ঞার্থে[৩];+ইট, সংজ্ঞার্থে[৪];+অ, ণ, ভা[৫];+ত, র্ম্ম[৬];+অল[৭];+অক[৮];+অ, আ—স্ত্রীং[৯]।

(৩৪৫) চম্—সক। ভক্ষণ ক (স্বা, প। চম্নোতি। ভ্বা, প। চমতি)। আ—পূর্ব্ব, আচমন ক। চমন[১], চমর[২], চমস্[৩], চমূ[৪], চমূরু[৫], আচমন[৬], আচাম[৭], আচান্ত[৮], আচমিতা[৯]।

ব্যুৎ. চম্—অন, ভা[১];+অর[২];+অস্[৩];+ঊ[৪];+ঊরু[৫];+আ+অন, ভা[৬]; আ+অ, ভা[৭]; আ+ত, র্ম্ম[৮]; আ+তৃ, ক[৯]।

(৩৪৬) চর্—সক। গমন ক, ভোজন ক, আচরণ ক (ভ্বা, প। চরতি) সন্দেহ ক, সন্দেহ না করা (চুরা, প। চারয়তি)। অতি—পূর্ব্ব, অতিচার, অতিক্রম ক; অভি—মারণ, আচরণ ক; বি-অভি—পুরুষান্তর সংসর্গ; আ—আচরণ ক; উৎ—উদ্গতি, উদয় হ, উচ্চারণ ক; উপ—পূজা ক; পরি—সেবা ক, পূজা ক; প্র—প্রচার ক; বি—বিচরণ ক: মীমাংসা ক; সম্—সঞ্চার হ, সংক্রমণ হ। চরিত[১], চরিত্র[২], চরিষ্ণু[৩], চরণীয়[৪], চর[৫], চরু[৬], চারু[৭], চরক[৮], চরি[৯], চরণ[১০], চরম[১১], চর্ম্ম[১২], চর্য্যা[১৩], চর্ম্মন্[১৪], চার[১৫], চারণ[১৬], চরাচর[১৭], পটচ্চর[১৮], কচ্চর[১৯], রাত্রিচর[২০], রাত্রিঞ্চর[২১], পরিচর্য্যা[২২], উচ্চরিত[২৩], উচ্চার[২৪], আচার্য্য[২৫], আচার্য্যা[২৬], আচারী[২৭], দুরাচার[২৮], গোচর[২৯], অনুচর[৩০] সহচর[৩১], প্রচারক[৩২], পরিচারক[৩৩], উচ্চারিত[৩৪], আচরিত[৩৫], সঞ্চরণ[৩৬], বিচরণ[৩৭], উচ্চারণ[৩৮], আচরণ[৩৯], ব্যভিচার[৪০], অত্যাচার[৪১], সমাচার[৪২], সঞ্চার[৪৩], উপচার[৪৪], বিচার[৪৫], অপচার[৪৬], আচার[৪৭], প্রচার[৪৮], বিচারক[৪৯], বিচারিত[৫০], আচার্য্যক[৫১]।

ব্যুৎ. চর্—ত, র্ম্ম[১]; + ইত্র[২]; + ইষ্ণু[৩]; + অনীয়, র্ম্ম[৪]; + অ[৫]; + উ[৬]; + উ[৭]; + অক[৮]; + ই[৯]; + অন, ণ, ভা[১০]; + অম[১১]; + ম[১২]; + য, আ, ভা[১৩]; + মন্[১৪]; + অ, ভা, ক, বি[১৫]; + অন, ভা, ণি[১৬]; + অ—অচর[১৭]; পট + অ[১৮]; ক + অ[১৯], রাত্রি + অ[২০]; রাত্রিম্ + অ[২১]; পরি + য, আ, ভা[২২]; উৎ + ত, র্ম্ম[২৩]; উৎ + অ[২৪]; আ + য, ক[২৫]; আ + য, ক, আ—স্ত্রীং[২৬]; আ + ইন, ক[২৭]; ভুব্—আ + অ[২৮]; গো + অ[২৯]; অনু + অ[৩০]; সহ + অ[৩১], প্র + অক, ক[৩২]; পরি + অক, ক[৩৩]; উৎ + ত, র্ম্ম[৩৪]; আ + ত, র্ম্ম[৩৫]; সম্ + অন, ভা[৩৬]; বি + অন, ভা[৩৭]; উৎ + অন, ভা[৩৮]; আ + অন, ভা[৩৯]; বি—অভি + অ[৪০]; অতি—আ + অ[৪১]; সম্—আ + অ[৪২]; সম্ + অ, ভা[৪৩]; উপ + অ[৪৪]; বি + অ[৪৫]; অপ + অ[৪৬], আ + অ[৪৭]; প্র + অ[৪৮]; বি + অক, ক[৪৯]; বি + ত, র্ম্ম[৫০]; আ + য, ক—ইদমর্থে[৫১]।

(৩৪৭) চর্চ্চ—সক। অধ্যয়ন ক, অনুশীলন ক (চুরা, প। চর্চ্চয়তি)। কথন, ভর্ৎসনা ক (তুদা, প। চর্চ্চতি) চর্চ্চিত[১], চর্চ্চনীয়[২], চর্চ্চক[৩], চর্চ্চা[৪], চর্চ্চিকা[৫], চর্চ্চরী[৬], চর্চ্চতী[৭], চর্চ্চন্তী[৮]।

ব্যুৎ. চর্চ্চ্—ত, র্ম্ম[১]; + অনীয়, র্ম্ম[২]; + অক, ক[৩]; + অ, আ, ভা[৪]; + অক, আ, ভা[৫]; + অ—রী[৬]; + অৎ, ক, ঈ—স্ত্রী[৭]; + অৎ, ক, ঈ—স্ত্রীং[৮]।

(৩৪৮) চর্ব্ব্—সক। চর্ব্বণ ক (চুরা—বি, প। চর্ব্বয়তি, চর্ব্বতি)। চর্ব্বণ[১], চর্ব্বিত[২], চর্ব্ব্য[৩], চর্ব্বক[৪], চর্ব্বণা[৫]।

ব্যুৎ. চর্ব্ব—অন, ভা[১]; + ত র্ম্ম[২]; + য, র্ম্ম[৩]; + অক, ক[৪]; + অন, আ—স্ত্রীং[৫]।

(৪৪৯) চল্—সক। গতি। অক, কম্পন (ভ্বা, প। চলতি। (ঘটাদি) চলয়তি)। অক, বিলাস ক (তুদা, প। চলতি)। সক, ধারণ ক, পোষণ ক। (চুরা, প। চালয়তি) বি—পূর্ব্ব,

বিচলন, সংক্ষোভ। চলন[১], চলিত[২], চালনা[৩], চালিত[৪], চালন[৫], চলৎ[৬], চলিষ্ণু[৭], চালনী[৮], চাল[৯], চলতী[১০], চলন্তী[১১], চঞ্চল[১২], অচল[১৩], চলাচল[১৪], সঞ্চালিত[১৫], উচ্চলিত[১৬], প্রচলিত[১৭], সঞ্চালন[১৮], বিচলন[১৯]।

ব্যুৎ. চল্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+অন, আ, ভা[৩];+ত,র্ম্ম[৪]; +অন, ভা[৫];+অৎ, ক[৬];+ইষ্ণু[৭];+অন, ঈ—স্ত্রীং[৮];+অ, ভা[৯];+অৎ.ক,ঈ—স্ত্রীং[১০];+অৎ,ক, ঈ—স্ত্রীং[১১];+(যঙ্‌লুগন্ত) অ[১২]; ন+অ[১৩];+* অ[১৪]; সম্+ত, র্ম্ম[১৫], উৎ+ত,র্ম্ম[১৬]; প্র+ত, র্ম্ম[১৭]; সম্+অন, ভা[১৮]; বি+অন, ভা[১৯]।

(৩৫০) চষ্—সক। ভক্ষণ ক (ভ্বা, উভ। চষতি-তে)। বধ ক, (ভ্বা, প। চষতি)। চষণ[১], চষিত[২], চষক[৩], চাষ[৪]।

ব্যুৎ. চষ্—অন, ভা[১];+ত, র্ম্ম[৩];+অক[৩];+অ[৪]।

(৩৫১) চক্ষ্—সক। কথন, দর্শন (অদা, আ। চষ্টে)। চক্ষু[১], বিচক্ষণ[২]।

ব্যুৎ. চক্ষ্—উস[১]; বি+অন, ক[২]।

(৩৫২) চি—সক। চয়ন ক (স্বা, উভ। চিনোতি, চিনুতে, ভ্বা, উভ)। চয়তি-তে; চুরা, প। চপয়তি, চাপয়তি, চয়য়তি, চায়য়তি (ঘটাদি-বি)। অপ—পূর্ব্ব, অপচয় ক[?] আ—আচ্ছাদন ক, ব্যাপ্তি; উপ—বৃদ্ধি ক; নি—নিচয়, ব্যাপ্তি; নির্—নিশ্চয় ক; পরি—পরিচয়দেয়, চেনা; প্র—ব্যাপ্তি, বৃদ্ধি ক; বি—সঞ্চয় ক, আরাধনা ক; সম্—সঞ্চয় ক; সম্—উৎ—সমূহ। চয়ন[১],চয়নীয়[২],চেতব্য[৩],চেয়[৪],চিতা[৫],চিতি[৬], কায়[৭], চয়[৮], চায়ন[৯],চীন[১০], চীভ[১১],চীনাংশুক[১২],চীর[১৩],চীবর[১৪],

* চল=চলাচল

চিব[১২], চিকুর[১৬], চিত[১৭], অপচয়[১৮], সমুচ্চয়[১৯], সঞ্চয়[২০], পরি-চয়[২১], নিচয়[২২], নিশ্চয়[২৩], প্রচয়[২৪], অগ্নিচিত্যা[২৫], পরিচিত[২৬], নিচিত[২৭], সঞ্চিত[২৮], পরিচায়ক[২৯], অগ্নিচিৎ[৩০], আকায়[৩১], নিকায়[৩২], নিকায্য[৩৩], নিশ্চিত[৩৪], উপচয়[৩৫], বিচয়[৩৬], অপ-চিতি[৩৭], অপচিত[৩৮], উচ্চৈস্[৩৯], বিচয়ন[৪০], বিচিত[৪১], বিচেয়[৪২]।

ব্যুৎ. চি—অন, ভা[১]; +অনীয়, র্ম্ম[২]; +তব্য, র্ম্ম[৩]; +য, র্ম্ম[৪]; +ত, র্ম্ম, আ—স্ত্রীং[৫]; +তি, ভা[৬]; + * অ. কিম্বা ক—ই, ধাতু, অ—প্রত্যয়[৭]; +অ, ভা[৮]; +অন, ভা[৯]; + † ন[১০]; +ইত[১১]; +ন—অংশুক[১২]; +†র[১৩]; + †বর[১৪]; +র[১৫]; +কুর, সংজ্ঞার্থে[১৬]; +ত, র্ম্ম[১৭]; অপ+অ, ভা[১৮]; সম্—উৎ+অ[১৯]; সম্+অ, ভা[২০], পরি +অ, ভা[২১]; নি+অ[২২]; নির্+অ[২৩]; প্র+অ[২৪]; অগ্নি+য, আ—স্ত্রীং[২৫]; পরি+ত, র্ম্ম[২৬]; নি+ত, র্ম্ম[২৭]; সম্+ত, র্ম্ম[২৮]; পরি+অক, ক[২৯]; অগ্নি+০[৩০]; আ+ * অ[৩১]; নি+* অ[৩২]; নি+*য—ভাবে[৩৩]; নির্+ত, র্ম্ম[৩৪]; উপ+অ[৩৫]; বি+অ[৩৬]; অপ+তি, ভা[৩৭]; অপ+ত, র্ম্ম[৩৮]; উৎ+ঐস্[৩৯]; বি+অন, ভা[৪০]; বি+ত, র্ম্ম[৪১]; বি+য, র্ম্ম[৪২]।

(৩৫৩) চিট্—সক। প্রেরণ ক (চুরা, প। চেটয়তি)। চেটন[১], চেট[২], চেড[৩], চেটী[৪], চেডী[৫]।

ব্যুৎ. চিট্—অন, ভা[১]; +অ, ভা[২]; + ‡ অ[৩]; +অ, ঈ—স্ত্রীং[৪]; +‡ অ ঈ—স্ত্রীং[৫]।

(৩৫৪) চিৎ—সক। জানা (ভ্বা, প। চেততি; চুরা, আ। চেত-য়তে)। চিৎ[১], চেতন[২], চিত্ত[৩], চেতনা[৪], চেতিতা[৫], চিন্ন[৬]; চেতস্[৭], চিদাত্মা[৮], চিদ্রূপ[৯], চিন্ময়[১০], চিক্কণ[১১]।

* ি=কায়। † চি=ই=ঈ। ‡ ট্=ড্।

ব্যুৎ. চিৎ—০ ক[১];+অন, ভা[২];+ত[৩];+অন, আ, ভা[৪];+তৃ, ক[৫];+ত, র্ম্ম[৬];+অস্[৭];+০—আত্মা[৮];+০—রূপ[৯];+০—ময়[১০];+ * কণ[১১]।

(৩৫৫) চিন্ত্—সক। স্মরণ ক, চিন্তা ক (চুরা, প। চিন্তয়তি) চিন্তা[১], চিন্তিত[২], চিন্তন[৩], চিন্তনীয়[৪], চিন্তক[৫]।

ব্যুৎ. চিন্ত্—অ, আ,[১] ভা[১];+ত, র্ম্ম[২];+অন, ভা[৩];+অনীয় র্ম্ম[৪];+অক, ক[৫]।

(৩৫৬) চিত্র—সক। কদাচিৎ দর্শন, চিত্রিত ক, আশ্চর্য্যান্বিত ক (চুরা, প। চিত্রয়তি, চিত্রাপয়তি)। চিত্র[১], চিত্রক[২]; চিত্রা[৩], চিত্রয়িতা[৪], চিত্রিত[৫], বিচিত্র[৬]।

ব্যুৎ. চিত্র—অ, ভা[১];+অক, ক[২];+অ, আ-স্ত্রীং[৩];+তৃ, ক[৪]; +ত, র্ম্ম[৫]; বি+অ[৬]।

(৩৫৭) চিল্—সক। পরিধান ক (তুদা, প। চিলতি)। চিলিত[১], চেল[২]।

ব্যুৎ. চিল্—ত, র্ম্ম[১];+অ[২]।

(৩৫৮) চিল্ল্—অক। শিথিল হ, বিলাস ক (ভ্বা, প। চিল্লতি) চিল্লন[১], চিল্লিতা[২], চিল্ল[৩]।

ব্যুৎ. চিল্ল্—অন, ভা[১];+তৃ, ক[২];+অ[৩]।

(৩৫৯) চিহ্ন—সক। লক্ষণ (চুরা, উভ। চিহ্নয়তি—তে)। চিহ্ন[১], চিহ্নন[২], চিহ্নিত[৩]।

ব্যুৎ. চিহ্ন-অ, ভা[১];+অন, ভা[২];+ত, র্ম্ম[৩]।

(৩৬০) চীব্—সক। গ্রহণ ক, আচ্ছাদন ক (ভ্বা, উভ। চীবতি

---

* ৎ=ক।

—তে)। অক, দীপ্তি পা (চুরা, প। চীবয়তি)। চীবন[১], চীবিত[২], চীবয়িতা[৩], চীবুক[৪]।

ব্যুৎ. চীব্—অন, ভা[১];+ত,র্ম্ম[২];+তৃ, ক[৩];+উক, সংজ্ঞার্থে[৪]।

(৩৬১) চুক্ক্—অক। কাতর হ (চুরা, প। চুক্কয়তি)। চুক্কণ[১], নিশ্চুক্কণ[২]।

ব্যুৎ. চুক্ক্—অন, ভা[১]; নির্+অন, ভা[২]।

(৩৬২) চুট্—অক। হেয় ক, অল্প হ (ভ্বা,প। চোটতি)। সক, ছেদন ক (চুরা, তুদা, প। চোটয়তি, চুটতি)। চোট[১], চোটিত[২], চুটিত[৩], চুটন[৪]।

ব্যুৎ. চুট-অ, ভা[১];+ত, র্ম্ম[২],+ত, র্ম্ম[৩];+অন, ভা[৪]।

(৩৬৩) চুন্ট্—অক। তুচ্ছ হ, অল্প হ, হ্রস্ব হ (ভ্বা, প। চুণ্টতি)। সক, ছেদ ক (চুরা,প। চুণ্টয়তি)। চুণ্টন[১],চুণ্টিত[২]।

ব্যুৎ. চুন্ট্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৩৬৪) চুড্ড্—সক। অনুষ্ঠান ক। অক, কটাক্ষাদি দ্বারা শৃঙ্গার ভাব প্রকাশ ক (ভ্বা,প। চুড্ডতি)। চুড্ড[১], চুড্ন[২]।

ব্যুৎ, চুড্ড্—অ, ভা[১];+অন, ভা[২]।

(৩৬৫) চুন্ড্—অক। জঘন্য হ, ক্ষুদ্র হ (ভ্বা, প। চুণ্ডতি)। সক, ছেদ ক (চুরা, প। চুণ্ডয়তি)। চুণ্ডন[১], চুণ্ডিত[২], চুণ্ডয়িতা[৩]।

ব্যুৎ. চুন্ড্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+তৃ, ক[৩]।

(৩৬৬) চুদ্—সক। প্রেরণ ক, চালান (চুরা, প। চোদয়তি)। চোদনা[১], চোদ্য[২], চোদিত[৩], চোদক[৪], চোদয়িতা[৫], চূড়া[৬], প্রচোদিত[৭]।

ব্যুৎ. চুদ্‌—অন, আ, ভা[১];+য, র্ম্ম[২];+ত,র্ম্ম[৩];+অক[৪];+তৃ, ক[৫];+*আ, ভা[৬]; প্র+ত, র্ম্ম[৭]।

(৩৬৭) চুদ্‌ড্‌—সক। অনুষ্ঠান ক। অক, কটাক্ষাদি দ্বারা শৃঙ্গার ভাব প্রকাশ ক (ভ্বা, প। চুড্‌ড্‌তি)। চুদ[১], চুড্‌ডিত[২]।

ব্যুৎ. চুদ্‌ড্‌-* অ[১];+ত, র্ম্ম, ভা[২]।

(৩৬৮) চুন্‌ব্‌—সক। চুম্বন ক (চুরা—বি, প। চুম্বতি)।চুম্বন[১], চুম্বিত[২], চুম্বক[৩]।

বুৎ. চুন্‌ব্‌-অন, ভা[১];+ত, র্ম্ম[২];+অক, ক[৩]।

(৩৬৯) চুপ্‌—অক। মন্দ২ গমন ক (ভ্বা, প। চোপতি)। চুপিত[১], চুপ[২]।

ব্যুৎ. চুপ্‌-ত, ভা[১];+০[২]।

(৩৭০) চুর্‌—*সক। চুরি ক (চুরা—বি, প। চোরয়তি, চোরতি)। চোর[১], চোরিত[২], চোরণ[৩], চৌর[৪], চুর[৫], প্রচুর[৬]।

ব্যুৎ. চুর্‌-অ, ভা[১];+ত, র্ম্ম[২];+অন, ভা[৩];+অ[৪];+অ, আ[৫]; প্র+অ[৬]।

(৩৭১) চুল্‌—অক। উন্নত হ. ডোবা, পান ক (চুরা, প। চোলয়তি)। চোল[১], চুলুক[২], নিচুল[৩], নিচোল[৪]।

ব্যুৎ. চুল্‌-অ, ভা[১];+উক[২]; নি+অ[৩]; নি+অ,সংজ্ঞার্থে[৪]।

(৩৭২) চুল্ল্‌—অক। বিলাস ক (ভ্বা, প। চুল্লতি)। চুল্লন[১], চুল্লিত[২], চু(ল্লি)ল্লী[৩]।

ব্যুৎ. চুল্ল্‌—অন, ভা[১],+ত, র্ম্ম[২];+ঈ-স্ত্রীং[৩]।

---

* দ্‌=ড়। ‡ ভ—লোপ।

(৩৭৩) চুর্—সক। দগ্ধ ক। (দিবা, আ। চূর্য্যতে)। চূর্ণ[১], চূরণ[২]।

ব্যুৎ. চূর্—ত, র্ম্ম[১];+অন, ভা[২]।

(৩৭৪) চূর্ণ্—সক। পেষণ ক, গুঁড়া ক (চুরা, প। চূর্ণয়তি)। চূর্ণ[১], চূর্ণন[২], চূর্ণিত[৩], চূর্ণক[৪], চূর্ণয়িতা[৫]।

ব্যুৎ. চূর্ণ্—অ, ভা[১];+অন, ভা[২];+ত, র্ম্ম[৩],+অক, ক[৪]; +তৃ, ক[৫]।

(৩৭৫) চূষ্—সক। পান ক, চূষা (ভ্বা, প। চূষতি)। চূষণ[১], চূষিত[২], চূষ্য[৩], চূষক[৪]।

ব্যুৎ. চূষ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+য, র্ম্ম[৩],+অক, ক[৪]।

(৩৭৬) চেল্—অক। চঞ্চল হ। সক, গমন ক (ভ্বা, প। চেলতি)। চেল[১], চেলিত[২], চেলন[৩]।

ব্যুৎ. চেল্—অ, ভা[১];+ত, ভা, র্ম্ম[২];+অন, ভা[৩]।

(৩৭৭) চেল্ল্—অক। চঞ্চল হ। সক,গমন ক (ভ্বা,প। চেল্লতি)। চেল্লন[১], চেল্লিত[২]।

ব্যুৎ. চেল্ল্—অন, ভা[১];+ত, র্ম্ম, ভা[২]।

(৩৭৮) চেষ্ট্—অক। চেষ্টা ক (ভ্বা, আ। চেষ্টতে)। চেষ্টন[১] চেষ্টিত[২], চেষ্টা[৩], চেষ্টক[৪], নিশ্চেষ্ট[৫], নষ্টচেষ্ট[৬]।

ব্যুৎ. চেষ্ট্—অন, ভা[১],+ত, ভা[২];+অ, আ[৩];+অক, ক[৪]. নির্+অ[৫]; নষ্ট+অ[৬]।

(৩৭৯) চ্যু—অক। হাস্য ক। সক, সহ্য ক (চুরা, প। চ্যাবয়তি)। সক, গমন ক, প্রাপ্তি (ভ্বা, আ। চ্যবতে) চ্যুত[১]; চ্যবন[২], চ্যুতি[৩]।

ব্যুৎ. চ্যু—ত, র্ম্ম, ভা[১];+অন, ভা[২];+তি, ভা[৩]।

(৩৮০) চ্যুৎ—অক। ক্ষরণ হ, চ্যুত হ (ভ্বা, প। চ্যোততি)। চ্যুত[১], চূত[২], অচ্যুত[৩], বিচ্যুত[৪], বিচ্যুতি[৫]।

ব্যুৎ. চ্যুৎ—অ, ভা[১];+* ত[২], ন+অ[৪]; বি+অ,ক[৪];বি+ই[৫]।

ছ

(৩৮১) ছদ্—সক। আচ্ছাদন ক (চুরা—বি, উভ। ছাদয়তি—তে, ছদতি-তে)। ছদন[১], ছন্ন[২], ছদ[৩], ছদি[৪], ছদ্মন্[৫], ছত্র[৬], ছত্ত্র[৭], ছদিত[৮], ছদিস্[৯], ছাদ[১০], ছাদন[১১]; ছাদিত[১২], ছটা[১৩]।

ব্যুৎ. ছদ্—অন, ভা[১],+ত, র্ম্ম[২];+ অ[৩];+ই[৪]; +মন্[৫];+† র[৬];+† র[৭];+ত, র্ম্ম[৮],+ইস্[৯];+অ, ভা[১০],+অন, ভা[১১];+ত, র্ম্ম[১২];+‡ অ, আ-স্ত্রীং[১৩]।

(৩৮২) ছন্দ্—সক। আচ্ছাদন ক, সম্বরণ ক, গোপন ক (চুরা, প। ছন্দয়তি)। ছন্দ[১], ছন্দস্[২], স্বচ্ছন্দ[৩], উপচ্ছন্দ[৪]।

ব্যুৎ. ছন্দ্—অ, ভা[১];+অস্[২]; স্ব+অ[৩]; উপ+অ[৪]।

(৩৮৩) ছর্দ্দ্—সক। বমন ক (চুরা, প। ছর্দ্দয়তি)। ছর্দ্দ[১], ছর্দ্দন[২], ছর্দ্দিত[৩], ছর্দ্দিকা[৪], ছর্দ্দি[৫], ছর্দ্দিস্[৬], ছর্দ্দী[৭]।

ব্যুৎ. ছর্দ্দ্—অ, ভা[১];+অন, ভা[২],+ত, র্ম্ম[৩],+অক, আ, ভা[৪];+ই[৫];+ইস্[৬];+ইন্, ক[৭]।

(৩৮৪) ছিদ্—সক। ছেদ ক (রুধা, উভ। ছিনত্তি, ছিন্তে)। আ—পূর্ব্ব, আক্রমণ ক, আকর্ষণ ক; উৎ—উচ্ছেদ ক, উন্মূলন ক; পরি—নির্ণয় ক, পরিচ্ছেদ; বি—বিচ্ছেদ ক;

---

* চ্যুৎ=চূ।

† দ্=র। ‡ দ্=ট।

ছেদন[1], ছিত্তি[2], ছেদ[3], ছিদ[4], ছেদক[5], ছেত্তা[6], ছিন্ন[7], ছেদ্য[8], ছেদনীয়[9], ছেদিত[10], ছিত্বর[11], ছিদি[12], ছিদির[13], ছিত্তর[14], ছিদ্র[15], ছিদ্[16], ছিদা[17], বিচ্ছেদ[18], উচ্ছেদ[19], উচ্ছিন্ন[20], পরিচ্ছেদ[21], পরিচ্ছিন্ন[22], বিচ্ছিন্ন[23], আচ্ছেদ[24], বিচ্ছিত্তি[25]।

ব্যুৎ. ছিদ—অন, ভা[1];+তি, ভা[2];+অ, ভা[3];+অ[4];+অক, ক[5];+তৃ, ক[6];+ত, র্ম্ম[7];+য, র্ম্ম[8],+অনীয়, র্ম্ম[9];+ত, র্ম্ম[10];+ উর[11];+ই[12];+ইর[13];+তর[14];+র[15];+০[16];+অ, আ-স্ত্রীং[17]; বি+অ[18]; উৎ+অ[19]; উৎ+ত,র্ম্ম[20]; পরি+অ[21],পরি+ত,র্ম্ম[22]; বি+ত[23];আ+অ[24];বি+তি, ভা[25]।

(৩৮৫) ছিদ্র—সক। ছিদ্রিত ক (চুরা, প। ছিদ্রয়তি, ছিদ্রাপয়তি)। ছিদ্রণ[1], ছিদ্রক[2], ছিদ্রিত[3], ছিদ্র[4], ছিদ্রয়িতা[5]।

ব্যুৎ. ছিদ্র—অন, ভা[1];+অক, ক[2];+ত, র্ম্ম[3];+অ, ভা[4]; +তৃ, ক[5]।

(৩৮৬) ছুট্—সক। ছেদ ক (চুরা, তুদা, প। ছোটয়তি, ছুটতি) ছুটিত[1], ছোটন[2], ছোটিকা[3]।

ব্যুৎ. ছুট্—ত, র্ম্ম[1];+অন, ভা[2];+অক, আ,—ভা[3]।

(৩৮৭) ছুর্—সক। ছেদ ক, রঞ্জিত ক (তুদা, প। ছুরতি)। ছুরিত[1], ছুরণ[2], ছুরিকা[3], আচ্ছুরিত[4], অবচ্ছুরিত[5], আচ্ছুরিতক[6], বিচ্ছুরিত[7]।

ব্যুৎ. ছুর্—ত, র্ম্ম[1];+অন, ভা[2];+অক, আ-স্ত্রীং[3]; আ+ত, র্ম্ম[4]; অব+ত[5]; আ+ত-ক যোগ[6]; বি+ত[7]।

(৩৮৮) ছেদ্—সক। ছেদ ক (চুরা, প। ছেদয়তি)। ছেদন[1], ছেদিত[2], ছেদয়িতা[3]।

ব্যুৎ. ছিদ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+তৃ, ক[৩]।

(৩৮৯) ছো—সক। ছেদ ক (দিবা, প। ছ্যতি)। ছিত[১], ছাত[২], ছান[৩], ছল[৪], ছগ[৫], ছগল[৬], ছবি[৭], ছায়া[৮], কচ্ছ[৯]।

ব্যুৎ. ছো—ত, র্ম্ম[১];+ত, র্ম্ম[২];+অন, ভা[৩];+ল[৪],+ক[৫]*;+ক[৬]*;+ই[৭];+য়—আ· স্ত্রীং[৮]; ক+অ[৯]।

জ

(৩৯০) জট্—অক। সংহত হ, একত্র জড় হ (ভ্বা, প। জটতি)। জটা[১], জটিল[২], জটুল[৩], জড়ুল[৪], জূট[৫], ধূর্জ্জটি[৬]।

ব্যুৎ. জট্—অ, আ-স্ত্রীং[১];+ইল[২];+ উল[৩];+† উল[৪];+‡ অ[৫];ধূর্+ই, সংজ্ঞার্থে[৬]।

(৩৯১) জন্—অক। উৎপন্ন হ (দিবা, আ। জায়তে; হ্বা, প। জজন্তি)। জনন[১], জাত[২], জনিত[৩], জনি[৪], জনু[৫], জন্ম[৬], জনয়িতা[৭], জায়মান[৮], জন্য[৯], জননীয়[১০], জানু[১১], জায়া[১২], জঙ্ঘা[১৩], জনক[১৪], জননী[১৫], জাতি[১৬], জন্তু[১৭], জনিতা[১৮] জনুস্[১৯], জন্ত[২০], প্রজা[২১], পঙ্কজ[২২], অম্বুজ[২৩], বীজ[২৪], জরায়ুজ[২৫], উদ্ভিজ্জ[২৬], ক্ষেত্রজ[২৭], জারজ[২৮], নিজ[২৯], পুঞ্জ[৩০], পাপজনক[৩১], পুণ্যজনক[৩২]।

ব্যুৎ. জন্—অন, ভা[১],+ত, ভা, ক[২];+ত, ভা, ক[৩];+ই[৪];+উ[৫];+মন্[৬];+তৃ, ক[৭],+আন, ক[৮];+য, ভা[৯];+অনীয়, ভা[১০];+(ণিচ্, জনি) উ[১১],+য.বি,আ· স্ত্রীং[১২];+§ অ,আ· স্ত্রীং[১৩];+অক, ক[১৪];+অন, ঈ—স্ত্রীং[১৫];+তি—ভা, পা, ণ[১৬];+তু[১৭];+তৃ, ক[১৮], +উস্[১৯];+তু[২০]: প্র+অ, আ[২১]; পঙ্ক+অ[২২]; অম্বু+অ[২৩]; বি¶

* ক=গ। ল—আগম। † ট্—ড্। ‡ জট্—জূট, নিপাতন। § জন্—জঙ্ঘ। ¶ বি=বী।

+অ, পা[২৪]; জরায়ু+অ, ক[২৫]; উদ্-ভিদ্+অ[২৬]; ক্ষেত্র+অ[২৭]; জার+অ[২৮]; নি+অ[২৯]; পুনস্+অ[৩০]; পাপ+অক, ক[৩১]; পুণ্য+অক, ক[৩২]।

(৩৯২) জপ্—সক। জপ ক, মন্ত্র উচ্চারণ ক, পাঠ ক (ভ্বা, প। জপতি)। জপ[১], জাপ[২], জাপন[৩], জাপক[৪], জপ্ত[৫], জপিত[৬], কর্ণজপ[৭], কর্ণেজপ[৮], উপজাপ[৯],।

ব্যুৎ. জপ্—অ, ভা[১];+অ[২];+অন, ভা[৩];+অক, ক[৪];+ত, র্ম্ম[৫]; +ত, র্ম্ম[৬]; কর্ণ+অ[৭]; কর্ণে+অ[৮]; উপ+অ[৯]।

(৩৯৩) জম্—সক। ভক্ষণ ক, (ভ্বা, প। জমতি)। জান্ত[১], জঠর[২], জম্বাল[৩], জম্বির[৪], জম্বীর[৫], জম্বু[৬], জম্বূ[৭], জম্বূম্বুক[৮]।

ব্যুৎ. জম্—ত, র্ম্ম[১];+* অর[২];+বাল, সংজ্ঞার্থে[৩];+† ইর[৪]; +† ঈর[৫];+† উ[৬];+† ঊ[৭];+† উক, ঊক[৮]।

(৩৯৪) জল্—সক। আচ্ছাদন ক (চুরা, প। জালয়তি)। অক, সমৃদ্ধ হ (ভ্বা, প। জলতি)। জল[১], জাল[২], জালন[৩], জলিত[৪], জালিত[৫], জালক[৬], জড়[৭], জড়িত[৮], জাল্ম[৯], জড়ুল[১০], কিঞ্জল[১১], কিঞ্জল্ক[১২]।

ব্যুৎ. জল্—অ, ভা[১];+অ, ভা[২];+অন, ভা[৩];+ত, ভা[৪];+ত, র্ম্ম[৫];+অক, ক[৬];+‡ অ[৭];+‡ ত, র্ম্ম[৮];+ম[৯],+‡ উল, সংজ্ঞার্থে[১০]; কিম্+অ[১১]; কিম্+ক—প্র[১২]।

(৩৯৫) জল্প্—সক। কথন, ভাষণ (ভ্বা, প। জল্পতি)। জল্প[১], জল্পন[২], জল্পনা[৩], জল্পিত[৪], জল্পক[৫], জল্পনী[৬], প্রজল্পন[৭],।

ব্যুৎ. জল্প্—অ, ভা[১];+অন, ভা[২];+অন, আ, ভা[৩];+ত,

---

* ম্=ঠ। † ব—আগম। ‡ ল্=ড্।

র্ম্ম[৪];+অক, ক[৫];+অন, ঈ-স্ত্রীং[৬]; প্র+অন, ভা[৭]।

(৩৯৬) জক্ষ্—অক। ভক্ষণ ক। অক, হাস্য ক (অদা, প। জক্ষিতি)। জক্ষ[১], জক্ষণ[২], জক্ষিত[৩], জক্ষ্ম[৪], জক্ষ্মা[৫]।

ব্যুৎ. জক্ষ্-অ, ভা[১];+অন, ভা[২];+ত, ক[৩];+ন[৪];+মন্[৫]।

(৩৯৭) জন্ক্ষ্—সক। দান ক, গমন ক (ভ্বা, আ। জঙ্ক্ষতে)। জঙ্ক্ষণ[১], জঙ্ক্ষিত[২]।

ব্যুৎ. জন্ক্ষ্-অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৩৯৮) জস্—সক। হিংসা ক, অনাদর ক (চুরা, প। জাসয়তি)। মোচন ক (দিবা. প। জস্যতি)। জাসন[১], জাসিত[২], জস্ত[৩], জসন[৪], উজ্জাসন[৫], অজস্র[৬]।

ব্যুৎ. জস্-অন, ভা[১];+ত, র্ম্ম[২];+ত, র্ম্ম[৩];+অন, ভা[৪]; উৎ+অন, ভা[৫]; ন+র[৬]।

(৩৯৯) জাগৃ—অক। নিদ্রাক্ষয়, জাগিয়া থাক', সতর্ক থাকা (অদা, প। জাগর্ত্তি)। জাগর্ত্তি[১], জাগর[২], জাগর্য্যা[৩], জাগরণ[৪], জাগরিতা[৫], জাগরূক[৬], জাগ্রৎ[৭], জাগরী[৮] জাগরিত[৯]; জাগরি[১০], জাগৃত[১১], জাগৃৎ[১২]।

ব্যুৎ. জাগৃ-তি, ভা[১];+অ, ভা[২];+য, আ ভা[৩];+অন, ভা[৪];+তৃ, ক[৫];+ঊক, শীলাদ্যর্থে[৬];+অৎ[৭],+অ-ঈ-স্ত্রী[৮];+ত, র্ম্ম[৯];+ই[১০];+ত, র্ম্ম[১১];+অৎ[১২]।

(৪০০) জ্যা—অক। জীর্ণ হ (ক্র্যা-প্বা, প। জিনাতি)। জীন[১], জ্যানি[২], জ্যা[৩]।

ব্যুৎ. জ্যা-ত, ক, ভা[১];+তি, ভা[২];+অ, আ-স্ত্রীং[৩]।

(৪০১) জি-সক। পরাজিত ক। অক, সর্ব্বোৎকৃষ্টরূপে থাকা (জয়তি)। জয়[১], জয়ন[২], জেতা[৩], জিত[৪], জেতব্য[৫], জয়ন্ত[৬],

জয়ন্তী[৭], জয়া[৮], জিগীষা[৯], জিন[১০], জিত্বর[১১], জিষ্ণু[১২], বিজয়[১৩], পরাজয়[১৪], বিজিগীষা[১৫], পরাজেতা[১৬], পরাজিত[১৭], বিজিগীষু[১৮], বিজয়া[১৯], মৃত্যুঞ্জয়[২০]; ধনঞ্জয়[২১], ইন্দ্রজিৎ[২২], অপজয়[২৩], ভেষজ[২৪]।

ব্যুৎ. জি—অ, ভা[১];+অন, ভা[২],+তৃ, ক[৩];+ত, র্ম্ম[৪];+তব্য, র্ম্ম[৫];+অন্ত[৬];+অন্ত, ঈ-স্ত্রীং[৭];+অ, আ-স্ত্রীং[৮];+স, আ, ভা[৯]; +ন[১০];+বর[১১],+ইষ্ণু[১২], বি+অ, ভা[১৩]; পরা+অ, ভা[১৪]; বি+স, আ—ভা[১৫]; পরা, তৃ, ক[১৬]; পরা+ত, র্ম্ম[১৭]; বি+স, উ[১৮]; বি+অ, আ-স্ত্রীং[১৯], মৃত্যুম্+অ, ক[২০]; ধনম্+অ, ক[২১]; ইন্দ্র+০[২২], অপ+অ, ভা[২৩], ভেষ+* অ[২৪]।

(৪০২) জিষ্—সক। জলসেক ক (ভ্বা, প। জেষতি)। জিষ্ট[১], জেষণ[২]।

ব্যুৎ জিষ্—ত, র্ম্ম[১];+অন, ভা[২]।

(৪০৩) জীব্—সক। প্রাণধারণ ক, জীবিত থাকা (ভ্বা, প। জীবতি)। উৎ-প্রত্যুজ্জীবন, পুনর্জীবন; উপ-আশ্রয় ক, উপজীব্য ক; সম্-সঞ্জীবিত ক। জীবিত[১], জীবন[২], জীবী[৩], জীবিকা[৪], জীবাতু[৫], জীবথু[৬], জীমূত[৭], জীবন্ত[৮], জৈবাতৃক[৯], জীবন্মুক্ত[১০], আজীব[১১], উপজীব্য[১২], সঞ্জীবন[১৩], উজ্জীবিত[১৪]।

ব্যুৎ. জীব্—ত, র্ম্ম, ক[১];+অন, ভা[২],+ইন্, ক[৩];+অক, আ, ভা[৪];+আতু[৫];+অথু[৬];+† অন-মূত[৭];+অন্ত[৮];+আতৃক[৯]; +অৎ-মুক্ত[১০]; আ+অ[১১]; উপ+য, র্ম্ম[১২]; সম্+অন, ভা[১৩]; উৎ+ত, র্ম্ম[১৪]।

(৪০৪) জু—অক। বেগে চলন (ভ্বা, প। জবতি)। সক, গম-

* জি—জ্। † জীবন—জী।

ম ক, প্রাপ্তি (ভ্বা, আ। জবতে)। জব[১], জবন[২], জবনী[৩], জবনিকা[৪], জবস[৫], জীর[৬], জীরক[৭], প্রজব[৮], সঞ্জবন[৯]।

ব্যুৎ. জু—অ, ভা[১];+অন, ভা[২];+অন, ঈ—স্ত্রীং[৩];+অন, ক—স্বার্থে, আ—স্ত্রীং[৪];+অস[৫];+• র[৬];+* র, ক—যোগ[৭]; প্র+অ[৮]; সম্+অন, ভা[৯]।

(৪০৫) জুড়—সক। গমন ক, প্রাপ্তি, বন্ধন ক, (তুদা, প। জুডতি)। জুড়ন[১], জুড়িত[২], জুড়িতা[৩], জোড়য়িতা[৪]।

ব্যুৎ. জুড্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+তৃ, ক[৩];+তৃ, ক[৪]।

(৪০৬) জুষ্—অক। হৃষ্ট হ, সেবা ক (তুদা, আ। জুষতে)। সক, তর্ক ক, তৃপ্ত ক, হিংসা ক। অক, তৃপ্ত হ (চুরা—বি, প। জোষয়তি, জোষতি)। জোষিত[১], জুষিত[২], জুষ্ট[৩], জোষণ[৪], জোষ[৫], জোষম্[৬], জোষিৎ[৭], জোষিত[৮], জোষিতা[৯]।

ব্যুৎ. জুষ্—ত, র্ম্ম[১];+ত, র্ম্ম, ভা[২];+ত, র্ম্ম, ভা[৩];+অন, ভা[৪]; +অ, ভা[৫];+অম্[৬];+ইৎ[৭];+ইত[৮];+তৃ, ক[৯]।

(৪০৭) জৄষ—সক। বধ ক (ভ্বা, উভ। জৄষতি-তে)। জৄষ[১], জৄষিত[২], জৄষণ[৩]।

ব্যুৎ. জৄষ্—অ, ভা[১];+ত, র্ম্ম[২];+অন, ভা[৩]।

(৪০৮) জৃন্ভ্—অক। গাত্রশৈথিল্য হ, হাইতোলা (ভ্বা, আ। জৃম্ভতে)। সম্—উদ্—পূর্ব্ব, উদ্যম ক; বি প্রকাশ হ; উৎ—প্রকাশ হ। জৃম্ভণ[১], জৃম্ভিত[২], জৃম্ভ[৩], জৃম্ভা[৪], বিজৃম্ভ[৫], বিজৃম্ভণ[৬], উজ্জৃম্ভণ[৭], উজ্জৃম্ভিত[৮]।

ব্যুৎ. জৃন্ভ্—অন, ভা[১];+ত, ভা[২];+অ, ভা[৩];+আ, ভা[৪]; বি+অ, ভা[৫]; বি+অন, ভা[৬], উৎ+অন, ভা[৭]; উৎ+ত, ভা, র্ম্ম[৮]।

• উ—ঈ।

(৪০৯) জৃভ—অক। গাত্র শৈথিল্য ক, হাই তোলা (ভ্বা, আ। জর্ভতে)। জর্ভণ[১]।

ব্যুৎ. জৃভ—অন, ভা[১]।

(৪১০) জৄ—অক। জীর্ণ হ, বয়োহানি ক (ক্র্যা—প্যা; চুরা—বি; দিবা, প। জৄণাতি, জারয়তি, জরতি, জীর্য্যতি, (ঘটা) জরয়তি)। জার[১], জীর্ণ[২], জরা[৩], জরৎ[৪], জরতী[৫], জরী[৬], জরুথ[৭], জর্ত্তু[৮], জারা[৯], জারি[১০], জরঠ[১১], জর্জ্জর[১২], জরদ্গাব[১৩]।

ব্যুৎ. জৄ—অ, ভা[১]; + ত, ভা[২]; + আ, ভা[৩]; + অৎ[৪]; + অৎ—ঈ[৫]; + ইন্, ক[৬]; + উথ[৭]; + তু[৮]; + আ, ভা[৯]; + ই[১০], + অঠ[১১]; + * অ[১২]; + অৎ—গো[১৩]।

(৪১১) জেষ্—সক। গমন ক (ভ্বা, আ। জেষতে)। জেষিত[১], জেষণ[২]।

ব্যুৎ, জেষ্—ত, র্ম[১]; + অন, ভা[২]।

(৪১২) জৈ—অক। ক্ষীণ হ। সক, ক্ষাণ ক (ভ্বা, প। জায়তি)। জায়[১], জাতু[২]।

ব্যুৎ. জৈ + অ, ভা[১]; + তু[২]।

(৪১৩) জ্ঞা—সক। বোধ ক, জানা (ক্র্যা, প। জানাতি)। মারিয়া ফেলা, দর্শন, জানান, তীক্ষ্ণ ক, তুষ্ট ক, স্তব ক, (চুরা, প। (ঘটা) জ্ঞপয়তি)। প্রেরণ ক, নিয়োগ ক (চুরা, প। (প্রায় আ-পূর্ব্ব প্রয়োগ হইয়া থাকে) আজ্ঞাপয়তি) প্রতি-পূর্ব্ব, প্রতিজ্ঞা ক, স্বীকার ক; অনু—অনুজ্ঞা, অনু-মতি, অঙ্গীকার; অব—গোপন ক, অবজ্ঞা ক; উপ—উপদেশ বিনা জ্ঞান; পরি—নির্দ্ধারণ; অভি—অভিজ্ঞান, স্মরণ; প্রতি—

* দ্বিত্ব।

অভি-প্রত্যভিজ্ঞান, স্মরণ, বিশেষজ্ঞান। জ্ঞান[১], জ্ঞাত[২], জ্ঞাতব্য[৩], জ্ঞেয়[৪]; জ্ঞ[৫], জ্ঞপন[৬], জ্ঞাপন[৭], জ্ঞাপ্তি[৮], জ্ঞপ্তি[৯], জ্ঞাতা[১০], জ্ঞাপক[১১], জ্ঞাপিত[১২], জ্ঞাপ্য[১৩], বিজ্ঞান[১৪], পরিজ্ঞান[১৫], আজ্ঞাপন[১৬], বিজ্ঞাপন[১৭], আজ্ঞা[১৮], অনুজ্ঞা[১৯], প্রতিজ্ঞা[২০], সংজ্ঞা[২১], আজ্ঞাপক[২২], আজ্ঞপ্ত[২৩] আজ্ঞাপিত[২৪], আজ্ঞাপ্ত[২৫], বিজ্ঞ[২৬], প্রজ্ঞ[২৭], অবজ্ঞা[২৮], বিজ্ঞপ্তি[২৯], উপজ্ঞান[৩০], প্রত্যভিজ্ঞান[৩১]।

ব্যুৎ. জ্ঞা—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+তব্য, র্ম্ম[৩],+য, র্ম্ম[৪];+অ, ক[৫];+অন, ভা[৬];+অন, ভা[৭];+তি, ভা[৮];+তি, ভা[৯];+তৃ, ক[১০];+অক, ক[১১],+ত, র্ম্ম[১২];+য, র্ম্ম[১৩]; বি+অন, ভা[১৪]; পরি+অন, ভা[১৫]; আ+অন, ভা[১৬]; বি+অন, ভা[১৭]; আ+আ, ভা[১৮]; অনু+আ, ভা[১৯]; প্রতি+আ, ভা[২০]; সম্+আ, ভা[২১]; আ+অক, ক[২২]; আ+ত, র্ম্ম[২৩]; আ+ত, র্ম্ম[২৪]; আ+ত, র্ম্ম[২৫]; বি+অ[২৬]; প্র+অ[২৭]; অব+আ, ভা[২৮]; বি+তি, ভা[২৯]; উপ+অন, ভা[৩০]; প্রতি-অভি+অন, ভা[৩১]।

(৪১৪) জ্যুৎ—অক। দীপ্তি পা (ভ্বা, প, আ। জ্যোতত্তি-তে)।

জ্যোতিঃ[১], জ্যোৎস্না[২]।

ব্যুৎ. জ্যুৎ—ইস্[১];+* ইস্, ন-প্র[২]।

(৪১৫) জ্বর্—অক। রোগী হ (ভ্বা, প। জ্বরতি (ঘটা) জ্বরয়তি)

জ্বর[১], জূর্ত্তি[২], জ্বরৎ[৩], জ্বরিত[৪], জ্বরণ[৫]।

ব্যুৎ. জ্বর—অ, ভা[১];+তি, ভা[২];+অৎ[৩];+ত, ভা[৪];+অন, ভা[৫]।

(৪১৬) জ্বল্—অক। কম্পন, দীপ্তি হ, (ভ্বা, প। জ্বলতি)।

জ্বলিত[১], জ্বলন[২], জ্বালা[৩], জ্বলন্ত[৪], জ্বলনীয়[৫], জাজ্বল্যমান[৬],

* ই—লোপ, ইন্দুদ্যুতি অর্থে।

উজ্জ্বল[৭], উজ্জ্বলিত[৮], উজ্জ্বলন[৯], প্রজ্বলিত[১০], প্রজ্বালন[১১]।

ব্যুৎ. জ্বল্—ত, ভা[১]; + অন, ভা[২]; + অ[৭], ভা[৩]; + অস্তু[৪]; + অনীয়, ভা[৫]; + যঙন্তধাতু)* আন[৬]; উৎ+অ, ভা[৭]; উৎ+ত, ভা, র্ম[৮]; উৎ+অন, ভা[৯]; প্র+ত, ভা[১০]; প্র+অন, ভা[১১]।

ঝ

(৪১৭) ঝট্—অক। সংহত হ, একত্র জড় হ (ভ্বা, প। ঝটতি)। ঝাট[১], ঝটন[২], ঝটিত[৩], ঝটিতি[৪], কুজ্ঝটিকা[৫], কুজ্ঝটি[৬]।

ব্যুৎ. ঝট্—অ, ভা[১]; + অন, ভা[২]; + ত, ভা[৩]; + তি, ভা[৪]; ক-উৎ+ই, ক—স্বার্থে[৫]; ক-উৎ+ই[৬]।

(৪১৮) ঝর্ঝ্—সক। ভর্ৎসনা ক, কথন, উক্তি (তুদা, প। ঝর্ঝতি) ঝর্ঝর[১], ঝর্ঝরী[২], ঝর্ঝিত[৩]।

ব্যুৎ. ঝর্ঝ—অ, ভা[১]; + ইন্, ক[২]; + ত, র্ম[৩]।

(৪১৯) ঝষ্—সক। গ্রহণ ক, আচ্ছাদন ক (ভ্বা, উভ। ঝষতি—তে)। বধ ক (ভ্বা, প। ঝষতি)। ঝষ[১], ঝষণ[২], ঝষিত[৩]।

ব্যুৎ. ঝষ্—অ, ভা[১]; + অন, ভা[২]; + ত, র্ম[৩]।

(৪২০) ঝৄ—অক। জীর্ণ হ (দিবা, প। ঝীর্য্যতি)। ঝরণ[১], ঝর[২], ঝরা[৩], ঝরিতা[৪], ঝীর্ণ[৫], নির্ঝর[৬]।

ব্যুৎ. ঝৄ—অন, ভা[১]; + অ, ভা[২]; + আ, ভা[৩]; + তৃ, ক[৪]; + ত, ভা[৫]; নির্+অ[৬]।

ট

(৪২১) টন্ক্—সক। বদ্ধ ক, বন্ধন ক, টাঁকা (চুরা, প। টঙ্কয়তি)। টঙ্কিত[১], টঙ্কন[২], টঙ্ক[৩], টঙ্গ[৪]।

* ম—আগম।

ব্যুৎ. টনক্—ত, র্ম্ম[1];+অন, ভা[2];+অ, ভ[3];+* অ[4]।

(৪২২) টল্—অক। ব্যাকুল হ, চঞ্চল হ, বিহ্বল হ (ভ্বা, প। টলতি)। টলন[1], টলিত[2], টলনীয়[3]।

ব্যুৎ. টল্—অন, ভা[1];+ত, ভা[2];+অনীয়, ভা[3]।

(৪২৩) টিক্—সক। গমন ক, প্রাপ্তি (ভ্বা, আ। টেকতে)। টেকন[1]।

ব্যুৎ. টিক্—অন, ভা[1]।

(৪২৪) টীক্—সক। গমন ক, প্রাপ্তি (ভ্বা, আ। টীকতে)। টীকন[1], টীকা[2], অবটু[3]।

ব্যুৎ. টীক্—অন, ভা[1];+অ, ভা[2]; অব+† উ, কিম্বা অবট্ ধাতু, উ-প্রত্যয়[3]।

ড

(৪২৫) ডম্ব্—সক। প্রেরণ ক (চুরা, প। ডম্বয়তি)। ডম্বন[1], ডম্বিত[2], বিড়ম্বনা[3], বিড়ম্বন[4], আড়ম্বর[5], বিড়ম্বিত[6], বিড়ম্বক[7]।

ব্যুৎ. ডম্ব্—অন, ভা[1];+ত, র্ম্ম[2]; বি+অন, আ—স্ত্রীং[3]; বি+অন, ভা[4]; আ+অর[5]; বি+ত, র্ম্ম[6];+অক, ক[7]।

(৪২৬) ডিম্ব্—সক। প্রেরণ ক (চুরা, প। ডিম্বয়তি)। ডিম্বিত[1], ডিম্ব[2], ডিম্বন[3]।

ব্যুৎ. ডিম্ব্—ত, র্ম্ম[1];+অ, ভা[2];+অন, ভা[3]।

(৪২৭) ডিম্ভ্—সক। রাশি ক (চুরা, উভ। ডিম্ভয়তি-তে)। ডিম্ভিত[1], ডিম্ভন[2], ডিম্ভ[3], ডিম্ভা[4]।

---

* ক—গ। † টীক্—ট্।

ব্যুৎ. ডিম্ভ্‌—ত, র্ম্ম[১]; +অন, ভা[২]; +অ[৩]; +অ, আ-স্ত্রীং[৪]।

(৪২৮) ডী—সক। গমন ক, প্রাপ্তি। অক, আকাশ গমন, উড়ন, (দিব, আ। ডীয়তে)। অক, উড়ন (ভ্বা, আ। ডয়তে)। ডীন[১], উড্ডীন[২], প্রডীন[৩], উড্ডীয়ন[৪], উড্ডীয়মান[৫], উড্ডয়মান[৬], গরুড়[৭]।

ব্যুৎ. ডী-ত, র্ম্ম[১]; উৎ+ত, র্ম্ম[২]; প্র+ত, র্ম্ম[৩]; উৎ+অন, ভা[৪]; উৎ+আন, ক[৫], উৎ+আন, ক[৬], গরুৎ+* অ[৭]।

ঢ

(৪২৯) ঢুন্ট্‌—সক। অন্বেষণ ক (ভ্বা, প। ঢুন্টতি)। ঢুন্টন[১], ঢুন্টিত[২]।

ব্যুৎ. ঢুন্ট্‌-অন, ভা[১]; +ত, র্ম্ম[২]।

ৎ

(৪৩০) ৎসর্‌—অক। ছল করিয়া যা (ভ্বা, প। ৎসরতি)। ৎসরণ[১], ৎসরিত[২], ৎসরু[৩]।

ব্যুৎ. ৎসর্‌-অন, ভা[১]; +ত, ভা[২], + উ-সংজ্ঞার্থে[৩]।

ত

(৪৩১) তক্‌—সক। সহ্য ক, উপহাস ক। অক, হাস্য ক (ভ্বা, প। তকতি)। তকিত[১], তকন[২], তক্র[৩]।

ব্যুৎ. তক্‌-ত, র্ম্ম[১]; +অন, ভা[২]; +র[৩]।

(৪৩২) তক্ষ্‌—সক। কাষ্ঠাদি চাঁচা (ভ্বা, প। তক্ষতি)। তক্ষক[১], তক্ষণ[২], তক্ষা[৩], তক্ষিতা[৪], তষ্টা[৫]।

ব্যুৎ. তক্ষ-অক, ক[১]; +অন, ভা[২]; +আ, ভা[৩]; +তৃ, ক[৪]; +তৃ, ক[৫]।

* ৎ—লোপ।

(৪৩৩) তন্‌ক্‌—অক। কষ্টে জীবন যাত্রা হ (ভ্বা, প। তঙ্কতি) আ-পূর্ব্ব, আতঙ্কা। তঙ্ক[১], তঙ্কন[২], আতঙ্কা[৩]।

ব্যুৎ, তন্‌ক্‌-অ, ভা[১]; + অন, ভা[২]; আ + আ, ভা[৩]।

(৪৩৪) তন্‌গ্‌—সক। স্খলন, আছাড় খায়, কম্পন। সক, গমন ক (ভ্বা, প। তঙ্গতি)। তঙ্গন[১], তঙ্গিত[২]।

ব্যুৎ. তন্‌গ্‌-অন, ভা[১]; + ত, র্ম্ম[২]।

(৪৩৫) তট্‌—সক। আঘাত ক, (চুরা, প। তাটয়তি)। অক. উন্নত হ (ভ্বা, প। তটতি)। তট[১], তটী[২], তটিনী[৩], তাটন[৪], তাটিত[৫]।

ব্যুৎ. তট্‌—অ, ভা[১]; + ইন্‌, ক[২]; + ইন্‌—ঈ-স্ত্রী[২][৩]; + অন ভা[৪]; + ত, র্ম্ম[৫]।

(৪৩৬) তড়্‌—সক। আঘাত ক। অক, দীপ্তি পা (চুরা, প। তাড়য়তি)। তাড়ন[১], তাড়না[২], তাড়িত[৩], তাড়নীয়[৪], তাড়ক[৫], তাড়্যমান[৬], তাড়নী[৭], তাড়কা[৮], তড়িৎ[৯], তাড়ঙ্ক[১০]।

ব্যুৎ. তড্‌—অন, ভা[১]; + অন, আ, ভা[২]; + ত, র্ম্ম[৩]; + অনীয়, র্ম্ম, ভা[৪]; + অক, ক[৫]; + আন, র্ম্ম[৬]; + অন, ঈ + স্ত্রী[২][৭]; + অক, আ-স্ত্রী[৮]; + ইৎ[৯]; + অঙ্ক[১০]।

(৪৩৭) তন্‌ড্‌—সক। আঘাত ক (ভ্বা, আ। তণ্ডতে)। তণ্ডিত[১], তণ্ডুল[২], বিতণ্ডা[৩]।

ব্যুৎ. তন্‌ড্‌—ত, র্ম্ম[১]; + উল[২]; বি + আ, ভা[৩]।

(৪৩৮) তন্‌ত্র্‌—সক। পোষণ ক, ধারণ ক, মোহ (চুরা, আ। তন্ত্রয়তে)। তন্ত্রণ[১], তন্ত্র[২], তন্ত্রা[৩], তন্ত্রি[৪], তন্ত্রী[৫]।

ব্যুৎ. তন্ত্র—অন, ভা[১]; + অ[২]; + আ, ভা[৩]; + ই[৪]; + ইন্‌, ক[৫]।

(৪৩৯) তন্‌—সক। বিস্তার ক (তনা, উভ। তনোতি, তনুতে)

সক, উত্তপ্ত ক। অক, শব্দ ক, উত্তপ্ত হ, হিংসা নিবৃত্তি হ (চুরা–বি, প। তানয়তি, তনতি)। অতি–পূর্ব্ব, অতি-বিস্তার ক; অব–আচ্ছাদন ক; উৎ–চিতকরা, উত্তান হ; পরি—বেষ্টন ক; প্র-প্রকাশন, দীর্ঘ হ; বি-বিস্তার হ, নির্ব্বাহ, দীর্ঘ হ। তত[১], ততি[২], তনু[৩], তনূ[৪], তন্তু[৫], তনয়[৬], তনন[৭], তান[৮], তানন[৯], তদ্[১০], তন্ত্র[১১], বিতত[১২], সন্তান[১৩], সন্ততি[১৪], বিতান[১৫], উত্তান[১৬], সন্তত[১৭] আতত[১৮], প্রতানিনী[১৯], পুত্তিকা[২০], প্রততি[২১], প্রতান[২২], বিততি[২৩], সতত[২৪], সাম্প্রতম্[২৫]।

ব্যুৎ. তন্–ত,র্ম্ম[১]; + তি,ভা[২];+উ,সংজ্ঞার্থে[৩];+ঊ,সংজ্ঞার্থে[৪]; +তু[৫],+অয়[৬];+অন,ভা[৭];+অ,ভা[৮];+অন,ভা[৯];+অদ্[১০];+ত্র[১১]; বি+ত, র্ম্ম[১২]; সম্+অ, ক, ণ[১৩]; সম্+তি[১৪]; বি+অ[১৫]; উৎ +অ[১৬]; সম্ +ত, র্ম্ম[১৭]; আ+ত, র্ম্ম[১৮]; প্র+ইন্–ঈ–স্ত্রীং[১৯]; পুৎ+অ, ক, ক–স্বার্থে[২০]; প্র+তি, ভা[২১]; প্র+অ[২২]; বি+তি, ভা[২৩];সহ+ত, ভা[২৪]; সম্* প্র+অম্[২৫]।

(৪৪০) তপ্—সক। দগ্ধ ক, উত্তপ্ত ক (ভ্বা, উভ। তপতি–তে; চুরা, প। তাপয়তি)। অক, উত্তপ্ত হ, দগ্ধ হ, (ভ্বা, প। তপতি)। প্রভুত্ব হ, উত্তপ্ত হ (দিবা, আ। তপ্যতে)। তপ[১], তপিত[২], তাপ[৩], তপ্ত[৪], তাপন[৫], তাপিত[৬], তাপক[৭], তপন[৮], তপু[৯], তপঃ[১০], তাপয়িতা[১১],তপনীয়[১২], তপোধন[১৩], সন্তাপ[১৪], সন্তপ্ত[১৫], সন্তাপক[১৬], আতপ[১৭], উপতাপ[১৮], প্রতাপ[১৯], অনুতাপ[২০], অনুতপ্ত[২১], অনুতাপক[২২], অনুতাপিত[২৩], সন্তাপিত[২৪], পরন্তপ[২৫]।

---

* অ=আ।

ব্যুৎ. তপ্‌—অ, ভা[১];+ত, র্ম্ম[২];+অ, ভা[৩];+ত, র্ম্ম[৪];+অন, ভা[৫];+ত, ভা[৬];+অক, ক[৭];+অন, ভা[৮];+উ[৯];+অস্[১০];+তৃ, ক[১১];+অনীয়, র্ম্ম[১২];+অস্‌-ধন[১৩]; সম্+অ[১৪]; সম্+ত, র্ম্ম[১৫]; সম্+অক[১৬]; আ+অ[১৭]; উপ+অ[১৮]; প্র+অ[১৯]; অনু+অ[২০]; অনু+ত, র্ম্ম[২১]; অনু+অক, ক[২২]; অনু+ত, র্ম্ম[২৩]; সম্+ত, র্ম্ম[২৪]; পর+* অ, ক[২৫]।

(৪৪১) তম্‌—অক। ম্লান হ। সক, ইচ্ছা ক (দিবা, প। তাম্যতি)। তমন[১], তান্ত[২], তম[৩], তমস্[৪], তমাল[৫], তাম্র[৬], তাম্বুল[৭], উত্তম[৮], নিতম্ব[৯] নিতান্ত[১০]।

ব্যুৎ. তম্‌—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+অ[৩];+অস্[৪];+আল[৫];+র[৬];+বূল[৭]; উৎ+অ[৮]; নি+ব, সংজ্ঞার্থে[৯], নি+ত[১০]।

*(৪৪২) তম্ব্‌—সক। গমন ক, প্রাপ্তি (ভ্বা, প। তম্বতি)। তম্বন[১], তম্বিত[২]।

ব্যুৎ. তম্ব্‌—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৪৪৩) তয়্‌—সক। গমন ক, রক্ষা ক (ভ্বা, আ। তয়তে)। তয়ন[১], তয়িত[২]।

ব্যুৎ. তয়্‌—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৪৪৪) তর্ক্‌—অক। দীপ্তি পা। সক, তর্ক ক, বিতর্ক ক (চুরা, প। তর্কয়তি)। তর্ক[১], বিতর্ক[২]।

ব্যুৎ. তর্ক্‌—অ, ভা[১], বি+অ, ভা[২]।

(৪৪৫) তর্জ্জ্‌—সক। ভর্ৎসনা ক (চুরা, আ। তর্জ্জয়তে; ভ্বা, প। তর্জ্জতি)। তর্জ্জন[১], তর্জ্জিত[২], তর্জ্জক[৩], তর্জ্জনী[৪], তর্জ্জয়িতা[৫], তর্জ্জিতা[৬]।

---

* ম্‌—আগম।

ব্যুৎ. তর্জ্জ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+অ, ক[৩];+অম–ঈ[৪];+তৃ, ক[৫];+তৃ, ক[৬]।

(৪৪৬) তর্ব্ব্—সক। গমন ক, প্রাপ্তি (ভ্বা, প। তর্ব্বতি)। তর্ব্বণ[১], তর্ব্বিত[২]।

ব্যুৎ. তর্ব্ব্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৪৪৭) তল্ (সৌত্রধাতু)—সক। গমন ক (ভ্বা, প। তলতি)। তল[১], তালিশ[২], তাল[৩], তলাতল[৪], তল্প[৫], নিস্তল[৬]।

ব্যুৎ. তল্—অ, ক[১];+ইশ[২].†অ[৩];+* অ[৪];+প, সংজ্ঞার্থে[৫], নির্+অ[৬]।

(৪৪৮) তস্—সক। উৎক্ষেপণ ক, উপক্ষয় ক (দিবা, প। তস্যতি)। তসন[১], তস্ত[২]।

ব্যুৎ. তস্-অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৪৪৯) তন্স্—সক। ভূষিত ক (চুরা-বি, প। তংসয়তি, তংসতি)। তংসন[১], তংসিত[২], অবতংস[৩], বতংস[৪]।

ব্যুৎ. তন্স্-অন, ভা[১],+ত, র্ম্ম[২]; অব+অ[৩]; অবা +অ[৪]।

(৪৫০) তায়্—সক। পালন ক, বিস্তার ক (ভ্বা, আ। তায়তে)। তায়ন[১], তায়িত[২], তোয়[৩], তাত[৪], আতায়ী[৫]।

ব্যুৎ. তায়্-অন, ভা[১];+ত, র্ম্ম[২];+‡ অ[৩];+ত, ক[৪], আ+ইন্, ক[৫]।

(৪৫১) তিজ্—সক। তীক্ষ্ণ ক (চুরা, প। তেজয়তি)। সহ্য ক, তীক্ষ্ণ ক (ভ্বা, আ। তেজতে)। পালন ক (ভ্বা, প। তেজতি)। তেজন[১], তেজিত[২], তেজঃ[৩], তেজীয়ান[৪], তিগ্ম[৫],

---

* দ্বিত্ব—পুনঃ পুনঃ অর্থে।

† অব=অ—লোপ। ‡ তা=তো।

তীক্ষ্ণ[৬], তিক্ত[৭], তিজিল[৮], তিতিক্ষা[৯], তিতিক্ষু[১০], তিতিক্ষিত[১১], উত্তেজন[১২], উত্তেজিত[১৩]।

ব্যুৎ. তিজ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+অস্[৩];+অ—ঈয়স্[৪];+ম[৫];+* স্ন[৬];+ক্ত[৭];+ইল[৮];+স, অ[৯], ভা[৯];+স, উ[১০];+স, ত, র্ম্ম[১১]; উৎ+অন, ভা[১২]; উৎ+ত, র্ম্ম[১৩]।

(৪৫২) তিপ্—অক। ক্ষরণ, গড়িয়া যা (ভ্বা, আ। তেপতে)। তেপন[১], তিপ্ত[২]।

ব্যুৎ. তিপ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৪৫৩) তিম্—অক। ক্লিন্ন হ, গলিত হ, আর্দ্রীভাব হ (দিবা, প। তিম্যতি)। তেমন[১], তিমিত[২], তিমী[৩], তিমির[৪], তিমি[৫], তিন্তিড়[৬], তেম[৭], তিন্তিড়ী[৮]।

ব্যুৎ. তিম্—অন, ভা[১];+ত, ভা[২],+ইন্, ক[৩];+ইর[৪];+ই, সংজ্ঞার্থে[৫];+† অ[৬];+অ[৭];+† অ, ঈ—স্ত্রীং[৮]।

(৪৫৪) তিল—সক। গমন ক, প্রাপ্তি (ভ্বা, প। তেলতি)। অক, স্নেহযুক্ত হ (চুরা, তুদা, প। তেলয়তি, তেলতি)। তেলন[১], তিলিত[২], তেলিত[৩], তেল[৪], তিল[৫], তিল্য[৬], তিলক[৭], তৈল[৮]।

ব্যুৎ. তিল্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+ত, র্ম্ম[৩];+অ[৪];+অ[৫];+য, র্ম্ম[৬];+অক[৭],+অ, অ—ইদমর্থে[৮]।

(৪৫৫) তীম্—অক। ক্লিন্ন হ, গলিত হ (দিবা, প। তীম্যতি)। তীমন[১], তীমিত[২]।

ব্যুৎ. তীম্—অন, ভা[১];+ত, ভা[২]।

(৪৫৬) তীর্—অক। কর্ম্মসমাপন ক, সমাপ্তি (চুরা, প। তীর-

* তিজ্=তীক্। † দ্বিত্ব, ম=ড়।

য়তি)। তীরিত[১], তীরণ[২], তীর[৩], কস্তীর[৪]।

ব্যুৎ. তীর্‌—ত, ভা[১]; +অন, ভা[২]; +অ[৩]; ক+* অ[৪]।

(৪৫৭) তীব্‌—অক। স্থূল হ (ভ্বা, প। তীবতি)। তীবন[১], তীবিত[২], তীব্র[৩]।

ব্যুৎ. তীব্‌—অন, ভা[১]; +ত, ভা[২]; +র[৩]।

(৪৫৮) তু—অক। বর্ত্তন, জীবিকা নির্ব্বাহ হ, বৃদ্ধি হ। সক, বধ ক, পূর্ণ ক, গমন ক (অদা, প। তবীতি, তৌতি)। তুত[১], তবন[২], তবিতা[৩], তোতা[৪], তু(মু)মূল[৫], তুবর[৬], তোক[৭]।

ব্যুৎ. তু—ত, র্ম্ম, ভা[১]; +অন, ভা[২]; +তৃ, ক[৩]; +তৃ, ক[৪]; +মূ (মু) ল[৫]; +বর[৬]; +† ক[৭]।

(৪৫৯) তুজ্‌—সক। বধ ক (ভ্বা, প। তোজতি)। তোজন[১], তুজিত[২], তোজ[৩],।

ব্যুৎ. তুজ্‌—অন, ভা[১]; +ত, র্ম্ম[২]; +অ, ভা[৩]।

(৪৬০) তুন্‌জ্‌—সক। বধ ক, দান ক। অক, বাস ক, বলিষ্ঠ হ, দীপ্তি পা (চুরা, প। তুঞ্জয়তি)। জীবিত হ, বলিষ্ঠ হ (ভ্বা, প। তুঞ্জতি)। তুঞ্জন[১], তুঞ্জিন[২], তুঙ্গ[৩]।

ব্যুৎ. তুন্‌জ্‌—অন, ভা[১]; +ত, র্ম্ম[২]; +অ[৩]।

(৪৬১) তুট্‌—অক। কলহ ক (তুদা, প। তুটতি)। তুটিত[১], তুটিতা[২], তোটক[৩]।

ব্যুৎ. তুট্‌—ত, ভা[১]; +তৃ, ক[২]; +অক, ক[৩]।

(৪৬২) তুড্‌—সক। বধ ক, ভেদ ক (ভ্বা, আ। তোডতে)। ভেদ ক (তুদা, প। তুডতি)। তুড়িত[১], তুড়ন[২], তোড়িত[৩], তোড়ন[৪]।

---

* স্‌—আগম। † তু=তো।

ব্যুৎ. তুড়্—ত, র্ম্ম[1];+অন, ভা[2];+ত, র্ম্ম[3];+অন, ভা[4]।

(৪৬৩) তুন্ড্—সক। বধ ক, ভেদ ক (ভ্বা, আ। তুণ্ডতে)। তুণ্ডিত[1], তুণ্ড[2], তুণ্ডন[3]।

ব্যুৎ. তুন্ড্-ত, র্ম্ম[1];+অ, ভা[2];+অন, ভা[3]।

(৪৬৪) তুণ্—অক। কুটিল হ (তুদা, প। তুণতি)। তোণন[1], তুণিত[2]।

ব্যুৎ. তুণ্-অন, ভা[1];+ত, ভা[2]।

(৪৬৫) তুদ্—সক। ব্যথিত ক, পীড়ন ক (তুদা, উভ। তুদতি-তে) তোদ[1], তুন্ন[2], তোদন[3], তুন্দ[4], তুন্দিল[5], তোত্র[6], তোত্ত্র[7], আতোদ্য[8], বিধুন্তুদ[9], অরুন্তুদ[10]।

ব্যুৎ. তুদ—অ, ভা[1],+ত, র্ম্ম[2];+অন, ভা[4];* অ[4];+* ইল—অস্ত্যর্থে[5];+ত্র, ণ[6];+ত্র,ণ[7]; আ+য, র্ম্ম[8]; বিধু+অ, ক[9]; অরুস্+অ, ক[10]।

(৪৬৬) তুপ্—সক। বধ ক (ভ্বা, প। তোপতি)। হিংসা ক, পীড়ন ক। অক, ক্লিষ্ট হ (তুদা, মুচা, প। তুম্পতি)। তোপন[1] তোপ[2], তুপিত[3]।

ব্যুৎ. তুপ্—অন, ভা[1];+অ, ভা[2];+ত, র্ম্ম, ভা[3]।

(৪৬৭) তুন্প্—সক। বধ ক, পীড়ন ক। অক, ক্লিষ্ট হ (তুদা, প। তুপতি) সক, হিংসা ক (ভ্বা, প। তুম্পতি)। পীড়ন ক, (চুরা, প। তুম্পয়তি) তুম্পন[1], তুপিত[2], তুম্পিত[3], তুম্পায়িত[4]।

ব্যুৎ. তুন্প্—অন,ভা[1];+ত,র্ম্ম,ভা[2];+ত,ভ[3];+তৃ,ক[4]।

(৪৬৮) তুফ্—সক। বধ ক (ভ্বা, প। তোফতি)। হনন ক।

* ন—আগম।

অক. ক্লেশ পা (তুদা, মুচা, প। তুম্ফতি)। তোফন[১], তু-ফিত[২], তোফিতা[৩]।

ব্যুৎ. তুফ্—অন, ভা[১]; + ত, র্ম্ম[২]; + তৃ, ক[৩]।

(৪৬৯) তুন্ফ্—সক। হিংসা ক (ভ্বা[১], প। তুম্ফতি)। বধ ক, অক, ক্লিষ্ট হ (তুদ[১], প। তুফতি)। তুম্ফন[১], তুফিত[২]।

ব্যুৎ. তুন্ফ্—অন, ভা[১]; + ত, র্ম্ম, ভা[২]।

(৪৭০) তুভ্—সক। বধ ক (ভ্বা, আ। তোভতে; দিবা, ক্র্যা, প। তুভ্যতি; তুভ্নাতি)। তোভন[১], তুভিত[২]।

ব্যুৎ. তুভ্—অন, ভা[১]; + ত, র্ম্ম[২]।

(৪৭১) তুন্ব্—সক। বধ ক, পীড়ন ক (চুরা-বি, প। তুম্ব-য়তি, তুম্বতি) তুম্বন[১], তুম্বিত[২], তুম্বী[৩], তুম্ব[৪], তুম্বুরু[৫], কস্তুম্বুরু[৬]।

ব্যুৎ. তুম্ব্—অন, ভা[১]; + ত, র্ম্ম[২]; + ইন্[৩]; + অ[৪]; + উরু[৫]; ক + * উরু[৬]।

(৪৭২) তুর্—অক। শীঘ্র গমন ক (হ্বা, প। তুতোর্ত্তি)। তুরিত[১], তোরণ[২], তুরা[৩], তুর[৪], তুরুষ্ক[৫], আতুর[৬]।

ব্যুৎ. তুর্-ত, ভা[১]; + অন, ভা[২]; + আ, ভা[৩]; + অ[৪]; + উস্, ক-যোগ[৫]; আ + অ[৬]।

(৪৭৩) তুল্—সক। ওজন ক (চুরা-বি, প। তোলয়তি, তো-লতি)। তোলন[১], তোলিত[২], তোলক[৩], তুলা[৪], তুলনা[৫], তুলন[৬], তুল্য[৭], তুলিত[৮], তোল[৯], তুচ্ছ[১০], তুরী[১১], তুলি[১২], প্রতুল[১৩], উত্তোলন[১৪], সন্তোলন[১৫], অতুল[১৬]।

ব্যুৎ. তুল্—অন, ভা[১]; + ত, র্ম্ম[২]; + অক, ক[৩]; + আ, ভা[৪]; +

* স—আগম।

অন, আ-স্ত্রীং[৪]; +অন, ভা[৫]; +ষ, র্ম্ম, ভা[৭]; +ত, র্ম্ম[৮]; +অ[৯]; +* ছ[১০]; +† অ, ঈ-স্ত্রীং[১১]; +ই[১২]; প্র+অ[১৩]; উৎ+অন ভা[১৪]; সম্+অন, ভা[১৫]; ন+অ[১৬]।

(৪৭৪) তুষ্—অক। তুষ্ট হ (দিবা, প, অনিট্। তুষ্যতি)। তোষণ[১], তোষ[২], তুষ্টি[৩], তোষক[৪], তুষ[৫], তুষ্ট[৬], তোষনীয়[৭], তোষ্টব্য[৮], তুষ্য[৯], তুষার[১০], তূষ্ণীম্[১১], সন্তোষ[১২], পরি-তোষ[১৩], সন্তুষ্টি[১৪], পরিতুষ্টি[১৫], সন্তোষক[১৬], সন্তোষ্য[১৭]।

ব্যুৎ. তুষ্-অন, ভা[১]; +অ, ভা[২]; +তি, ভা[৩]; +অক, ক[৪]; +অ[৫]; +ত, ভা[৬]; +অনীয়, ভা[৭]; +তব্য, ভা[৮]; +য, ভা[৯]; +আর[১০]; +নীম্[১১]; সম্+অ, ভা[১২]; পরি+অ+ভা[১৩]; সম্+তি, ভা[১৪]; পরি+তি, ভা[১৫]; সম্+অক, ক[১৬]; সম্+য, ভা[১৭]।

(৪৭৫) তুহ্—সক। বধ ক (ভ্বা, প। তুহতি)। তুহিত[১] • তোহন[২], তুহিন[৩]।

ব্যুৎ. তুহ্-ত, র্ম্ম[১]; +অন, ভা[২]; +ইন[৩]।

(৪৭৬) তূড্—সক। অনাদর ক (ভ্বা, প। তূড়তি)। তূড়ন[১] তূড়িত[২]।

ব্যুৎ. তূড্-অন, ভা[১]; +ত, র্ম্ম[২]।

(৪৭৭) তূণ্—সক। সঙ্কুচিত ক। অক, সঙ্কুচিত হ (চুরা, প। তূণয়তি)। সক, পূরণ ক (চুরা, আ। তূণয়তে) তূণক[১], তূণ[২], তূণয়িতা[৩], তূণীর[৪]।

ব্যুৎ. তূণ্-অক, ক[১]; +অ[২]; +তৃ, ক[৩]; +ঈর[৪]।

(৪৭৮) তূর্—সক। হিংসা ক। অক, বেগে গমন ক (দিবা, আ। তূর্য্যতে)। তূর্ণ[১], তূরণ[২], তূর্য্য[৩]।

• ল—লোপ। † ল—হ্রস্ব।

ব্যুৎ. তূর্‌-ত, র্ম্ম[১];+অন, ভা[২]+য, র্ম্ম[৩]।

(৪৭৯) তূল্‌—সক। ওজন ক (চুরা, প। তূলয়তি)। পূরণ ক (চুরা, আ। তূলয়তে)। তূলন[১], তূল[২], তূলিত[৩], তূলি[৪], তূলিকা[৫]।

ব্যুৎ. তূল্‌-অন, ভা[১];+অ[২];+ত, র্ম্ম[৩];+ই[৪];+অক, আ-স্ত্রীং[৫]।

(৪৮০) তূষ্‌—অক। তুষ্ট হ (ভ্বা, প। তূষতি)। তূষণ[১], তূষিত[২], তূষ্ণীম্‌[৩]।

ব্যুৎ. তূষ্‌-অন, ভ[১];+ত, ভা[২];+নীম্‌[৩]।

(৪৮১) তৃণ(ন)—সক। ভক্ষণ ক (তনা, উভ। তৃণোতি, তর্ণোতি, তৃণুতে, তর্ণুতে)। তৃণ[১], তর্ণক[২]।

ব্যুৎ. তৃণ্‌(ন)-অ[১];+অক, ক[২]।

(৪৮২) তৃপ্‌—সক। হৃষ্ট ক, সন্দীপন ক (চুরা-নি, প। তর্পয়তি, তর্পতি)। প্রীত ক (স্বা, প। তৃপ্নোতি; দিবা, প। তৃপ্যতি; তুদা-মুচা, প। তৃম্পতি)। তর্পণ[১], তৃপ্তি[২], তৃপ্ত[৩], তর্পিত[৪], তর্পক[৫], তৃপিত[৬], তর্পিতা[৭], তপ্তা[৮], ত্রপ্তা[৯], তৃপ্র[১০], পরিতৃপ্ত[১১], আতর্পণ[১২]।

ব্যুৎ. তৃপ্‌-অন, ভা[১];+তি, ভা[২];+ত, র্ম্ম[৩];+ত, র্ম্ম, ভা[৪]; +অক, ক[৫];+ত, র্ম্ম, ভা[৬];+তৃ, ক[৭];+তৃ, ক[৮];+* তৃ, ক[৯];+র[১০]; পরি+ত, র্ম্ম[১১]; আ,+অন, ভা[১২]।

(৪৮৩) তৃক্ষ্‌—সক। প্রীত ক (তুদা-মুচা, প। তৃক্ষতি)। তর্ক্ষণ[১], তৃক্ষিত[২]।

ব্যুৎ. তৃক্ষ্‌-অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

---

* তৃপ্‌=ত্রপ্‌।

(৪৮৪) তৃন্ফ্—সক। প্রীত ক (তুদা, প। তৃফতি)। তৃম্ফণ[১], তৃম্ফিতা[২]।

ব্যুৎ. তৃন্ফ্-অন, ভা[১];+তৃ, ক[২]।

(৪৮৫) তৃষ্—অক। তৃষ্ণার্ত্ত হ (দিবা, প। তৃষ্যতি)। তৃষা[১], তৃষ্ণা[২]; তৃষিত[৩], তর্ষ[৪], তৃষ[৫], অনুতর্ষ[৬]।

ব্যুৎ. তৃষ্-আ, ভা[১];+ন, আ-ভা[২];+ত, ভা[৩];+অ, ভা[৪];+০[৫]; অনু+অ, ভা[৬]।

(৪৮৬) তৃহ্—সক। বধ ক (রুধা, তুদা, প। তৃণেঢ়ি)। তর্হণ[১], তৃঢ়[২], তৃণ[৩], ত্রিণ[৪]।

ব্যুৎ. তৃহ্-অন, ভা[১];+ত, র্ম্ম[২];+ * অ[৩];+ † অ[৪]।

(৪৮৭) তৃন্হ্—সক। বধ ক (তুদা, প। তৃহতি)। তৃংহণ[১] তৃঢ়[২]।

ব্যুৎ. তৃন্হ্-অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৪৮৮) তৄ—সক। পার হইয়া যা, আক্রমণ ক, পরিভব ক। অক, জলে ভাসিয়া যা, (ভ্বা, প। তরতি)। অব-পূর্ব্ব, নামা; উৎ-উত্তরণ; নির্-নিস্তার; বি-বিতরণ ক; সম্-সাঁতার, সন্তরণ। তীর্ণ[১], তারণ[২], তারক[৩], তীর্থ[৪], তরণি[৫], তরি[৬], তরী[৭], তূর্য্য[৮], তার[৯], তারা[১০], তরণ[১১], তরঙ্গ[১২] তরণ্ড[১৩], তরল[১৪], তরস্[১৫], তরু[১৬], তরুণ[১৭], তর্ণ[১৮], তর্ণক[১৯],, তালু[২০], তিরস্[২১], তীবর[২২], ত্রি[২৩], সন্তরণ[২৪], বিতরণ[২৫], অবতরণ[২৬], অবতর[২৭], অবতীর্ণ[২৮], অবতার[২৯], প্রতারণা[৩০], নিস্তার[৩১], নিস্তরণ[৩২], দুস্তর[৩৩], আতর[৩৪], আতার[৩৫], উত্তর[৩৬]।

ব্যুৎ. তৄ-ত, র্ম্ম[১];+অন, ভা[২];+অক, ক[৩];+থ[৪];+অনি[৫];+

* হ—লোপ, ণ—আগম। † হ—লোপ, ণ—আগম, তৃ=ত্রি।

ই[৬];+ই[৭];+য[৮];+অ[৯];+অ, আ[১০];+অন, ভা[১১];+অঙ্গ[১২];+অণ্ড[১৩];+অল[১৪];+অস্[১৫];+উ[১৬];+উন[১৭];+ণ[১৮],+ণ-ক যোগ[১৯]; +*উ[২০];+অস্[২১];+† বর[২২];+ই[২৩]; সম্+অন, ভা[২৪]; বি+অন, ভা[২৫]; অব+অন, ভা[২৬]; অব+অ[২৭]; অয়+ত, র্ম্ম[২৮]; অব+অ[২৯]; প্র+অন, আ, ভা[৩০]; নির্+অ[৩১]; নির্+অন, ভা[৩২]; দুর্+অ[৩৩]; আ+অ[৩৪]; আ+অ[৩৫]; উৎ+অ[৩৬]।

(৪৮৯) তেব্—অক। ক্রীড়া ক (ভ্বা, আ। তেবতে)। তেবন[১], তেবিত[২]

ব্যুৎ. তেব্—অন, ভা[১];+ত, ভা[২]।

(৪৯০) তোড়্—সক। অনাদর ক (ভ্বা, প। তোড়তি)। তোড়ন[১], তোড়িত[২]।

ব্যুৎ. তোড়্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৪৯১) ত্যজ্—সক। ত্যাগ ক (ভ্বা, প। ত্যজতি)। ত্যাগ[১], ত্যজন[২], ত্যক্ত[৩], ত্যাগী[৪], ত্যক্তব্য[৫], ত্যজনীয়[৬], ত্যাজ্য[৭], পরিত্যাগ[৮], পরিত্যক্ত[৯], উত্যক্ত[১০]।

ব্যুৎ. ত্যজ্—অ, ভা[১];+অন, ভা[২],+ত, র্ম্ম[৩];+ইন, ক[৪];+তব্য, র্ম্ম[৫];+অনীয়, র্ম্ম[৬];+য, র্ম্ম[৭]; পরি+অ, ভা[৮]; পরি+ত, র্ম্ম[৯], উৎ+ত র্ম্ম[১০]।

(৪৯২) ত্রপ্—অক। লজ্জিত হ (ভ্বা, আ। ত্রপতে (ঘটাদি, ত্র (ত্রা) পয়তি)। ত্রপ্ত[১], ত্রপিত[২], ত্রপীয়ান্[৩], ত্রপিষ্ঠ[৪], ত্রপু[৫], ত্রপুষ[৬], ত্রপুস্[৭], ত্রপা[৮], ত্রপ[৯], অপত্রপা[১০], অপত্রপিষ্ণু[১১]।

ব্যুৎ. ত্রপ্—ত, ভা[১],+ত, ভা[২];+অ-ঈয়স্[৩];+অ-ঈষ্ঠ[৪];+

* ত=তার্, র্=ল্। † তু=ভী

উ[৭];+উষ[৮];+উস্[৯];+আ, ভা[৮];+অ, ভা[৯]; অপ+অ, ভা[১০]; অপ+ইষ্ণু[১১]।

(৪৯৩) ত্রস্—সক। ধারণ ক, আদান ক, নিবারণ ক, (চুরা, প। ত্রাসয়তি)। অক, ভীত হ (দিবা, প। ত্রস্যতি; ভ্বা, প। ত্রসতি) ত্রাস[১], ত্রস্ত[২], ত্রাসিত[৩], ত্রস[৪], ত্রাসক[৫], ত্রাসী[৬], ত্রাসয়িতা[৭], ত্রস্নু[৮], সন্ত্রাস[৯]।

ব্যুৎ. ত্রস্—অ, ভা[১];+ত, র্ম্ম[২];+ত, র্ম্ম[৩];+অ, ভা[৪];+অক, ক[৫];+ইন্, ক[৬];+তৃ, ক[৭];+নু[৮]; সম্+অ, ভা[৯]।

(৪৯৪) ত্রন্স্—অক। দীপ্তি পা (চুরা—বি, প। ত্রংসয়তি, ত্রংসতি (ত্রংস্যতে)। ত্রংসন[১], ত্রংসিত[২]।

ব্যুৎ. ত্রন্স্—অন, ভা[১];+ত, ভা[২]।

(৪৯৫) ত্রুট্—সক। ছেদ ক (চুরা, আ। ত্রোটয়তে)। সক, ছেদন ক। অক, বিদীর্ণ হ, ছিন্ন হ (দিবা, তুদা, প। ত্রুট্যতি, ত্রুটতি)। ত্রোটন[১], ত্রোটিত[২], ত্রুটিত[৩], ত্রুটী[৪],।

ব্যুৎ. ত্রুট্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+ত, র্ম্ম[৩];+ইন্, ক[৪]।

(৪৯৬) ত্রুপ্—সক। বধ ক (ভ্বা, প। ত্রোপতি)। ত্রোপণ[১], ত্রোপ[২], ত্রুপিত[৩]।

ব্যুৎ. ত্রুপ্—অন, ভা[১];+অ, ভা[২];+ত, র্ম্ম[৩]।

(৪৯৭) ত্রুন্প্—সক। বধ ক (ভ্বা, প। ত্রুম্পতি)। ত্রুম্পন[১], ত্রুপিত[৩]।

ব্যুৎ. ত্রুন্প্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৪৯৮) ত্রৈ—সক। রক্ষা ক, পালন ক, (ভ্বা, আ। ত্রায়তে) ত্রাত[১], ত্রাণ[২], ত্রায়মান[৩]; ত্রাতা[৪], পরিত্রাত[৫], পরিত্রাণ[৬], পরিত্রাতা[৭], গায়ত্রী[৮]।

ব্যুৎ. ত্রৈ-ত, র্ম্ম[১];+অন, ভা[২];+আন, ক[৩];+তৃ, ক[৪]; পরি+ত, র্ম্ম[৫]; পরি+অন, ভা[৬]; পরি+তৃ, ক[৭]; গায়ৎ+অ,ঈ-স্ত্রীং[৮]।

(৪৯৯) ত্বচ্—সক। আবরণ ক (তুদা, প। ত্বচতি) ত্বচ্[১], ত্বক্[২], ত্বচ[৩], ত্বচী[৪]।

ব্যুৎ. ত্বচ্-০[১];+০[২];+অ, ভা[৩];+ইন্, ক[৪]।

(৫০০) ত্বন্চ্—সক। গমন ক (ভ্বা, প। ত্বঞ্চতি)। ত্বক্ত[১], ত্বঞ্চিতা[২]।

ব্যুৎ. ত্বন্চ্-ত, র্ম্ম[১];+তৃ, ক[২]।

(৫০১) ত্বর্—অক। ত্বরা, ক, বেগে যা (ভ্বা, আ। ত্বরতে)। ত্বরা[১], ত্বরিত[২], তূর্ণ[৩], সত্বর[৪]।

ব্যুৎ. ত্বর্—আ, ভা[১];+ত; ভা[২];+ত, ভা[৩];সহ+অ, ভা[৪]।

(৫০২) ত্ব(ত)ক্ষ্—সক। ত্বক্ গ্রহণ ক, কাষ্ঠাদি চাঁচা (ভ্বা, প। ত্ব(ত)ক্ষতি)। ত্বষ্ট[১], ত্বষ্টা[২], ত্বক্ষণ[৩], ত্বক্ষিত[৪], ত্বক্ষিতা[৫], তক্ষণ[৬]।

ব্যুৎ. ত্বক্ষ্—ত, র্ম্ম[১];+তৃ, ক[২];+অন, ভা[৩];+ত, র্ম্ম[৪];+তৃ, ক[৫]; তক্ষ—অন, ভা[৬]।

(৫০৩) ত্বিষ্—অক। দীপ্তি পা, উর্জ্জ্বলীভাব হ (ভ্বা, উভ, অনিট্। ত্বেষতি—তে)। অব-পূর্ব্ব, বাস ক, দান ক। ত্বিষ্[১], ত্বিষা[২], ত্বিট্[৩], ত্বেষ্টা[৪], অবত্বেষ[৫]।

ব্যুৎ. ত্বিষ্—০[১];+আ, ভা[২];+—০[৩];+তৃ, ক[৪]; অব+অ,ভা[৫]।

দ

(৫০৪) দণ্ড্—সক। দণ্ড ক, দমন ক (চুরা, প। দণ্ডয়তি, দণ্ডাপয়তি)। দণ্ড[১], দণ্ডিত[২], দণ্ডনীয়[৩], দণ্ড্য[৪], দণ্ডী[৫], দণ্ডায়মান[৬], দণ্ডয়িতা[৭]।

ব্যুৎ. দণ্ড—অ, ভা[1];+ত, র্ম্ম[2];+অনীয়, র্ম্ম[3];+য, র্ম্ম[4];+ইন্, ক[5];+আন, ক[6];+তৃ, ক[7]।

(৫০৫) দম্ভ্—সক। প্রেরণ ক (চুরা, প। দাম্ভয়তি)। দাম্ভন[1], দাম্ভিত[2]।

ব্যুৎ. দম্ভ্—অন, ভা[1];+ত, র্ম্ম[2]।

(৫০৬) দম্ভ্—অক। দম্ভ ক (স্বা, প। দভ্নোতি)। সক, রাশি ক (চুরা, আ। দম্ভয়তে)। প্রেরণ ক (চুরা, প। দম্ভয়তি)। দম্ভন[1], দব্ধ[2], দম্ভ[3]।

ব্যুৎ. দম্ভ্—অন, ভা[1];+ত, র্ম্ম, ভা[2];+অ, ভা[3]।

(৫০৭) দম্—অক। শান্ত হ, জিতেন্দ্রিয় হ। সক, বশীভূত হ (দিবা, প। দাম্যতি)। দম[1], দমন[2], দান্ত[3], দান্তি[4], দন্ত[5], দমিত[6], দমী[7], দমনী[8], দমক[9], দম্য[10], দোস্[11], দুর্দান্ত[12], দুর্দম্য[13]।

ব্যুৎ. দম্—অ, ভা[1];+অন, ভা[2];+ত, র্ম্ম, ভা[3];+তি, ভা[4];+ত, র্ম্ম, ভা[5];+ত, র্ম্ম[6];+ইন্, ক[7];+অন, ঈ+স্ত্রীং[8];+অক, ক[9];+য, র্ম্ম[10];+* ওস্[11]; দুর্+ত, র্ম্ম[12]; দুর্+য, র্ম্ম[13]।

(৫০৮) দয়্—সক। দয়া ক, আদান ক, গমন ক, হিংসা ক, দান ক, রক্ষা ক (ভ্বা, আ। দয়তে)। দয়[1], দয়িত[2], দয়িতা[3], দয়া[4], দয়ন[5], দয়ালু[6]।

ব্যুৎ. দয়্—অ, ভা[1];+ত, র্ম্ম[2];+তৃ, ক[3];+আ, ভা[4];+অন, ভা[5];+আলু[6]।

(৫০৯) দরিদ্রা—অক। ধনহীন হ (অদা, প। দরিদ্রাতি) দরিদ্র[1], দরিদ্রায়ক[2], দরিদ্রিত[3], দদ্রু[4], দদ্রূ[5]।

---

* অন্—লোপ।

ব্যুৎ. দরিদ্রা—অ, ভা[১];+অক, ক[২];+ত, ভা[৩];+* উ[৪]; +* উ[৫]।

(৫১০) দল্—সক। ভেদ ক, মর্দ্দন ক, ছিন্নভিন্ন ক (ভ্বা, প। দলতি (ঘটাদি) দ(দা)লয়তি)। দলিত[১], দলন[২], দলনীয়[৩], দল[৪], দলি[৫], দলনী[৬], দালন[৭], দালিত[৮], দালিম[৯], দাড়িম্ব উদ্দাল[১২], কুদ্দাল[১৩], কুদাল[১৪]।

ব্যুৎ. দল্—ত, র্ম্ম[১];+অন, ভা[২];+অনীয়, র্ম্ম[৩];+অ, ভা[৪];+ ই[৫];+অন, ঈ—স্ত্রীং[৬];+অন, ভা[৭];+ত, র্ম্ম[৮];+ইম[৯];+ ইম[১০];+ ইম্ব[১১]; উৎ+অ[১২]; কু+অ[১৩]; কু+অ[১৪]।

(৫১১) দন্শ্—অক। দীপ্তি পা (চুরা, প। দংশয়তি)। সক, দর্শন ক, দংশন ক (চুরা, আ। দংশয়তে)। দংশন ক (ভ্বা, প, অনিট্। দশতি)। দংশন[১], দষ্ট[২], দংশিত[৩], দংশক[৪], দংশী[৫], দশন[৬], দংষ্ট্র[৭], দংশ[৮], দংষ্ট্রা[৯], দংশনীয়[১০], দশ[১১], দশা[১২], উপদংশ[১৩], উদ্দংশ[১৪]।

ব্যুৎ. দন্শ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+ত, র্ম্ম[৩];+অক, ক[৪];+ ইন্, ক[৫];+অন, ভা[৬];+ত্র, ণ[৭];+অ, ভা[৮];+ত্র, ণ, আ—স্ত্রীং[৯]; +অনীয়, ভা, র্ম্ম[১০];+অ[১১];+অ, আ—স্ত্রী[১২]; উপ+অ[১৩]; উৎ+অ[১৪]।

(৫১২) দস্—সক। উৎক্ষেপণ ক (দিবা, প। দস্যতি)। দস্ত[১], দসন[২], দস্যু[৩], দস্র[৪]।

ব্যুৎ. দস্—ত, র্ম্ম[১];+অন, ভা[২];+যু[৩];+র[৪]।

(৫১৩) দহ্—সক। দগ্ধ ক, ভস্মীকরণ ক (ভ্বা, প, অনিট্। দহতি)। দহন[১], দগ্ধ[২], দাহন[৩], দাহ[৪], দহনীয়[৫], দাহ্য[৬],

---

* দরিদ্রা=দরিদ্র, নিপাতন। † ল্=ড়্।

দহ্যমান[৭], ভাল্লুক[৮], বিদগ্ধ[৯], নিদাঘ[১০]।

ব্যুৎ. দহ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]+অন,ভা[৩];+অ[৪];+অনীয়, র্ম্ম[৫];+য,র্ম্ম[৬];+আন, র্ম্ম[৭];+* উক[৮]; বি+ত, র্ম্ম[৯]; নি+† অ[১০]।

(৫১৪) দন্হ্—অক। দীপ্তি পা। সক, দগ্ধ ক (চুরা, প। দংহয়তি)। দংহন[১], দংহিত[২]।

ব্যুৎ. দন্হ্—অন, ভা[১];+ত, ভা[২]।

(৫১৫) দক্ষ্—অক। বেগবান্ হ, বৃদ্ধি পা। সক, বধ ক, শীঘ্র করণ (ভ্বা, আ। দক্ষতে)। দক্ষ[১], দক্ষিত[২], দক্ষণ[৩], দক্ষিণা[৪], দক্ষিণ[৫], প্রদক্ষিণ[৬]।

ব্যুৎ. দক্ষ্—অ[১];+ত, ভা, র্ম্ম[২];+অন, ভা[৩];+ইন, আ—স্ত্রীং[৪]; +ইন[৫]; প্র+ইন[৬]।

(৫১৬) দা—সক। ছেদ ক (অদা, প। দাতি) দান ক (ভ্বা, প। যচ্ছতি; হ্বা, উভ। দদাতি, দত্তে)। আ—পূর্ব্বক, আদান, গ্রহণ ক; প্রতি—প্রতিদান ক; বি—আ—ব্যাদান ক, বিস্তার ক; সম্—আ—গ্রহণ ক। দান[১], দত্ত[২], দত্তি[৩], দাতা[৪], দাতব্য[৫], দেয়[৬], দানীয়[৭], দাস্যমান[৮], দাত্র[৯], দত্রিম[১০], দিৎসা[১১] দিৎসু[১২], আত্ত[১৩], আদি[১৪], আদান[১৫], উপাদেয়[১৬], উপাদান[১৭], অপাদান[১৮], সম্প্রদান[১৯], প্রদান[২০], নিদান[২১], অনুদাত্ত[২২], প্রতিদান[২৩], দোহদ[২৪], সুখদ[২৫], ধনদ[২৬], দুঃখদ[২৭], জলদ[২৮], প্রদত্ত[২৯]।

ব্যুৎ. দা—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+তি, ভা[৩];+তৃ, ক[৪];+তব্য, র্ম্ম[৫];+য, র্ম্ম[৬];অনীয়, র্ম্ম[৭];+স্যমান[৮];+ত্র[৯];+ত্রিম[১০];+স, আ—ভা[১১];+স, উ[১২]; আ+ত, র্ম্ম[১৩]; আ+ই[১৪]; আ+অন, ভা[১৫];

---

* দ=ড। † হ্=ঘ্।

উপ–আ+য, র্ম্ম[১৬]; উপ–আ+অন, ভা[১৭]; অপ–আ+অন[১৮]; সম্–প্র+অন[১৯]; প্র+অন, ভা[২০]; নি+অন[২১]; অন্–উৎ–আ+ত, র্ম্ম[২২]; প্রতি+অন[২৩]; দোহ+অ[২৪]; সুখ+অ[২৫]; ধন+অ[২৬]; দুঃখ+অ[২৭]; জল+অ[২৮]; প্র+ত, র্ম্ম[২৯]।

(৫১৭) দায়্—সক। দান ক (ভ্বা, আ। দায়তে) দায়[১], দায়ন[২], দায়িত[৩], দায়ী[৪]।

ব্যুৎ. দায়্—অ, ভা[১];+অন, ভা[২];+ত, র্ম্ম[৩];+ইন, ক[৪]।

(৫১৮) দাশ্—সক। বধ ক (স্বা, প। দাশ্নোতি)। দান ক (চুরা, আ। দাশয়তে, ভ্বা, উভ। দাশতি–তে)। দাশ[১], দাশন[২], দাশিত[৩]।

ব্যুৎ. দাশ্—অ, ভা[১];+অন, ভা[২];+ত, র্ম্ম[৩]।

(৫১৯) দাস্—সক। দান ক (ভ্বা, উভ। দাসতি–তে) বধ ক, (স্বা, প। দাস্নোতি)। দাস[১], দাসী[২], দাসিকা[৩], দাসেয়[৪], দাসের[৫], দাসন[৬], দাসিত[৭]।

ব্যুৎ. দাস্—অ, ভা[১];+ইন্, ক[২];+অক, আ[৩];+এয়[৪];+এর[৫];+অন, ভা[৬];+ত, র্ম্ম[৭]।

(৫২০) দিন্ভ্—সক। রাশি ক (চুরা, আ। দিম্ভয়তে)। প্রেরণ ক (চুরা, প। দিম্ভয়তি)। দিম্ভন[১], দিম্ভিত[২]।

ব্যুৎ. দিন্ভ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৫২১) দিব্—অক। অব্যক্ত শব্দ ক (চুরা, আ। দেবয়তে) সক, পীড়ন ক (চুরা, প। দেবয়তি)। অক, ক্রীড়া ক, দীপ্তি পা, হৃষ্ট হ, মত্ত হ, নিদ্রিত হ। সক, জয়েচ্ছা ক, ইচ্ছা ক, ক্রয় বিক্রয় ক, স্তুতি ক, গমন ক (দিবা, প। দীব্যতি)। দেবন[১], দ্যুত[২], দেবনা[৩], দেব[৪], দিব্[৫], দ্যো[৬], দে-

বক[৭], দিবা[৮], দিবস[৯], দীর্ঘ[১০]; দেবী[১১], দিব[১২], দেবর[১৩], দেবা[১৪]।

ব্যুৎ. দিব–অন, ভা[১];+ত, র্ম্ম, ভা[২];+অন, আ-স্ত্রীং[৩];+ +অ, ক[৪];+০[৫];+ও[৬];+অক, ক[৭];+আ[৮];+অস[৯];+র্ঘ[১০];+ইন, ক[১১];+অ[১২],+অর[১৩];+অ, আ[১৪]।

(৫২২) দিশ্—সক,। কথন, দান ক (তুদা, উভ, অনিট। দিশতি-তে)। আ—পূর্ব্ব, আজ্ঞা, অনুমতি; প্রতি-আ—প্রত্যাদেশ, নিরাকৃতি, ত্যাগ; উৎ—উদ্দেশ, উপ—উপদেশ, বিধান, কীর্ত্তন; নির্—আদেশ; প্র—আদেশ, কথন। দিষ্টি[১], দিষ্ট[২], দেষ্ট[৩], দিক্[৪], দেশ[৫], উদ্দেশ[৬], সন্দেশ[৭], উপদেশ[৮], উদ্দিষ্ট[৯], উদ্দেশ্য[১০], উপদিষ্ট[১১], উপদেষ্টা[১২], আদেষ্টা[১৩], আদেশী[১৪], উপদেশী[১৫], উপদেশক[১৬], প্রদেশন[১৭], অপদিশ[১৮], অপদেশ[১৯], নিদেশ[২০], প্রদিষ্ট[২১], প্রদেশ্য[২২], প্রাদেশ[২৩], সন্দিষ্ট[২৪],।

ব্যুৎ. দিশ্—তি, ভা[১]; +ত, র্ম্ম[২]; +তৃ, ক[৩]; +০[৪];+অ, ভা[৫]; উৎ +অ, ভা[৬]; সম্ + অ, ভা[৭]; উপ + অ, ভা[৮]; উৎ+ত, র্ম্ম[৯]; উৎ + য, + র্ম্ম[১০]; উপ + ত, র্ম্ম[১১]; উপ+তৃ, ক[১২]; আ+তৃ, ক[১৩]; আ+ইন্, ক[১৪]; উপ+ইন্, ক[১৫]; উপ+অক, -ক[১৬]; প্র+অন[১৭]; অপ+অ[১৮]; অপ+অ, ভা[১৯]; নি+অ, ভা[২০]; প্র+ত, র্ম্ম[২১]; প্র+য, ভা[২২]; প্র-আ+অ[২৩]; সম্+ত, র্ম্ম[২৪]।

(৫২৩) দিহ্—সক। লেপন ক, সন্দেহ ক (অদা, উভ, অনিট। দেগ্ধি, দিগ্ধে)। দেহ[১], দিগ্ধ[২], সন্দিগ্ধ[৩], সন্দেহী[৪], সন্দেহক[৫], সন্দিহান[৬], আদিগ্ধ[৭], নিদিগ্ধ[৮], প্রদিগ্ধ[৯], সন্দেহ[১০]।

ব্যুৎ. দিহ্—অ, ভা[১]; + ত, র্ম্ম[২]; সম্ + ত, র্ম্ম[৩]; সম্ +

ইন্, ক[৩]; সম্ +অক, ক[৪]; সম্+আন[৬]; আ+ত, র্ম্ম[৭]; নি-
+ ত, র্ম্ম[৮]; প্র + ত, র্ম্ম[৯]; সম্ + অ, ভা[১০]।

(৫২৪) দী—অক। ক্ষীণ হ, দুঃখী হ (দিবা, আ,। দীয়তে)।
দীন[১]।

ব্যুৎ. দী—ত, ভা[১]।

(৫২৫) দীধী—সক। খেলা ক, দীপ্তি পা (অদ, আ। দীধী-
তে) দীধীতি[১]।

ব্যুৎ. দীধী-তি, ভা[১]।

(৫২৬) দীপ্—অক। দীপ্ত হ (দিবা, আ। দীপ্যতে)। দী-
পন[১], দীপ্তি[২], দীপ্ত[৩], দীপ্য[৪], দীপ্যমান[৫], দেদীপ্যমান[৬],
দীপ্র[৭], দীপক[৮], দীপিতা[৯], দীপ[১০], উদ্দীপন[১১], উদ্দীপ্ত[১২],
প্রদীপ[১৩], প্রদীপ্ত[১৪]।

ব্যুৎ. দীপ্—অন, ভা[১];+তি, ভা[২];+ত, ভা[৩];+য, ভা[৪];+
আন, ক[৫];+যঙ্লুগন্ত, আন, ক[৬];+র[৭];+অক, ক[৮],+তৃ, ক[৯],+
অ, ভা[১০],+উৎ+অন, ভা[১১]; উৎ+ত, র্ম্ম[১২]; প্র+অ, ক[১৩],
প্র+ত, ভা[১৪]।

(৫২৭) দীক্ষ্—অক। ভূষিত হ, নিয়মপর হ। সক, যাগ ক,
ব্রতাদেশ ক, উপনীত ক, উপদেশ দে (ভ্বা, আ। দীক্ষ-
তে)। দীক্ষিত[১], দীক্ষিতা[২], দীক্ষা[৩], দীক্ষক[৪], দীক্ষণ[৫]।

ব্যুৎ. দীক্ষ্—ত, র্ম্ম. ভা[১];+তৃ, ক[২];+আ, ভা[৩];+অক, ক[৪];+
অন, ভা[৫]।

(৫২৮) দু—অক। উপতপ্ত হ। সক, উপতপ্ত ক (স্বা, প।
দুনোতি)। সক, গমন প্রাপ্তি (ভ্বা, প। দবতি)। দূন[১],
দব[২], দবথু[৩], দাব[৪], দবন[৫], দূত[৬], দুকূল[৭], দূ(তী)তি[৮]।

ব্যুৎ. দ্রু-ত, ক[১];+অ, ভা[২];+অথু[৩];+অ[৪];+অন, ভা[৫];+ * ত[৬];+† উল[৭];+তি[৮]।

(৫২৯) দ্যু—সক। আভিমুখ্যে যা, অভিমুখে যা (অদা, প। দ্যৌতি)। দ্যুতি[১]।

ব্যুৎ: দ্যু-তি, ভা[১]।

(৫৩০) দুঃখ—সক। পীড়ন ক (চুরা, প। দুঃখয়তি, দুঃখাপয়তি)। দুঃখ[১]; দুঃখিত[২]।

ব্যুৎ. দুঃখ-অ, ভা[১];+ত র্ম্ম[২]।

(৫৩১) দুল্—সক। দোলান, উৎক্ষেপণ ক (চুরা, প। দোলয়তি)। দোলন[১], দোল[২], দোলায়মান[৩], দোলিত[৪], দোদুল্যমান[৫], দোলা[৬], দুলি[৭], ডুলি[৮], হিন্দোল[৯]।

ব্যুৎ. দুল-অন, ভা[১];+অ, ভা[২];+আন, ক[৩];+ত, র্ম্ম[৪];+ যঙলুগন্ত,আন,—ক[৫];+আ, ভা[৬];+ই[৭];+‡ ই[৮], হি+§ অ[৯]।

(৫৩২) দুষ্—অক। বিকৃত হ, দুষ্ট হ (দিবা, প, অনিট। দুষ্যতি)। দোষ[১], দোষণ[২], দোষক[৩], দোষী[৪], দুষ্ট[৫], দোষা[৬], দূষক[৭], দূষণ[৮], দূষ্য[৯], দূষিতা[১০], দূষণীয়[১১], দূষি[১২], দূষ্যা[১৩], বিদূষক[১৪]।

ব্যুৎ. দুষ্—অ, ভা[১]+অন, ভা[২]+অক, ক[৩];+ইন্, ক[৪];+ ত, ভা[৫];+আ[৬];+অক, ক[৭];+অন, ভা[৮];+য, র্ম্ম[৯];+তৃ, ক[১০]:+ অনীয়, র্ম্ম[১১];+ই[১২];+য, আ[১৩]; বি+অক[১৪]।

(৫৩৩) দুহ্—সক। বধ ক (ভ্বা, প। দোহতি)। দ্বিক, দোহন ক (অদা. উভ, অনিট। দোগ্ধি, দুগ্ধে)। দোহন[১], দোগ্ধা[২], দুগ্ধ[৩], দুহিতা[৪], দুহ্যমান[৫], দুহ্[৬], দোহ্য[৭], দোহ[৮],

---

* দ্=দ্র্। † ক্—আগম। ‡ দ্=ড্। § ন—আগম, নিপাতন।

দোগ্ধ্রী[৯], ঘর্ম্মদুঘ[১০], সন্দোহ[১১]।

ব্যুৎ. দুহ্‌—অন, ভা[১];+তৃ, ক[২];+ত, র্ম্ম[৩];+তৃ, ক[৪];+আন, র্ম্ম[৫];+য, র্ম্ম[৬];+য, র্ম্ম[৭];+অ, ভা[৮];+তৃ,—ঈ—স্ত্রীং[৯]; ঘর্ম্ম+ * অ[১০]; সম্‌+অ, ভা[১১]।

(৫৩৪) দূ—অক। দুঃখিত হ, ক্লেশ পা (দিবা, আ। দূয়তে)। দূন[১]।

ব্যুৎ. দূ—ত, ভা[১]।

(৫৩৫) দৃ—সক। আদর ক। (তুদা, আ। (প্রায় আ—পূর্ব্ব প্রয়োগ হইয়া থাকে) আদ্রিয়তে)। বধ ক (স্বা, প। দৃণোতি)। ভয়, ক (ক্র্যা, চুরা, প। দৃণাতি, দারয়তি)। আদর[১], সমাদর[২], আদৃত[৩], সমাদৃত[৪], আদরণীয়[৫], আদৃত্য[৬], আদ্রিয়মাণ[৭], হরিদ্র[৮]।

ব্যুৎ. আ—দৃ—অ, ভা[১]; সম্‌—আ+অ, ভা[২]; আ+ত, র্ম্ম[৩]; সম্‌—আ+ত, র্ম্ম[৪]; আ+অনীয়, র্ম্ম[৫]; আ+য[৬]; আ+আন, র্ম্ম[৭]; হরি+অ, আ[৮]।

(৫৩৬) দৃপ্‌—অক। হৃষ্ট হ, অহঙ্কৃত হ (দিবা, প। দৃপ্যতি)। সক, দীপ্ত ক (চুরা—বি, প। দর্পয়তি)। পীড়ন ক, ব্যাঘাত ক (তুদা, প। দৃপতি)। দর্প[১], দৃপ্ত[২], দর্পণ[৩], দর্পক[৪], দর্পিতা[৫], কন্দর্প[৬]।

ব্যুৎ. দৃপ্‌—অ, ভা[১];+ত, র্ম্ম, ভা[২];+অন, ভা[৩];+অক, ক[৪]; +তৃ, ক[৫]; কম্‌+অ[৬]।

(৫৩৭) দৃভ—অক। ভীত হ (চুরা—বি, প। দর্ভয়তি, দর্ভতি) সক, গ্রন্থন ক (চুরা—বি, তুদা, প। দর্ভয়তি, দর্ভতি;

---

* হ=ঘ।

দৃভতি)। দৃব্ধ[১], দর্ভ[২], দর্ভণ[৩], দর্ভিত[৪], দর্ভণা[৫], দৃন্‌ভূ[৬]।

ব্যুৎ. দৃভ–ক্ত, র্ম্ম, ভা[১];+অ, ভা[২];+অন, ভা[৩],+ত, র্ম্ম[৪];+অন, আ, ভা[৫];+* উ[৬]।

(৫৩৮) দৃশ্‌—সক। দর্শন ক, দেখা (ভ্বা, প। পশ্যতি)। উৎ–পূর্ব্ব. উৎপ্রেক্ষণ; পরি–পরিদর্শন ক, পরীক্ষণ; প্র–প্রদর্শন। দর্শন[১], দৃষ্ট[২], দৃষ্টি[৩], দর্শনীয়[৪], দ্রষ্টব্য[৫], দ্রষ্টা[৬], দর্শিত[৭], দৃশ্য[৮], দর্শক[৯], দর্শী[১০], দৃশ্যমান[১১], দৃক্[১২], দৃশি[১৩], দৃশা[১৪], সদৃশ[১৫], তাদৃশ[১৬], তাদৃক্[১৭], যাদৃশ[১৮], যাদৃক্[১৯], ঈদৃশ[২০], কীদৃশ[২১], কীদৃক্[২২], এতাদৃশ[২৩], এতাদৃক্[২৪], আদর্শ[২৫], সুদর্শন[২৬], সন্দর্শন[২৭], পরিদৃশ্যমান[২৮]।

ব্যুৎ. দৃশ্‌–অন, ভা[১],+ক্ত, র্ম্ম[২];+তি, ভা[৩],+অনীয়, র্ম্ম[৪];+তব্য, র্ম্ম[৫];+তৃ, ক[৬];+ত, র্ম্ম[৭];+য, র্ম্ম[৮];+অক, ক[৯];+ইন্‌ ক[১০];+আন, র্ম্ম[১১];+০[১২];+ই[১৩],+অ, ভা[১৪]; সহ+অ[১৫], তদ্‌+অ[১৬];+০[১৭]; যদ+অ[১৮]; যদ্‌+০[১৯]; ইদম্‌+অ[২০]; কিম্‌+অ[২১]; কিম্‌+০[২২]; এতদ্‌+অ[২৩]; এতদ্‌+০[২৪]; আ+অ[২৫]; সু+অন, ভা[২৬]; সম্‌+অন, ভা[২৭]; পরি+আন র্ম্ম[২৮]।

(৫৩৯) দৃহ্‌—অক। বৃদ্ধি পা (ভ্বা, প। দর্হতি)। দর্হণ[১], দর্হিত[২]।

ব্যুৎ. দৃহ–অন, ভা[১],+ত, ভা[২]।

(৫৪০) দৃন্‌হ্‌—অক। বৃদ্ধি পা (ভ্বা, প। দৃংহতি)। দৃংহণ[১], দৃংহিত[২]।

ব্যুৎ. দৃন্‌হ–অন, ভা[১];+ত, ভা[২]।

(৫৪১) দৄ—অক। ভীত হ (ক্র্যা–প্বা, প। দৃণাতি. ভ্বা, প। দরতি)।

* ন্‌—আগম।

দ্যোত[১], দ্যুতিত[২], দ্যোতন[৩], দ্যুতি[৪], দ্যোতক[৫], দ্যোতিত[৬],
জ্যোতিস্[৭], বিদ্যুৎ[৮], বিদ্যোত[৯], খদ্যোত[১০]।

ব্যুৎ. দ্যুত্—অ, ভা[১]; +ত, ভা[২]; অন, ভা[৩], +ই[৪], +অক, ক[৫]; +ত, ভা[৬], ++* ইস্[৭]; বি+০[৮]; বি+অ[৯]; খ+অ[১০]।

(৫৪৬) দ্রম্—সক। গমন, প্রাপ্তি (ভ্বা, প। দ্রমতি)।
দ্রমণ[১], দ্রমিত[২]।

ব্যুৎ. দ্রম্—অন, ভা[১]; +ত, র্ম্ম[২]।

(৫৪৭) দ্রা—অক। নিদ্রিত হ, পলায়ন ক (অদা, প। দ্রাতি)।
দ্রাণ[১], দ্রাক্[২], নিদ্রা[৩], নিদ্রিত[৪], অদ্রি[৫], নিদ্রালু[৬]।

ব্যুৎ. দ্রা—অন, ভা[১]; +ক্[২]; নি+অ আ-স্ত্রী[৩]; নি+ত ভা[৪]; অ+ই[৫], নি+আলু[৬]।

(৫৪৮) দ্রাঘ্—অক। শ্রম ক, সমর্থ হ। সক, দীর্ঘ হ (ভ্বা, আ। দ্রাঘতে)। দ্রাঘিত[১], দ্রাঘণ[২], দীর্ঘ[৩]।

ব্যুৎ. দ্রাঘ্—ত, র্ম্ম, ভা[১]; +অন, ভা[২], ++অ[৩]।

(৫৪৯) দ্রাড়্—সক। ভেদ ক, বধ ক, (ভ্বা, আ। দ্রাড়তে)।
দ্রাড়িত[১], দ্রাড়ন[২], দ্রাড[৩], দাড়ক[৪]।

ব্যুৎ. দ্রাড়—ত, র্ম্ম[১], +অন, ভা[২]; +অ, ভা[৩]; +‡ অক[৪]।

(৫৫০) দ্রান্ক্ষ্—সক। আকাঙ্ক্ষা ক। অক, ঘোরশব্দ ক (ভ্বা, প। দ্রাঙ্ক্ষতি)। দ্রাঙ্ক্ষণ[১], দ্রাঙ্ক্ষিত[২]।

ব্যুৎ. দ্রান্ক্ষ্—অন, র্ম্ম, ভা[১]; +ত, র্ম্ম—ভা[২]।

(৫৫১) দ্রাহ্—অক। জাগরিত হ। সক, নিক্ষেপ ক (ভ্বা, আ। দ্রাহতে)। দ্রাহণ[১], দ্রাহিত[২]।

ব্যুৎ. দ্রাহ্—অন, ভা[১]; +ত, র্ম্ম, ভা[২]।

---

* দ্যুৎ=জ্যোৎ। † দ্রাঘ্—দীর্ঘ। ‡ দ্রাড়—দাড়।

(৫৫২) দ্রু—অক। দ্রব হ, দৌড়ান (ভ্বা, প। দ্রবতি)। উপতপ্ত হ। সক, উপতপ্ত ক (স্ব, প। দ্রুণোতি)। দ্রব[১], দ্রুত[২], দ্রু[৩], দ্রুম[৪], দ্রোণ[৫], দ্রবিণ[৬], দ্রাবী[৭], দ্রাব্য[৮], দ্রাবক[৯], দ্রবনীয়[১০], দ্রব্য[১১], দ্রবন্তী[১২], দ্রোণি[১৩], দ্রোণী[১৪], বিদ্রাব[১৫], উপদ্রব[১৬], বিদ্রুত[১৭], উদ্দ্রাব[১৮], বিদ্রাবক[১৯], বিদ্রুম[২০]।

ব্যুৎ. দ্রু-অ, ভা[১],+ত, র্ম্ম, ভা[২];+অ[৩],+ম, সংজ্ঞার্থে[৪];+ ণ[৫];+ইন[৬];+ইন্, ক[৭];+য, র্ম্ম[৮];+অক, ক[৯],+অনীয়, র্ম্ম[১০];+ য[১১];+অৎ—ঈ-স্ত্রীং[১২],+নি[১৩];+নি[১৪]; বি+অ[১৫]; উপ+অ, ভা[১৬]; বি+ত, র্ম্ম[১৭], উৎ+অ, ভা[১৮]; বি+অক, ক[১৯]; বি+ম[২০]।

(৫৫৩) দ্রুড়্—অক। মগ্ন হ, ডুব দে (ভ্বা, প। দ্রোড়তি; তুদা, প। দ্রুড়তি)। দ্রোড়ন[১], দ্রুড়ন[২], দ্রুড়িত[৩], দ্রুড়িতা[৪]।

ব্যুৎ. দ্রুড়্-অন, ভা[১];+অন, ভা[২],+ত, ভা[৩],+তৃ, ক[৪]।

(৫৫৪) দ্রুহ্—অক। অনিষ্টাচরণ ক (দিবা, প। দ্রুহ্যতি)। দ্রোহ[১], দ্রোহিত[২], দ্রোগ্ধা[৩], দ্রুহিণ[৪], বিদ্রোহ[৫], বিদ্রোহী[৬]।

ব্যুৎ. দ্রুহ্-অ, ভা[১];+তৃ, ক[২],+তৃ, ক[৩],+ইন[৪]; বি+অ ভা[৫]; বি+ইন্, ক[৬]। |নিদ্রাণ[২], নিদ্রিত[৩]।

(৫৫৫) দ্রৈ—অক। নিদ্রা যা (ভ্বা, প। দ্রায়তি) নিদ্রা[১],

ব্যুৎ. নি-দ্রৈ-অ, ভা[১],+অন, ভা[২];+ত, ভা[৩]।

(৫৫৬) দ্বিষ্—সক। দ্বেষ ক, শত্রুতা ক (অদা, উভ। দ্বেষ্টি, দ্বিষ্টে)। দ্বেষ[১], দ্বিষ্ট[২], দ্বেষণ[৩], দ্বেষক[৪], দ্বেষী[৫], দ্বেষ্য[৬], দ্বেষ্টা[৭], দ্বিষ্[৮], দ্বিষৎ[৯], বিদ্বেষ[১০], বিদ্বেষী[১১], বিদ্বেষ্টা[১২]।

ব্যুৎ. দ্বিষ্-অ, ভা[১];+ত, র্ম্ম[২];+অন, ভা[৩],+অক, ক[৪];+ইন্, ক[৫], +য, র্ম্ম[৬];+তৃ, ক[৭];+০[৮];+অৎ[৯]; বি+অ, ভা[১০]; বি+ইন্, ক[১১];+তৃ, ক[১২]।

ধ

১৫৭) ধক্ক্—সক। বিনাশ ক, মারণ, আঘাত ক (চুরা, প। ধক্কয়তি)। ধক্কা[১], ধক্কন[২], ধক্কয়িতা[৩], ধিক্[৪]।

ব্যু. ধক্ক্—অ, ভা[১]; +অন, ভা[২], +তৃ, ক[৩]; +* ইক[৪]।

১৫৮) ধণ্—অক। শব্দ ক (ভ্বা, প। ধণতি)। ধণন[১], ধণিত[২], ধট[৩], ধটী[৪]।

ব্যুৎ. ধণ্—অন, ভা[১]; +ত, ভা[২]; +† অ[৩], +† অ, ঈ-স্ত্রীং[৪]।

১৫৯) ধন্—অক। শব্দ ক (ভ্বা, প। ধনতি)। ধনবান্ হ, ধান্যোৎপাদন ক (হ্বা, প। দধন্তি)। ধন[১], ধনিত[২], ধনু[৩], ধনুস্[৪], ধন্যাক[৫], ধন্যা[৬], ধন্বা[৭], প্রধন[৮]।

ব্যুৎ. ধন—অ, ভা[১]; +ত, ভা[২]; +উ, সংজ্ঞার্থে[৩]; +উস্, সংজ্ঞার্থে[৪]; +নিপাতন[৫], +নিপাতন[৬]; +বন্[৭]; প্র+অ, ভা[৮]।

১৬০) ধম্—(সৌত্রধাতু) অক। শব্দ ক (ভ্বা, প। ধমতি)। ধম[১], ধমক[২], ধমন[৩], ধমনি[৪]।

ব্যুৎ. ধম্—অ, ভা[১]; +অক[২]; +অন, ভা[৩]; +অনি[৪]।

১৬১) ধা—সক। ধারণ ক, পোষণ ক, দান ক (হ্বা, উভ। দধাতি, ধত্তে)। আ—পূর্ব্ব, অর্পণ, জনন, অন্তর্—দর্শনাভাব, অন্তর্ধান; অভি-কথন; বি—অব—ব্যবধান; নি—অর্পণ; বি—করণ, বিধান; সম্—যোগ, সন্ধান; পরি—পরিধান; অব—মনোযোগ; অপি-আচ্ছাদন। হিত[১], ধাতা[২], ধাত্রী[৩], দধি[৪], ধাতু[৫], ধামন্[৬], সাবধান[৭], পরিধান[৮], আধান[৯], বিধান[১০], অবধান[১১], ব্যবধান[১২], উপাধান[১৩], অন্তর্দ্ধা[১৪], অন্তর্ধান[১৫], অন্তর্দ্ধি[১৬], অন্তর্হিত[১৭], অভিধান[১৮], সমাধান[১৯], সন্ধান[২০],

* ধক=ধ, নিপাতন। † ণ:

প্রণিধান[২১], পিধান[২২], অপিধান[২৩], নিধি[২৪], বিধি[২৫], অবধি[২৬], পরিধি[২৭], সমাধি[২৮], সন্ধি[২৯], অন্তর্দ্ধি[৩০], অভিসন্ধি[৩১], প্রধান[৩২], প্রতিনিধি[৩৩], পরিহিত[৩৪], ব্যবহিত[৩৫], নিহিত[৩৬], বিহিত[৩৭], আহিত[৩৮], অবহিত[৩৯], সমাহিত[৪০], বিধাতা[৪১], বিধাত্রী[৪২], বিধেয়[৪৩], আধেয়[৪৪], বিধায়ী[৪৫], বিধায়ক[৪৬], বিধাতব্য[৪৭], শ্রদ্ধধান[৪৮], বারিধি[৪৯], জলধি[৫০], জলনিধি[৫১], বিধু[৫২], সুধা[৫৩], প্রণিধি[৫৪], প্রধান[৫৫], প্রধি[৫৬], বিধ[৫৭], বিধায়ক[৫৮], সন্ধ্যা[৫৯], সন্নিধান[৬০], সন্নিহিত[৬১]।

ব্যুৎ. ধা—ত, র্ম্ম[১]; +তৃ, ক[২]; +তৃ, ঈ-স্ত্রীং[৩]; +ই[৪], +তু[৫]; +মন্[৬]. সহ—অব+অন, ভা[৭]; পরি+অন, ভা[৮]; আ+অন, ভা[৯]; বি+অন, ভা[১০], অব+অন, ভা[১১]; বি—অব+অন, ভা[১২]; উপ—আ+অন, ণ[১৩]; অন্তর্+আ, ভা[১৪]; অন্তর্+অন, ভা[১৫]; অন্তর্+ই[১৬], অন্তর্+ত, র্ম্ম[১৭]; অভি+অন, ভা[১৮]; সম্—আ+অন, ভা[১৯]; সম্+অন, ভা[২০]; প্র—নি+অন, ভা[২১]; অপি+*অন, ভা[২২]; অপি+অন, ভা[২৩]; নি+ই[২৪]; বি+ই[২৫]; অব+ই[২৬], পরি+ই[২৭]; সম্—আ+ই[২৮]; সম্+ই[২৯], অন্তর্+ই[৩০]. শ্রৎ+অভি—সম্+ই[৩১]; প্র+অন, ভা[৩২]; প্রতি—নি+ই[৩৩]; পরি+ত, র্ম্ম[৩৪]; বি—অব+ত, র্ম্ম[৩৫]; নি+ত, র্ম্ম[৩৬]; বি+ত, র্ম্ম[৩৭]. আ+ত, র্ম্ম[৩৮]; অব+ত, র্ম্ম[৩৯], সম্—আ+ত, র্ম্ম[৪০]; বি+তৃ, ক[৪১]; বি+তৃ, ঈ-স্ত্রীং[৪২]; বি+য, র্ম্ম[৪৩]; আ+য, র্ম্ম[৪৪] বি+ইন্, ক[৪৫], বি+অক, ক[৪৬]; বি+তব্য, র্ম্ম[৪৭]; শ্রৎ+† আন ভা[৪৮]; বারি+ই[৪৯]; জল+ই[৫০]; জল—নি+ই[৫১]; +উ[৫২]; সু+আ[৫৩]; প্র-নি+ই[৫৪]; প্র+অন, ভা[৫৫]; প্র+ই[৫৬]; বি+অ[৫৭]; বি—অক

* অপি=অ, লোপ। † দ্বিত্ব।

ক[৫৮]; সম্+অ, ভা[৫৯]; সম্-নি+অন, ভা[৬০]; সম্-নি+ত, র্ম্ম[৬১]।

(৫৬২) ধাব্—অক। দ্রুতগমন ক। সক, ধৌত ক (ভ্বা, উভ। ধাবতি-তে)। ধাবন[১], ধাবিত[২], ধাবক[৩], ধৌত[৪], ধবল[৫], অনুধাবন[৬], অপিধাব[৭]।

ব্যু. ধাব্-অন, ভা[১]; ত, ভা, র্ম্ম[২];+অক, ক[৩];+ত, র্ম্ম[৪];+* অল[৫]; অনু+অন, ভা[৬]; অপি+অ[৭]।

(৫৬৩) ধি—সক। ধারণ ক (তুদা, প। ধিয়তি); ধয়ন[১], ধেত্তা, ধীবর[৩]।

ব্যু. ধি-অন, ভা[১];+তৃ, ক[২];+† বর[৩]।

(৫৬৪) ধিক্ষ্—অক। দীপ্ত হ, ক্লেশ পা, বাঁচিয়া থ (ভ্বা, আ। ধিক্ষতে)। ধিক্ষণ[১], ধিক্ষিত[২]।

ব্যুৎ. ধিক্ষ্-অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৫৬৫) ধিষ্—অক। শব্দ ক (হ্বা, প। দিধেষ্টি) ধেষণ[১],ধেষিত[২]।

ব্যুৎ. ধিষ্-অন, ভা[১];+ত, ভা[২]।

(৫৬৬) ধী—সক। আরাধনা ক, অনাদর ক (দিবা, আ। ধীযতে)। ধীন[১]।

ব্যুৎ. ধী-ত, র্ম্ম[১]।

(৫৬৭) ধু—সক। কম্পিত ক। অক, কাঁপা (স্বা, উভ। ধুনোতি, ধুনুতে)। ধু[১], ধব[২], ধুত[৩], ধবন[৪], ধু(নী)নি[৫], ধবিত্র[৬], বিধবন[৭], আধুত[৮], উদ্ধব[৯], নিধুবন[১০]।

ব্যুৎ. ধু-০[১];+অ[২];+ত, র্ম্ম[৩],+অন, ভা[৪];+নি[৫];+ইত্র[৬], বি+অন, ভা[৭]; আ+ত, র্ম্ম[৮]; উৎ+অ[৯]; নি+‡ অন[১০]।

---

* ধাব্=ধব। † ধি=ধী। ‡ ধু=ধুব্।

(৫৬৮) ধুক্ষ্—সক। ক্লেশ পা, বাঁচিয়া থা (ভ্বা, আ। ধুক্ষতে)। ধুক্ষণ[১], ধুক্ষিত[২]।

ব্যুৎ. ধুক্ষ—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৫৬৯) ধুর্ব্ব্—সক। বধ ক (ভ্বা, প। ধূর্ব্বতি)। ধূর্ত্ত[১], ধূর্ণ[২], ধূর্ব্বণ[৩], ধুর্[৪], ধুরা[৫]।

ব্যুৎ. ধুর্ব্ব্—ত, র্ম্ম[১];+ত, র্ম্ম[২];+অন, ভা[৩];+০[৪];—আ[৫]।

(৫৭০) ধূ—সক। কাঁপান। অক,কাঁপা (তুদা, চুরা, প। ধুবতি, ধাবয়তি; ক্র্যা-প্যা; স্বা, ভ্বা, উভ। ধুনাতি ধুনীতে; ধূনোতি, ধূনুতে; ধবতি-তে)। ধূত[১], ধূম[২], ধূনি[৩], ধূলি[৪], ধূসর[৫], ধূত্র[৬], বিধূত[৭], অবধূত[৮], উদ্ধূত[৯], নির্দ্ধূত[১০], বিধূত[১১]।

ব্যুৎ. ধূ ত[১];+ম[২],+নি[৩],+লি, সংজ্ঞার্থে[৪];+সর[৫]; +ত্র[৬], বি+ত, র্ম্ম[৭]; অব+ত, র্ম্ম[৮]; উৎ+ত, র্ম্ম[৯]; নির্+ত, র্ম্ম[১০]; বি-ত, র্ম্ম[১১]।

(৫৭১) ধূপ্—অক। দীপ্তি পা, জ্বলিত হ (চুরা, প। ধূপয়তি)। সক, তাপিত ক। অক, তপ্ত হ (ভ্বা, প। ধূপায়তি) ধূপিত[১], ধূপ[২], ধূপন[৩], ধূপায়িত[৪], খধূপ[৫]।

ব্যুৎ. ধূপ্—ত, র্ম্ম[১],+অ, ভা[২],+অন, ভা[৩];+ত, র্ম্ম[৪], খ+অ[৫]।

(৫৭২) ধূ(ধু)র্—সক। গমন ক, বধ ক (দিবা, আ। ধূর্য্যতে)। ধূর্ণ[১], ধূরণ[২], ধুর্[৩], ধূর্[৪]।

ব্যুৎ. ধূ(ধু)র্—ত, র্ম্ম[১];+অন, ভা[২],+০[৩]; ধুর্—০[৪]।

(৫৭৩) ধূশ্—সক। শোভিত ক (চুরা, প। ধূশয়তি)। ধূশন[১], ধূশিত[২]।

ব্যুৎ. ধৃশ্‌—অন, ভা[১],+ত, র্ম্ম[২] ।

৫৭৪) ধৃষ্‌—সক। ভূষিত ক (চুরা, প। ধূষয়তি)। ধূষণ[১], ধূষিত[২], উদ্ধূষণ[৩]।

ব্যুৎ. ধূষ্‌—অন, ভা[১];+ত, র্ম্ম[২], উৎ+অন, ভা[৩]।

৫৭৫) ধূস্‌—সক। ভূষিত ক (চুরা, প। ধূসয়তি)। ধূসন[১], ধূসিত[২], ধূসর[৩], ধূ (ধু) স্তু (স্তূ) র[৪]।

ব্যুৎ. ধূস্‌—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+অর[৩],+তু(তূ)র[৪]।

৫৭৬) ধৃ—অক। থাকা। সক, ধারণ ক (তুদা, আ। ধ্রিয়তে)। ধারণ ক (ভ্বা, উভ,। ধরতি-তে)। ঋণধারণ, ধারণ ক, (চুরা, প। ধারয়তি)। অক, চূর্ণ হ, পতন হ (ভ্বা, আ। ধরতে)। অব-উপ-পূর্ব্ব (ণিচ্‌.) অবধারণ, নিশ্চয় ক। ধৃত[১], ধৃতি[২], ধর্ত্তব্য[৩], ধার্য্য[৪], ধারক[৫], ধর্ত্তা[৬], ধারী[৭], ধর[৮], ধার[৯], ধারণ[১০], রন্ধ্র[১১], ধর্ম্ম[১২], ধরা[১৩], ধরিত্রী[১৪], ধরণি(-ণী)[১৫], নিধারণা[১৬], উদ্ধরণ[১৭], উদ্ধার[১৮], অবধারণ[১৯], নির্দ্ধারণ[২০], বিধৃত[২১], উদ্ধৃত[২২], অবধারিত[২৩], আধার[২৪], ধরাধর[২৫], শ্রীধর[২৬], বসুন্ধরা[২৭], দুর্দ্ধর[২৮], ঈশ্বরিন্ধ্রী[২৯]।

ব্যুৎ. ধৃ—ত, র্ম্ম[১],+তি, ভা[২];+তব্য, র্ম্ম[৩];+য, র্ম্ম[৪];+অক, ক[৫];+তৃ, ক[৬];+ইন্‌ ক[৭];+অ, ভ[৮];+অ, ভা[৯]; অন, ভা[১০]; রন্‌+অ[১১];+ম[১২];+অ, আ-স্ত্রীং[১৩];+ইত্র, ঈ-স্ত্রীং[১৪],+অনি[১৫]; নি+(ণিচ্‌, ধারি) অন, আ-ভা[১৬]; উৎ+অন, ভা[১৭];+উৎ+অ[১৮]; অব+অন, ভা[১৯]; নির্‌+অন, ভা[২০], বি+ত, র্ম্ম[২১], উৎ+ত, র্ম্ম[২২]; অব+(ণিচ্‌, ধারি) ত, র্ম্ম[২৩]; আ+অ[২৪]; ধরা+অ[২৫]; শ্রী+অ, ক[২৬]; বসু+অ, আ স্ত্রীং[২৭]; দুর্‌+অ, ভা[২৮]; ঈশ্বর+নিপাতন[২৯]।

(৫৭৭) ধ্রজ্—সক। গমন ক (ভ্বা, প। ধর্জ্জতি)। ধ্রজন[১], ধ্রজিত[২]।

ব্যুৎ. ধ্রজ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৫৭৮) ধ্রনজ্—সক। গমন ক (ভ্বা, প। ধ্রঞ্জতি)। ধ্রঞ্জন[১], ধ্রঞ্জিত[২]।

ব্যুৎ. ধ্রনজ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৫৭৯) ধৃষ্—সক। বলপূর্ব্বক বদ্ধ ক (চুরা, আ। ধর্ষয়তে)। অক, প্রগল্ভ হ, (স্বা, প। ধৃষ্ণোতি)। সক, রাশি ক, বধ ক (ভ্বা, প। ধর্ষতি)। অক, ক্রোধ ক, (চুরা—বি, প। ধর্ষয়তি, ধর্ষতি)। ধর্ষ[১], ধর্ষণ[২], ধৃষ্ট[৩], ধর্ষক[৪], ধর্ষিত[৫], ধর্ষিণী[৬], ধৃষ্ণু[৭], দুর্দ্ধর্ষ[৮], দুষ্প্রধর্ষ[৯]।

ব্যুৎ. ধৃষ্—অ, ভা[১];+অন, ভা[২];+ত, র্ম্ম[৩],+অক, ক[৪],+ত র্ম্ম[৫],+অন, ঈ—স্ত্রীং[৬];+নু[৭], দুর্+অ[৮], দুর্+প্র+অ[৯]।

(৫৮০) ধে—সক। পান ক (ভ্বা, প। ধয়তি)। ধেনু[১], ধেনুকা[২], স্তনন্ধয়[৩]।

ব্যুৎ. ধে—নু[১];+নু-ক-যোগ, আ-স্ত্রীং[২];+স্তনম্+অ[৩]।

(৫৮১) ধোর্—অক। গমনদক্ষ হ (ভ্বা, প। ধোরতি)। ধোরণ[১], ধোরিত[২]; আধোরণ[৩]।

ব্যুৎ. ধোর্—অন, ভা[১];+ত, ভা[২];+আ+অন, ভা[৩]।

(৫৮২) ধ্মা—সক। অগ্নিসংযোগ ক; তাওয়ান, বাজান। (ভ্বা, প। ধমতি)। ধ্মান[১], ধ্মাত[২], ধ্মাকার[৩], ধমন[৪], ধমনী[৫] আধ্মাম[৬], আধ্মাত[৭], বেণুধ্ম[৮], আধ্মান[৯]।

ব্যুৎ. ধ্মা—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+অ, আকার,+* অন[৪];+ অন, ঈ—স্ত্রীং[৫], আ+ম[৬]; আ+ত, র্ম্ম[৭]; বেণু+অ[৮]; আ+ অন, ভা[৯]।

* ধ্মা = ধম।

(৪৮৩) ধ্বা(ধ্রা)ঙ্ক্ষ্—সক। ইচ্ছা ক। অক, ঘোরশব্দ ক (ভ্বা, প। ধ্বা(ধ্রা)ঙ্ক্ষতি)। ধ্বাঙ্ক্ষণ[১], ধ্বাঙ্ক্ষিত[২], ধ্বাঙ্ক্ষ[৩]।

ব্যুৎ. ধ্বাঙ্ক্ষ্-অন, ভা[১]; +ত, র্ম্ম[২]; +অ, ক[৩]।

(৪৮৪) ধ্যৈ—সক। চিন্তা ক (ভ্বা, প। ধ্যায়তি)। ধ্যান[১], ধ্যাত[২], ধ্যাতব্য[৩], ধ্যানীয়[৪], ধ্যেয়[৫], ধ্যেতা[৬], ধ্যায়ক[৭], ধী[৮], আধ্যা[৯], আধ্যান[১০], নিধ্যান[১১] প্রধী[১২], সুধী[১৩] শুদ্ধধী[১৪], অনুধ্যান[১৫], নিদিধ্যাসন[১৬]।

ব্যুৎ. ধ্যৈ-অন, ভা[১]; +ত, র্ম্ম[২]; +তব্য[৩], +অনীয়, র্ম্ম[৪]; +য, র্ম্ম[৫]; +তৃ, ক[৬], +অক, ক[৭]; +—০[৮]; আ+অ, ভা[৯]; আ+অন, ভা[১০]; +নি+অন, ভা[১১]; প্র+—০[১২]; সু+—০[১৩], শুদ্ধ+০[১৪]; অনু+অন, ভা[১৫]; নি+স, অন—ভা[১৬]।

(৪৮৫) ধ্রাঘ্—অক। সমর্থ হ (ভ্বা, আ। ধ্রাঘতে)। ধ্রাঘণ[১]।

ব্যুৎ ধ্রাঘ্-অন, ভা[১]।

(৪৮৬) ধ্রাঙ্ক্ষ্—সক। আকাঙ্ক্ষা ক। অক, ঘোরশব্দ ক (সক, প। ধ্রাঙ্ক্ষতি)। ধ্রাঙ্ক্ষণ[১], ধ্রাঙ্ক্ষিত[২]।

ব্যুৎ ধ্রাঙ্ক্ষ্—অন, ভা[১], +ত, র্ম্ম[২]।

(৪৮৭) ধ্রু—অক। স্থির হইয়া থাক। সক, গমন ক (তুদা, প। ধ্রুবতি, ভ্বা, প। ধ্রবতি)। ধ্রুব[১]।

ব্যুৎ ধ্রু-অ[১]।

(৪৮৮) ধ্রৈ—অক। তৃপ্ত হ (ভ্বা, প। ধ্রায়তি)। ধ্রাণ[১]।

ব্যুৎ. ধ্রৈ-অন, ভা[১]।

(৪৮৯) ধ্রেক্—অক। শব্দ ক, উৎসাহ ক, বৃদ্ধি হ (ভ্বা, আ। ধ্রেকতে)। ধ্রেকণ[১]।

ব্যুৎ. ধ্রেক্-অন, ভা[১]।

(৫৯০) ধ্রজ্—সক। গমন ক (ভ্বা, প। ধ্রজতি)। ধ্বজ[১] ধ্বজা[২], ধ্বজী[৩]।

ব্যুৎ. ধ্রজ্—অ, ভা[১];+আ-স্ত্রীং[২];+ইন্, ক[৩]।

(৫৯১) ধ্বণ্—অক। শব্দ ক (ভ্বা, প। ধ্বণতি)। ধ্বণন[১], ধ্বণিত[২]।

ব্যুৎ. ধ্বণ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৫৯২) ধ্বন্—অক। শব্দ ক (চুরা, প। ধ্বনয়তি)। ধ্বন[১], ধ্বনি[২], ধ্বান[৩], ধ্বনিত[৪], ধ্বান্ত[৫], নিধ্বান[৬]।

ব্যুৎ. ধ্বন্—অ, ভা[১];+ই[২];+অ, ভা[৩],+ত, ভা[৪];+ত, নিপাতন[৫]; নি+অ, ভ.[৬]।

(৫৯৩) ধ্বন্স্—অক। বিনষ্ট হ। সক. গমন ক (ভ্বা, আ। ধ্বংসতে)। ধ্বংস[১], ধ্বস্ত[২], ধ্বংসন[৩], ধ্বংসনীয়[৪], ধ্বংসক[৫], বিধ্বস্ত[৬], অবধ্বংস[৭], অবধ্বস্ত[৮]।

ব্যুৎ. ধ্বন্স্—অ, ভা[১];+ত, র্ম্ম, ভা[২];+ অন, ভা[৩];+ অনীয়, ভা[৪], র্ম্ম[৪];+ অক, ক[৫];+বি+ত, র্ম্ম[৬]; অব+অ, ভা[৭], অব+ত. র্ম্ম, ভা[৮]।

ন

(৫৯৪) নক্ক্—সক। নষ্ট ক. মারণ. আঘাত ক (চুরা, প। নক্কয়তি)। নক্কন[১]।

ব্যুৎ. নক্ক্—অন, ভা[১]।

(৫৯৫) নক্ষ্—অক। গমন ক (ভ্বা. প. নক্ষতি)। নক্ষণ[১], নক্ষিত[২]।

ব্যুৎ. নক্ষ্—অন, ভা[১],+ত. র্ম্ম[২]।

(৫৯৬) নজ্—অক। লজ্জিত হ (ভ্বা, আ। নজতে)। নগ্ন[১], নজিতা[২], নক্তম্[৩], নগ্নিকা[৪]।

ব্যুৎ. নজ্—ত, ভা[১];+তৃ, ক[২];+অম্[৩];+ত, ক, আ—ভা[৪]।

ভা[১১]; আ + ই[১২]; আ + অথু[১৩]; আ + ত, ভা[১৪]; আ + ইল্, কৃ[১৫]।

(৬০১) নভ্—সক। বধ ক (দিবা, ক্র্যা, প। নভ্যতি, নভ্নাতি; ভ্বা, আ। নভতে)। নভন[১], নভিত[২], নভস্[৩]।

ব্যুৎ. নভ্—অন, ভা[১]; +ত, র্ম্ম[২]; +অস্[৩]।

(৬০২) নম্—সক। নমস্কার ক। অক, নম্র হ, শব্দ ক। (ভ্বা, প, অনিট। নমতি)। নতি[১], নমন[২], নমঃ[৩], নত[৪], নমস্কার[৫], নম্যমান[৬], নম্র[৭], নাম[৮], নামন্[৯], নি[১০], নংনম্যমান[১১], উন্নমন[১২], প্রণতি[১৩], বিনতি[১৪], প্রণাম[১৫], আনত[১৬], বিনত[১৭], উন্নত[১৮], অবনত[১৯], পরিণত[২০], প্রণত[২১], পরিণাম[২২], প্রণমিত[২৩], উন্নমিত[২৪], প্রণম্য[২৫]।

ব্যুৎ. নম্—তি, ভা[১]; + অন, ভা[২], অস্[৩], + ত, র্ম্ম[৪]; + অস্—কার[৫]; + আন, র্ম্ম[৬]; + র[৭], + অ[৮]; + অন্[৯]; + ই[১০]; + যঙলুগন্ত, আন র্ম্ম[১১]; উৎ+অন, ভা[১২]; প্র+তি, ভা[১৩]; বি+তি, ভা[১৪]; প্র+অ[১৫], আ+ত, র্ম্ম[১৬]; বি+ত, র্ম্ম[১৭]; উৎ+ত, র্ম্ম[১৮]; অব+ত, র্ম্ম[১৯]; পরি + ত, র্ম্ম[২০]; প্র + ত, র্ম্ম[২১]; পরি + অ[২২]; প্র + ত, র্ম্ম[২৩]; উৎ + ত, র্ম্ম[২৪], প্র + য[২৫]।

(৬০৩) নয়্—সক। গমন ক, প্রাপ্তি, রক্ষা ক, (ভ্বা, আ। নয়তে)। নয়িত[১]।

ব্যুৎ. নয়্—ত, র্ম্ম[১]।

(৬০৪) নর্দ্—অক। শব্দ ক (ভ্বা, প। নর্দতি) নর্দন[১], নর্দিত[২]।

---

* অস্ লোপ।

ব্যুৎ. নর্দ—অন, ভা[১]; +ত, ভা[২]।

(৬০৫) নর্ব্ব—সক। গমন ক, প্রাপ্তি (ভ্বা, প। নর্ব্বতি)। নর্ব্বণ[১], নর্ব্বিত[২]।

ব্যুৎ. নর্ব্ব—অন, ভা[১]; + ত, র্ম্ম[২]।

(৬০৬) নল—সক। বন্ধন ক (ভ্বা, প। নলতি)। অক, দীপ্ত পা (চুরা, প। নালয়তি)। নলন[১], নল[২], নলিত[৩], নাল[৪], নালা[৫], নলিন[৬], প্রণাল[৭], প্রণালী[৮]।

ব্যুৎ. নল—অন, ভা[১]; +অ, ভা[২]; +ত, র্ম্ম[৩]; +অ, ভা[৪], +আ, ভা[৫], +ইন[৬], প্র+অ, ভা[৭]; প্র+ইন্, ক[৮]।

(৬০৭) নশ্—অক। বিনষ্ট হ, পরোক্ষ হ, মরণ, ক্ষয়, (দিবা প। নশ্যতি)। নাশ[১], নাশন[২], নষ্ট[৩], নাশ্য[৪], নাশনীয়[৫], নাশিত[৬], নাশী[৭], নংশুক[৮], নশিতা[৯], নংষ্টা[১০], কীনাশ[১১], প্রনষ্ট[১২], বিনষ্ট[১৩], বিনষ্টি[১৪], বিনশ্বর[১৫], বিনাশিত[১৬]।

ব্যুৎ. নশ্—অ, ভা[১]; +অন, ভা[২]; +ত, ভা[৩]; +য, ভা[৪]; +অনীয়, ভা[৫]; +ত, ভা[৬]; +ইন্, ক[৭]; +*উক[৮]; +তৃ, ক[৯]; +*তৃ ক[১০], কিন্† +অ[১১]; প্র+ত, ভা[১২]; বি+ত, ভা[১৩]; বি+তি, ভা[১৪]; বি+বর[১৫]; বি+ত, ভা[১৬]।

(৬০৮) নস্—অক। কুটিল হ (ভ্ব, অ। নসতে)। নসন[১], নসিত[২], নস্[৩], নস্য[৪], নাসা[৫], নাসিকা[৬], নাসীর[৭]।

ব্যুৎ. নস্—অন, ভা[১]; +ত, ভা[২]; +০[৩], +আ, ভা[৪]; +অ আ[৫]; +ক, আ[৬]; +ঈর[৭]।

(৬০৯) নহ্—সক। বন্ধন ক (দিবা, উভ, অনিট। নহ্যতি—তে)। সন্-পূর্ব্ব, বর্ম্ম পরিধান ক, অপি-আচ্ছাদন ক।

---

* নশ্=নংশ্। † কিন্=কী।

নদ্ধ[১], নহন[২], নাহ[৩], নদ্ধ্রী[৪], নহব[৫], নাভি[৬], সন্নহন[৭], সন্নাহ[৮], আনদ্ধ[৯], সন্নদ্ধ[১০], উপানৎ[১১], অপিনদ্ধ[১২], আনাহ[১৩], পিনদ্ধ[১৪], অবনদ্ধ[১৫], উন্নদ্ধ[১৬], পরিণদ্ধ[১৭], পরি(রী)ণাহ[১৮]।

ব্যুৎ. নহ্—ত, র্ম্ম[১]; +অন, ভা[২]; +অ[৩]; +ত্র, ঈ-স্ত্রী[৪]; +উব[৫]; +* ই[৬]; সম্+অন, ভা[৭]; সম্+অ, ভা[৮]; আ+ত, র্ম্ম[৯]; সম্+ত, র্ম্ম[১০]; উপ-আ+০[১১], অপি+ত, র্ম্ম[১২]; আ+অ, ভা[১৩]; অপি†+ত, র্ম্ম[১৪]; অব+ত, র্ম্ম[১৫]; উৎ+ত, র্ম্ম[১৬]; পরি+ত, র্ম্ম[১৭]; পরি+অ, ভা[১৮]।

(৬১০) নাথ্—সক। প্রার্থনা ক, আশীর্ব্বাদ ক। অক, প্রভু হ, উপতপ্ত হ (ভ্বা, আ। নাথতে (কেবল আশীর্ব্বাদার্থে আত্মনে পদী হয়, তদ্ভিন্ন উভয় পদী; যথা—নাথতি-তে)। নাথ[১]।

ব্যুৎ. নাথ্-অ, ভা[১]।

(৬১১) নাধ্—সক। প্রার্থনা ক, আশীর্ব্বাদ ক। অক, প্রভু হ, উপতপ্ত হ (ভ্বা, আ। নাধতে)। নাধিত[১]।

ব্যুৎ. নাধ্—ত, র্ম্ম, ভা[১]।

(৬১২) নাস্—অক। শব্দ ক (ভ্বা, আ। নাসতে)। নাসন[১], নাসা[২]।

ব্যুৎ. নাস্—অন, ভা[১]; +আ, ভা[২]।

(৬১৩) নিজ্—সক। পোষণ ক, শুদ্ধ ক, ধৌত ক (হ্বা, উভ। অনিট। নিনেক্তি, নিনিক্তে)। নিক্ত[১], নেজন[২], নেজক[৩], নেক্তা[৪], নির্ণিক্ত[৫], নির্ণেজক[৬]।

* ত্=ভ্। † অপি=অ, লোপ।

ব্যুৎ. নিজ্-ত, র্ম্ম[১];+অন, ভা[২];+অক, ক[৩];+তৃ, ক[৪]; নির্+ত, র্ম্ম[৫]; নির্+অক, ক[৬]।

(৬১৪) নিন্জ্—সক। শুদ্ধ ক,ধৌত ক (অদা, আ। নিঙ্ক্তে)। নিঞ্জন[১], নিঞ্জিত[২]।

ব্যুৎ. নিন্জ্-অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৬১৫) নিদ্—সক। নিন্দা ক। অক, নৈকট্য (ভ্বা, উভ। নেদতি-তে)। নিদিত[১]।

ব্যুৎ. নিদ্-ত, র্ম্ম[১]।

(৬১৬) নিন্দ্—সক। নিন্দা ক,কুৎসন (ভ্বা, প। নিন্দতি)। নিন্দা[১], নিন্দিত[২], নিন্দক[৩], নিন্দনীয়[৪], নিন্দ্য[৫]।

ব্যুৎ. নিন্দ্—আ, ভা[১];+ত, র্ম্ম[২];+অক, ক[৩];+অনীয়, র্ম্ম[৪]; +য, র্ম্ম[৫]।

(৬১৭) নিল্—অক। বুঝিতে কঠিন হ (তুদা, প। নিলতি)। নিলিত[১]।

ব্যুৎ. নিল্-ত, ভা[১]।

(৬১৮) নিবাস্—সক। আচ্ছাদন ক (চুরা, প। নিবাসয়তি)। নিবাস[১], নিবাসিত[২]।

ব্যুৎ. নিবাস্-অ, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৬১৯) নিন্ব্—সক। জলাদি সেক ক (ভ্বা, প। নিম্বতি)। নিম্বন[১], নিম্বিত[২], নিম্ব[৩]।

ব্যুৎ. নিন্ব্-অন, ভা[১];+ত, র্ম্ম[২];+অ, ভা[৩]।

(৬২০) নিশ্—অক। একান্ত অনুরক্ত হ (ভ্বা, প। নেশতি) নেশন[১],নেশ[২]।

ব্যুৎ. নিশ্-অন, ভা[১];+অ, ভা[২]।

(৬২১) নিষ্—সক। জলসেক ক (ভ্বা, প। নেষতি)। নেষণ[১], নেষিত[২]।

ব্যুৎ. নিষ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৬২২) নিন্স্—সক। চুম্বন ক (অদা, আ। নিংস্তে)। নিংসন[১], নিংসিত[২]।

ব্যুৎ. নিন্স্-অন্; ভা[১];+ত, র্ম্ম[২]।

(৬২৩) নিষ্ক্—সক। পরিমাণ ক (চুরা, আ। নিষ্কয়তে)। নিষ্কণ[১], নিষ্ক[২]।

ব্যুৎ. নিষ্ক্-অন, ভা[১];+অ, ভা[২]।

(৬২৪) নী—দ্বিক। পাওয়ান (ভ্বা, উভ। নয়তি-তে) পরি-পূর্ব্ব, বিবাহ ক; বি-নম্র হ, শাসন ক; অনু-প্রার্থনা, অনুনয়; অপ-অপসারণ; আ-আনয়ন; উৎ-উত্তোলন; উপ-সমীপাগমন; দুর্-মন্দব্যবহার; নির্- নিশ্চয়, নির্ণয়; প্র-প্রণয; বি-অপ-অপসারণ; সম্-সংগ্রহ; উপ-উপনয়ন। নয়ন[১], নীতি[২], নায়[৩], নিনীষা[৪], নীত[৫], নায়ক[৬], নেতা[৭], নেতব্য[৮], নিনীষু[৯], নেত্র[১০], নীপ[১১], নেমি[১২], নয়[১৩], নীর[১৪], সুনীতি[১৫], দুর্নীতি[১৬], আনয়ন[১৭], উপনয়ন[১৮]; অনুনয়[১৯], বিনয়[২০], প্রণয়[২১], পরিণয়[২২], নির্ণয়[২৩], আনীত[২৪], উপনীত[২৫], বিনীত[২৬], নির্ণীত[২৭], প্রণীত[২৮], নিনেতা[২৯], আনেতা[৩০], বিনেয়[৩১], বিনয়ী[৩২], বিনায়ক[৩৩], অপনয়[৩৪], উন্নয়ন[৩৫], অপনয়ন[৩৬], অগ্রণী[৩৭], গ্রামণী[৩৮], অপনীত[৩৯]।

ব্যুৎ. নী-অন, ণ ভা[১];+তি, ভা[২];+অ, ভা[৩];+স, আ, ভা[৪];+ত, র্ম্ম[৫];+অক, ক[৬];+তৃ, ক[৭];+তব্য, র্ম্ম[৮];+স, উ[৯];+ত্র,ণ,ক[১০];+প[১১];+মি, সংজ্ঞার্থে[১২];+অ, ভা[১৩];+র[১৪]; সু+তি

ভা[15]; স্ফুর্+তি, ভা[16]; আ+অন, ভা[17]; উপ+অন, ভা[18]; অনু+অ, ভা[19]; বি+অ, ভা[20], প্র+অ, ভা[21]; পরি+অ, ভা[22]; নির্+অ, ভা[23]; আ+ত, র্ম্ম[24]; উপ+ত, র্ম্ম[25]; বি+ত, র্ম্ম[26]; নির্+ত, র্ম্ম[27]; প্র+ত, র্ম্ম[28]; নি+তৃ, ক[29]; আ+তৃ, ক[30]; বি+য, র্ম্ম[31]; বি+ইন্, ক[32]; বি+অক, ক[33]; অপ+অ, ভা[34]; উৎ+অন, ভা[35]; অপ+অন, ভা[36]; অগ্র+০[37]; গ্রাম+০[38]; অপ+ত, র্ম্ম[39]।

(৬২৫) নীল্—অক। কৃষ্ণ বর্ণ হ। সক, কৃষ্ণবর্ণ ক (ভ্বা, প। নীলতি)। নীল[1], নীলন[2], নীলিত[3], নীলী[4]।

ব্যুৎ. নীল্—অ, ভা[1];+অন, ভা[2];+ত, র্ম্ম[3];+ইন্, ক[4]।

(৬২৬) নীব্—অক। স্থূল হ (ভ্বা, প। নীবতি)। নীবন[1], নীবিত[2], নীবী[3]।

ব্যুৎ. নীব্—অন, ভা[1];+ত, ভা[2];+ইন্ ক[3]।

(৬২৭) নু—সক। স্তব ক (অদা, প। নৌতি)। নুত[1]; নুতি[2], নবিতা[3]।

ব্যুৎ. নু—ত, র্ম্ম[1];+তি, ভা[2];+তৃ, ক[3]।

(৬২৮) নুড়্—সক। বধ ক (তুদা, প। নুড়তি)। নুড়ন[1]; নুড়িতা[2]।

ব্যুৎ. নুড়—অন, ভা[1];+তৃ, ক[2]।

(৬২৯) নুদ্—সক। প্রেরণ ক, ক্ষেপণ ক (তুদা, উভ, অনিট। নুদতি—তে)। বি—পূর্ব্ব, দূরীকরণ, সন্তোষ, যাপন; অপ-অপনোদন, খণ্ডন, দূরীকরণ; নির্—পরিত্যাগ, খণ্ডন, তাড়না; প্র-প্রেরণ, চালন। নোদন[1],নুন্ন[2], নন্নু[3], নু[4], নুত্ত[5], নো[6], নুতি[7], অপনোদন[8], বিনোদ[9], প্রনুন্ন[10]।

ব্যুৎ. নুদ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]; ন+*উ[৩];+*উ[৪];+ত, র্ম্ম[৫];+*ও[৬];+তি, ভা[৬]; অপ+অন, ভা[৭]; বি+অ, ভা[৮],প্র+ত, র্ম্ম[৯]।

(৬৩০) নূ—সক। স্তব ক (তুদা, প। নুবতি)। নূত[১], নব[২], নবন[৩],।

ব্যুৎ· নূ—ত, র্ম্ম[১]; + অ, ভা[২]; +অন, ভা[৩]।

(৬৩১) নৃৎ—অক। নৃত্য ক, গাত্রবিক্ষেপ ক (দিবা,প। নৃত্যতি)। আ—পূর্ব্ব,কাঁপা। নর্ত্তন[১], নৃত্য[২], নর্ত্তক[৩],সুনৃত[৪]।

ব্যুৎ. নৃৎ—অন, ভা[১]; + য[২]; + অক, ক[৩]; সু+অ[৪]।

(৬৩২) নৄ—দ্বিক। প্রাপণ, লইয়া যা (ভ্বা, প। নরতি (ঘটাদি) নরয়তি; ক্র্যা—প্বা, প। নৃণাতি)। নরিতা[১], নর[২], নরীতা[৩], নর্ম্ম[৪], নির[৫], নিস্[৬], নরক[৭]।

ব্যুৎ. নৄ—তৃ,ক[১];+অ, ক[২];+তৃ, ক[৩];+মন্[৪]: +০[৫],+০[৬];+অক[৭]।

(৬৩৩) নেদ্—সক। নিন্দা ক। অক, সামীপ্য হ (ভ্বা. উভ। নেদতি—তে)। নেদন[১], নেদিত[২]।

ব্যুৎ. নেদ্—অন, ভা[১];+ত, র্ম্ম, ভা[২]।

(৭৩৪) নেষ্—সক। গমন ক (ভ্বা, আ। নেষতে)। নেষণ[১], নেষিত[২]।

ব্যুৎ. নেষ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

প

(৬৩৫) পক্ষ—সক। পরিগ্রহ ক, আশ্রয় ক (চুরা, প। পক্ষয়তি)। পক্ষ[১], পক্ষতি[২], পক্ষী[৩]।

---

* উদ্—লোপ।

ব্যুৎ. পক্ষ–অ. ণ[১];+তি, ভা[২];+ইন্, ক[৩]।

(৬৩৬) পক্ষ্—সক। পরিগ্রহ ক (চুর[১], প। পক্ষয়তি)। পক্ষ[১], পক্ষণ[২], পক্ষ্ম[৩]।

ব্যুৎ. পক্ষ্-অ, ভা[১];+অন, ভা[২];+মন্[৩]।

(৬৩৭) পট—সক। বেষ্টন ক, জড়ান (চুর[১], প। পটয়তি)। পট[১]।

ব্যুৎ. পট-অ, ভা[১]।

(৬৩৮) পচ্—সক। পাক ক (ভ্বা, উভ, অনিট্। পচতি-তে)। ব্যক্ত ক (ভ্বা[১], আ, অনিট্। পচতে) পাক[১], পক্ব[২], পক্ত্রিম[৩], পচন[৪], পেচক[৫], আপাক[৬]।

ব্যুৎ. পচ্–অ, ভা[১];+ত, র্ম্ম[২];+ত্রিম[৩];+অন, ভা[৪],+ * অক[৫]; আ+অ, ভা[৬]।

(৬৩৯) পট্—অক। দীপ্তি পা (চুরা, প। পাটয়তি)। সক, গমন ক, প্রাপ্তি (ভ্বা, প। পটতি) পাটিত[১], পট[২], পাটী[৩], পটী[৪], পটু[৫], পাটিত[৬], পটল[৭], পটোল[৮], পট্টিশ[৯], পাটলা[১০], অপটী[১১]।

ব্যুৎ: পট্-ত, ভা[১];+অ, ভা[২];+ইন্, ক[৩],+ত[৪];+উ[৫]:+ত, র্ম্ম[৬];+অল[৭], ওল[৮].+টিশ-সংজ্ঞার্থে[৯],+অন, আ-ভা[১০]; ন+ইন্, ক[১১]।

(৬৪০) পঠ্—সক। পাঠ ক (ভ্বা, প। পঠতি)। পাঠ[১], পঠিত[২], পঠন[৩], পাঠ্য[৪]।

ব্যুৎ. পঠ্-অ, ভা[১];+ত, র্ম্ম[২];+অন, ভা[৩],+য, র্ম্ম[৪]।

(৬৪১) পণ্—সক। ক্রয়-বিক্রয়-ব্যবহার, স্তব ক (ভ্বা, আ।

---

* ণ=পে।

পণায়তে, পণতে)। পণায়া[১], পণ[২], পণা[৩], পঙ্ক[৪], পণব[৫], পণস[৬], পাণি[৭], বণিক্[৮], আপণ[৯], বিপণি[১০]।

ব্যুৎ. পণ—আয, আ. ভা[১].+অ[২];+য, র্ম্ম[৩];+* অঙ্ক[৪]; +অব-সংজ্ঞার্থে[৫]:+অস-সংজ্ঞার্থে[৬];+ই[৭];+† ইক্[৮]; আ+অ[৯], বি+ই[১০]।

(৬৪২) পত—অক। প্রভু হ. পতন (চুর, প। পতয়তি)। পতন[১], পতয়িতা[২]।

ব্যুৎ. পত+অন, ভা[১];+তৃ, ক[২]।

(৬৪৩) পৎ—অক। প্রভুত্ব ক (দিবা, আ। পত্যতে)। পতন হ, আধিপত্য ক (ভা. প। পততি)। পতন[১], পতিত[২], পত্র[৩], নপ্তা[৪], পতাকা[৫], পতন[৬], পাতুক[৭], অপত্য[৮], উৎপাত[৯], অবপাত[১০], সম্পা[১১], নিপাত[১২], নিপাতন[১৩], নিপতিত[১৪], প্রপাত[১৫], সন্নিপাত[১৬], সম্পাত[১৭]।

ব্যুৎ. পৎ—অন, ভা[১]; +ত, ত[২]; + র[৩]; ন+ তৃ, নিপাতন[৪]; +অক, আ—স্ত্রী[৫]; +তন[৬]; + উক[৭]; ন + য, ণ[৮]; উৎ+অ, ভা[৯]; অব + অ, ভা[১০]; সম্ + অ[১১]; নি+ অ[১২]; নি+অন[১৩]; +ত, র্ম্ম[১৪]: প্র+অ[১৫], সম্-নি + অ[১৬]; সম্+ অ[১৭]।

(৬৪৪) পথ্—সক। গমন ক (ভা, প। পথতি) পথন[১], পথিত[২], পথ[৩], পথ্য[৪]।

ব্যুৎ. পথ্—অন, ভা[১]; ত, র্ম্ম[২]:+অ, ণ[৩];+য,র্ম্ম[৪]।

(৬৪৫) পন্থ্—সক। গমন ক (চুর, প। পন্থয়তি)। পন্থন[১], পন্থিত[২]।

---

* অণ্—লোপ। † প—ব।

ব্যুৎ. অন, ভা[১]; + ত, র্ম্ম[২]।

(৬৪৬) পদ—সক। গমন ক, প্রাপ্তি (চুর[১], আ। পদয়তে) পদন[১], সাপ্তপদীন[২]।

ব্যুৎ. পদ—অন, ভা[১]; সপ্ত—+অ, ঈন[২]।

(৬৪৭) পদ্—অক। স্থির হ (ভ্বা, প। পদতি)। সক, গমন, প্রাপ্তি, (দিবা, আ, অনিট। পদ্যতে)। বি—পূর্ব্ব, বিপদ্ গ্রস্ত হ, মরণ, আ—আপদ্ গ্রস্ত হ, প্রাপ্তি; উৎ-উৎপন্ন হ, উপ—উপযুক্ত হ; নির্-সম্-নিষ্পন্ন হ, প্রতি--প্রতিপন্ন হ, জানা। পদ[১], পদিত[২], পন্ন[৩], পাদ[৪], পত্তি[৫], পদ্[৬], পাদ্[৭] পদ্ম[৮], আপদ্,[৯] বিপদ্[১০], উৎপত্তি[১১], উপপন্ন[১২], নিষ্পন্ন[১৩], সম্পন্ন[১৪] প্রতিপন্ন[১৫], অভ্যুপপত্তি[১৬], ব্যুৎপত্তি[১৭], প্রপন্ন[১৮], বিপন্ন[১৯], প্রতিপত্তি[২০], প্রতিপাদন[২১], সম্পাদক[২২], সম্পাদিত[২৩], সম্পাদন[২৪]।

ব্যুৎ. পদ অ, ণ[১]; + ত, র্ম্ম[২]; + ত, র্ম্ম[৩], +অ,ণ[৪], +তি[৫]; +০[৬] +০[৭] +ম[৮]. আ+০[৯]; বি+০[১০], উৎ+তি, ভা[১১]: উপ+ত, র্ম্ম[১২]; নির্+ত. র্ম্ম[১৩]; সম্+ত, র্ম্ম[১৪]. প্রতি+ত, র্ম্ম[১৫]; অভি উপ+তি[১৬]; বি-উৎ+তি[১৭]; প্র+ত, র্ম্ম[১৮]; বি+ত. র্ম্ম[১৯], প্রতি+তি. র্ম্ম[২০]; প্রতি+অন[২১], সম্+অক, ক[২২]; সম্+ত, র্ম্ম[২৩]; সম্+অন[২৪]।

(৬৪৮) পন্—সক। স্তব ক (ভ্বা, আ। পনায়তে)। পনন[১], পনিত[২] পননীয়[৩], পনিতব্য[৪]।

ব্যুৎ. পন—অন, ভা[১]; +ত, র্ম্ম[২]; +অনীয়, র্ম্ম[৩]; +তব্য, র্ম্ম[৪]।

(৬৪৯) পন্চ—সক। ব্যক্ত ক (ভ্বা, আ। পঞ্চতে) বিস্তার

ক (চুরা, প। পঞ্চয়তি)। পঞ্চিত[১], পঞ্চিতা[২], পঙ্ক[৩], পঙ্‌ক্তি[৪], পঞ্চ[৫], প্রপঞ্চ[৬]।

ব্যুৎ. পন্‌চ্‌—ত, র্ম্ম[১];+তৃ, ক[২];+অ[৩];+তি[৪];+অন্‌[৫]; প্র+অন্‌[৬]।

(৬৫০) পন্‌জ্‌ (সৌত্রধাতু) সক। রোধ ক (ভ্বা, প, পঞ্জতি (পঞ্জতে)। পঞ্জর[১]।

ব্যুৎ. পন্‌জ্‌—অর[১]।

(৬৫১) পন্‌ড্‌—সক। গমন, প্রাপ্তি (ভ্বা, আ। পণ্ডতে)। সংহত ক, পিণ্ডাকরণ, নষ্ট ক (চুরা, প। পণ্ডয়তি)। পণ্ডন[১], পণ্ডা[২], পণ্ডয়িতা[৩], পণ্ড[৪], পাণ্ডর[৫], পাণ্ডুর[৬], পাণ্ডু[৭]।

ব্যুৎ. পন্‌ড্‌—অন, ভা[১];+আ, ভা[২];+তৃ, ক[৩];+অ[৪];+অর-সংজ্ঞার্থে[৫];+উর সংজ্ঞার্থে[৬];+উ-সংজ্ঞার্থে[৭]।

(৬৫২) পন্‌স্‌—সক। নষ্ট ক (চুরা, প। পংসয়তি)। পংসন, পাংসিত[১]।

ব্যুৎ. পন্‌স্‌—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৬৫৩) পয়্‌—সক। গমন ক (ভ্বা, আ। পয়তে। পয়ন[১], পয়িত[২]।

ব্যুৎ. পয়্‌—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৬৫৪) পর্দ্দ—অক। অপানবায়ু ত্যাগ (ভ্বা, আ। পর্দ্দতে)। পর্দ্দন[১], পর্দ্দক[২], পর্দ্দিত[৩], পৃদাকু[৪]।

ব্যুৎ. পর্দ্দ—অন, ভা[১];+অক, ক[২];+ত[৩];+*আকু[৪]।

(৬৫৫) পর্ণ—অক। হরিদ্বর্ণ হ, পীতবর্ণ হ (চুরা, প। পর্ণয়তি, পর্ণায়তি)। পর্ণ[১]।

* পর্দ্দ=পৃদ্‌।

ব্যুৎ. পর্ণ—অ[১]।

(৬৫৬) পর্ব্ব—সক। গমন ক (ভ্বা, প। পর্ব্বতি)। পর্ব্বণ[১], পর্ব্বিত[২]।

ব্যুৎ. পর্ব্ব—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৬৫৭) পর্ষ—সক। স্নিগ্ধ হ, চিক্কণ হ (ভ্বা,আ। পর্ষতে) পর্ষণ[১], পর্ষিত[২]।

ব্যুৎ. পর্ষ—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৬৫৮) পল্—সক। রক্ষা ক, (চুরা—বি,প। পালয়তি, পলতি)। গমন ক, প্রাপ্তি (ভ্বা, প। পলতি)। পল[১], পলন[২], পলিত[৩], পলল[৪], পলাণ্ডু[৫], পলাল[৬], পল্বল[৭]।

ব্যুৎ. পল্—অ, ভা[১];+অন, ভা[২];+ত[৩];+অল[৪];+আণ্ডু—সংজ্ঞার্থে[৫];+আল[৬];+বল—সংজ্ঞার্থে[৭]।

(৬৫৯) পল্ল্—সক। গমন, প্রাপ্তি (ভ্বা, প। পল্লতি)। পল্লন[১], পল্লি[২], পল্লী[৩], পল্লিত[৪], পল্ল[৫]।

ব্যুৎ. পল্ল—অন, ভা[১];+ই[২];+ইন্[৩],+ত, র্ম্ম[৪];+অ[৫]।

(৬৬০) পশ (ষ)—সক। বন্ধন ক, পীড়ন ক, স্পর্শ ক, গমন ক (চুরা, প। পশ(ষ)তি)। পশ(ষ)ন(ণ[১])।

ব্যুৎ. পশ(ষ)—অন, ভা[১]।

(৬৬১) পশ্—সক। পীড়ন ক, গ্রন্থন ক (ভ্বা, উভ। পশতি-তে)। বন্ধন ক (চুরা, প। পাশয়তি)। পশন[১], পশিত[২], পাশ[৩], পাশিত[৪], পশু[৫], পাশক[৬]।

ব্যুৎ. পশ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+অ[৩];+ত, র্ম্ম[৪];+উ[৫];+অক[৬]।

(৬৬২) পষ্—সক। পীড়ন ক, গাঁথা (ভ্বা, উভ। পষতি-তে)।

বন্ধন ক (চুরা, প। পাষয়তি)। পষণ[১], পষিত[২], পাষণ[৩], পাষিত[৪]।

ব্যুৎ. পষ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+অন, ভা[৩],+ত, র্ম্ম[৪]।

(৬৬৩) পস্—সক। পীড়ন ক, গাথা (ভ্বা, উভ। পসতি-(তে) বন্ধন ক (চুরা, প। পাসয়তি)। পাসন[১], পাসিত[২]।

ব্যুৎ. পস্—অন, ভা[১],+ত, র্ম্ম[২]।

(৬৬৪) পা—সক। পান ক (ভ্বা, প। পিবতি)। রক্ষা ক (অদা. প। পাতি)। পান[১], পীত[২], পেয়[৩], পীতি[৪], পতি[৫], পাথস্[৬], পাপ্মা[৭], পায়ু[৮], পিনাক[৯], পিপাসা[১০], পিপ্পল[১১], পিপ্পলি[১২], পিপ্পলী[১৩], নৃপ[১৪], অধিপ[১৫], ভূপ[১৬], আপান[১৭], নিপান[১৮], প্রপা[১৯]।

ব্যুৎ. পা—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+য, র্ম্ম[৩];+তি, ভা[৪],+ অতি[৫];+* অস[৬];+† মন্[৭];+‡ উ[৮];+§ আক[৯];+স, আ— ভা[১০]+¶ অল[১১],+¶ ই[১২];+¶ ঈ[১৩]; নৃ+অ, ক[১৪]; অধি+অ, ক[১৫]; ভূ+অ-ক[১৬]; আ+অন—ধি[১৭], নি+অন-ধি[১৮]; প্র+অ—ধি, আ-স্ত্রী[১৯]।

(৬৬৫) পাল্—সক। রক্ষা ক, পালন ক (চুরা-বি, প। পালয়তি—(তে)। পালন[১], পালি[২], পালিত[৩], করপাল[৪]।

ব্যুৎ. পাল—অন, ভা[১];+অ, ভা[২];+ত, র্ম্ম[৩]; কর+অ[৪]।

(৬৬৬) পার—অক। কর্ম্ম সমাপন ক (চুরা, প। পারয়তি)। পারণ[১], পারণা[১]।

* থ—আগম। † প-আগম। ‡ য আগম। § পা=পি নআগম ¶ প=পিপ্প্—নিপাতন।

ব্যুৎ. পার—অন, ভা[1]; + অন, আ–স্ত্রীং[2]।

(৬৬৭) পি—সক। গমন ক, প্রাপ্তি (তুদা, প। পিয়তি)। পেতা[1], অপি[2]।

ব্যুৎ. পি—তৃ, ক[1]; ন+০[2]।

(৬৬৮) পিচ্ছ্—সক। বাধা দে, পীড়ন ক (তুদা, প। পিচ্ছতি)। পিচ্ছিত[1], পিচ্ছ[2], পিচ্ছিল[3], পিচ্ছতী[4], পিচ্ছন্তী[5], পুচ্ছ[6]।

ব্যুৎ. পিচ্ছ—ত, র্ম্ম[1]; + অ, ভা[2]; + ইল[3]; + অৎ, ক, ঈ–স্ত্রীং[4]; + অৎ, ক, ঈ-স্ত্রীং[5]; + *অ[6]।

(৬৬৯) পিট্—অক। সংহত হ, শব্দ ক (ভ্বা, প। পেটতি) পেটিত[1], পেটক[2], পেটিকা[3], চিপিট[4], চিপুট[5], চিবুট[6]।

ব্যুৎ. পিট—ত, ভা[1]; + অক[2]; + অক–আ, স্ত্রীং[3]; + অ, নিপাতন[4],[5],[6]।

(৬৭০) পিঠ্—অক। ক্লিষ্ট হ। সক, বধ ক, ক্লেশ দে (ভ্বা, প। পেঠতি)। পেঠন[1], পেঠিত[2], পীঠ[3]।

ব্যুৎ. পিঠ্—অন, ভা[1]; + ত, র্ম্ম, ভা[2]; + অ, নিপাতন[3]।

(৬৭১) পিন্জ্ (পিজ)—সক। বধ ক, দান ক। অক, দীপ্তি প, বাস ক, বলবান্ হ, (চুরা, প। পিঞ্জয়তি)। অক, পিঙ্গল বর্ণ হ, সম্পৃক্ত হ। সক, পূজা ক (অদা, আ। পিঙ্‌ক্তে)। পিঞ্জিত[1], পিঙ্গ[2], পিঙ্গল[3], পিঞ্জর[4], পঞ্জি[5], পঞ্জী[6], পঞ্জিকা[7], পিঞ্জট[8]।

ব্যুৎ. পিনজ্—ত, র্ম্ম, ভা[1]; + অ[2]; + অল[3]; + অর[4]; + †ই[5];[6]; + ই, ক-যোগ, আ স্ত্রীং[7], + অট[8]।

(৬৭২) পিন্ড়—সক। পিণ্ডীকরণ ক (চুরা, প। পিণ্ডয়তি

---

* পিচ্ছ=পুচ্ছ্। † পিন্জ্—পঞ্জ।

ভ্বা, আ। পিণ্ডতে)। পিণ্ডয়িতা[১], পিণ্ডিত[২], পিণ্ড[৩], পিণ্ডী[৪], পিণ্ডি[৫]।

ব্যুৎ. পিন্ড্—তৃ, ক[১];+ত, র্ম্ম[২];+অ[৩];+ইন্, ক[৪],+ই[৫]।

(৬৭৩) পিশ্—অক। অবয়বীভূত হ, টুকরা হ। সক, দীপ্ত ক (তুদা-মুচা; প। পিংশতি)। পেশন[১], পেশিত[২], পিশিত[৩], পিশঙ্গ[৪], পিশুন[৫], পেশল[৬], পেশি[৭]।

ব্যু. পিশ্—অন, ভা[১];+ত[২];+ত,র্ম্ম, ভা[৩];+অঙ্গ[৪];+উন[৫];+অল[৬];+ই, ক[৭]।

(৬৭৪) পিষ্—সক। চূর্ণ ক,পোষণ ক (রুধা,প,অনিট। পিনষ্টি) পেষণ[১],পিষ্টা[২], পেষ্টা[৩],পিষ্টক[৪],পেষণি[৫],পাষাণ[৬], নিষ্পিষ্ট[৭] নিষ্পেষ[৮]।

ব্যুৎ. পিষ্—অন, ভা[১];+তৃ, র্ম্ম[২];+তৃ, ক[৩],+ত, র্ম্ম-ক-প্রত্যয়[৪];+অনি[৫];+*অ, আন-যোগ[৬];নির্+ত, র্ম্ম[৭]; নির্+অ[৮]।

(৬৭৫) পিস্—সক। গমন ক, প্রাপ্তি (ভ্বা, প। পেসতি)। অক, বাস ক, বলিষ্ঠ হ। সক, বধ ক, দান ক, গমন ক (চুরা, প। পেসয়তি)। পিসিত[১], পেসন[২], পেসনা[৩]।

ব্যুৎ. পিস্-ত, র্ম্ম[১];+অন, ভা[২];+অন, আ-ভা[৩]।

(৬৭৬) পিন্স্—অক। দীপ্তি পা (চুরা-বি, প। পিংসয়তি পিংসতি)। পিংসন[১], পিংসিত[২]।

ব্যুৎ পিন্স্—অন, ভা[১];-ত, ভা[২]।

(৬৭৭) পী—সক। পান ক (দিবা, আ। পীয়তে)। পেতব্য[১], পেতা[২], পয়স্[৩], পয়স[৪]।

---

* পিষ্=পাষ্।

ব্যুৎ. পী—তব্য, র্ম্ম[১]; +তৃ, ক[২]; +অন, সংজ্ঞার্থে[৩]; +অস, সংজ্ঞার্থে[৪]।

(৬৭৮) পীড়্—সক। বধ ক, ক্লেশ দে, মর্দ্দন ক (চুরা, প। পীড়য়তি)। পীড়া[১], পীড়ন[২], পীড়িত[৩], পীড়ম্[৪], পীড়য়িতা[৫]।

ব্যুৎ. পীড়্—আ, ভা[১]; +অন, ভা[২]; +ত, র্ম্ম[৩]; +অন, আ[৪]; +তৃ, ক[৫]।

(৬৭৯) পীব্—অক। স্থূল হ (ভ্বা, প। পীবতি)। পীবন[১], পীবিত[২], পীবর[৩]।

ব্যু. পীব্—অন, ভা[১]; +ত, ভা[২]; +বর[৩]।

(৬৮০) পীয়্ (সৌত্রধাতু)—সক। তৃপ্ত ক (ভ্বা, প। পীয়তি)। পীয়ন[১], পীয়ূষ[২], পীয়াল[৩]।

ব্যুৎ. পীয়—অন, ভা[১]; +ঊষ সংজ্ঞার্থে[২]; +আল, সংজ্ঞার্থে[৩]

(৬৮১) পুট—সক। গাঁথা, পরস্পর যোজন ক (চুরা, প। পুটয়তি)। পুট[১], সংপুটক[২], সংপুট[৩]।

ব্যুৎ. পুট—অ, ভা[১]; সম্+অক[২]; সম্+অ[৩]।

(৬৮২) পুট্—অক। সংশ্লিষ্ট হ (তুদা, প। পুটতি)। দীপ্তি পা। সক, চূর্ণ ক (চুরা, প। পোটয়তি)। পুট[১], পুটিত[২], পোটন[৩], পোটিত[৪], পুটক[৫], পোটা[৬]।

ব্যুৎ. পুট্—অ[১]; +ত, র্ম্ম, ভা[২]; +অন, ভা[৩]; +ত, র্ম্ম, ভা[৪]; +অক[৫]; +অ, আ—স্ত্রীং[৬]।

(৬৮৩) পুট্ট—অক। তুচ্ছ (চুরা, প। পুট্টয়তি)। পুট্টিত[১]।

ব্যুৎ. পুট্ট ত, ভা[১]।

(৬৮৪) পুড্—সক। উৎসর্গ ক, (তুদা, প। পুডতি)। পীড়ন ক, ভ্বা, প। পাড়তি) পড়িতা[১]।

ব্যুৎ. পুড্-তৃ, ক[২]।

(৬৮৫) পুণ্—অক। ধার্ম্মিক হ, সৎকার্য্য ক (তুদা, প। পুণতি) পোণন[১], পোণিত[২], পুণ্য[৩], নিপুণ[৪]।

ব্যুৎ. পুণ—অন, ভা[১];+ত, ভা[২];+য, ভা[৩]; নি+অ[৪]।

(৬৮৬) পুত্ত্ (সৌত্রধাতু)-সক। গমন ক, প্রাপ্তি (ভ্বা, প। পুত্ততি)। পুত্তন[১], পুত্তিকা[২]।

ব্যুৎ পুত্ত্—অন, ভা[১]:+অক, আ-স্ত্রীং[২]।

(৬৮৭) পুন্ড্—সক। পীড়ন ক (ভ্বা. প। পুণ্ডতি)। পুণ্ডন[১] পুণ্ডিত[২], পুণ্ডরীক[৩]; পুণ্ড্র[৪], পুণ্ড্রক[৫]।

ব্যুৎ. পুন্ড্-অন. ভা[১];+ত, র্ম্ম[২],+ইক, নিপাতন[৩];+র[৪];+র. ক-যোগ[৫]।

(৬৮৮) পুম্স্—সক। পীড়ন ক (চুরা, প। পুংসয়তি) পুংসন[১], পুংসিত[২], পুম্স্[৩]।

ব্যুৎ. পুমস্-অন, ভা[১];+ত, র্ম্ম[২];+০[৩]।

(৬৮৯) পুর্—সক। অগ্রে২ যায় (তুদা, প। পুরতি)। পুর[১], পুরী[২], পুরস্[৩], পুর্[৪]।

ব্যুৎ পুর্-অ, ভা[১];+ইন্, ক[২];+অস্[৩];+০[৪]।

(৬৯০) পুল্—অক। বৃহৎ হ (তুদা, প। পুলতি; ভ্বা প। পোলতি) উন্নত হ (চুর, প। পোলয়তি)। পুল[১], পুলিত[২], পোলিত[৩], পোল[৪], পুলক[৫], পুলিন[৬], পুলিন্দ[৭], বিপুল[৮]।

ব্যুৎ. পুল্-অ, ভা[১].+ত, ভ[২],[৩];+অ[৪]:+অক[৫]; ইন[৬];+ইন্দ[৭]; বি+অ[৮]।

(৬৯১) পুষ্—সক। পোষণ ক (ভ্বা, প। পোষতি; দিবা. প, অনিট্। পুষ্যতি; চুর, প। পোষয়তি)। অক, পুষ্ট হ। কদ

পরি পোষণ ক (ক্র্যা, প। পুষ্ণাতি)। পোষণ[১], পোষিত[২], পুষিত[৩], পুষ্ট[৪], পোষ্টা[৫], পুষ্টি[৬], পোষ[৭], পোষ্য[৮], পূষা[৯], পুষ্কল[১০], পুষ্কর[১১], অন্যপুষ্ট[১২]।

ব্যুৎ. পুষ্—অন, ভা[১];+ত[২];+র্ম্ম[৩], ভা[৪];+তৃ, ক[৫];+তি, ভা[৬]; +অ, ভা[৭];+য, র্ম্ম[৮];+* অন্[৯];+কল[১০];+কর, সংজ্ঞার্থে[১১]; অন্য+ত[১২]।

(৬৯২) পুষ্প্—অক। বিকসিত হ, ফোটা (দিবা, প। পুষ্প্যতি)। পুষ্প[১], পুষ্পক[২]।

ব্যু. পুষ্প্—অ, ক[১];+অ, ক-যোগ[২]।

(৬৯৩) পুস্ত্—সক। বন্ধন ক, অনাদর ক, আদর ক (চুরা, প। পুস্তয়তি)। পুস্তন[১], পুস্ত[২], পুস্তক[৩], পুস্তী[৪], পুস্তিকা[৫]।

ব্যুৎ. পুস্ত্-অন, ভা[১];+অ[২],+অ, ক—স্বার্থে[৩];+অ, ঈ—স্ত্রীং[৪];+অক, আ—স্ত্রীং[৫]।

(৬৯৪) পূ—সক। পবিত্র ক,। অক, পবিত্র হ (ভ্বা, আ। পবতে; দিবা, আ। পূয়তে; ক্র্যা-প্বা, উভ। পুনাতি, পুনীতে)। পূত[১], পবন[২], পাবক[৩],পবি[৪], পবিত্র[৫], পাবন[৬], পুত্র[৭], পুত্রক[৮], পোত[৯], পোতা[১০], পোত্র[১১], উৎপবন[১২]।

ব্যুৎ. পূ-ত, র্ম্ম, ভা[১];+অন, ভা[২];+অক, ক[৩];+ই[৪];+ইত্র[৫];+ অন. ক. ভা[৬];+ত্র, সংজ্ঞার্থে[৭];+ত্র, ক—যোগ[৮];+ত[৯];+তৃ, ক[১০]; +ত্র[১১]; উৎ+অন, ভা[১২]।

(৬৯৫) পূজ্—সক। পূজা ক (চুরা, প। পূজয়তি)। পূজা[১], পূজ[২], পূজন[৩], পূজক[৪], পূজিত[৫], পূজয়িতা[৬], পূগ[৭]।

---

*পূ=পু

ব্যুৎ. পূজ্—আ, ভা[১];+অ[২],+অন, ভা[৩];+অক, ক[৪];+ত, র্ম্ম[৫];
+তৃ, ক[৬];+* অ[৭]।

(৬৯৬) পূ (র্ণ্) ণ—সক। রাশি ক (চুরা, প। পূ (র্ণ) ণয়তি)।
পূণন, পুণয়িতা[১]।

ব্যুৎ. পুণ্—অন, ভা[১];+তৃ, ক[২]।

(৬৯৭) পূয়্—অক। দুর্গন্ধ হ; সক, বিদীর্ণ ক (ভ্বা, আ। পুয়-
তে)। পূত[১], পুয়[২], পূতি[৩], পূতিকা[৪], অপূপ[৫]।

ব্যুৎ. পূয়্—ত, ভা[১];+অ[২];+তি, ভা[৩];+তি, ক—স্বার্থে, আ—
স্ত্রীং[৪]; ন+† প, সংজ্ঞার্থে[৫]।

(৬৯৮) পূর্—অক। পরিপূর্ণ হ,। সক, পরিপূর্ণ ক (দিবা, আ।
পূর্যাতে; চুরা, প। পূরয়তি)। পূর্ণ[১], পূরণ[২], পূর্ত্তি[৩], পূরিত[৪],
পূরক[৫], পূর[৬], পূর্ত্ত[৭], পুরুব[৮]।

ব্যুৎ. পূর্—ত, র্ম্ম, ভা[১];+অন[২];+তি, ভা[৩];+ত, র্ম্ম, ভা[৪];
+অক, ক[৫];+অ[৬];+ত[৭];+উষ[৮]।

(৬৯৯) পূর্ব্ব—অক। বাস ক (চুরা, প। পূর্ব্বয়তি)। পূর্ব্বণ[১],
পূর্ব্ব[২]।

ব্যুৎ. পূর্ব্ব—অন, ভা[১];+অ, ভা[২]।

(৭০০) পূল—সক। রাশি ক (চুরা-বি, প। পূলয়তি, পূলতি)
পূলন[১], পূল[২], পূলিত[৩], পুলক[৪]।

ব্যুৎ. পূল—অন, ভা[১];+অ[২];+ত, র্ম্ম[৩];+অক, ক[৪];।

(৭০১) পূষ্—সক। বৃদ্ধি পা (ভ্বা, প। পূষতি)। পূষণ[১],
পূষিত[২]।

ব্যুৎ. পূষ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

---

* জ=গ্। † য্—লোপ।

(৭০২) পৃ—সক। পালন ক, পূর্ণ ক (হ্বা, প। পিপর্ত্তি) পরিপূর্ণ ক (চুরা, প। পারয়তি)। অক, প্রীত হ। সক, প্রীত ক (স্বা, প। পৃণোতি) অক, ব্যায়াম ক, পরিশ্রম ক (তুদা, আ। ব্যাপ্রিয়তে)। বি-আ-পূর্ব্ব; ব্যাপৃত হ। পৃত, পর, পরা, পরি, পরুষ, পুর, ব্যাপৃত, ব্যাপার।

ব্যুৎ. পৃ—ত, র্ম্ম, ভা[১]; +অ[২]; +অ, আ[৩]; +ই[৪]; +উষ[২]; +*অ[৬]; বি-আ+ত, র্ম্ম[৭]; বি-আ+অ, ভা[৮]।

(৭০৩) পৃচ্—সক। বন্ধন ক। অক, সম্পর্ক হ (চুরা-বি; প। পর্চয়তি, পর্চতি)। অক, সম্পৃক্ত হ (রুধা, প। পৃণক্তি; অদা, আ। পৃক্তে)। পর্চন[১], পর্চিত[২], পর্চয়িতা[৩], পৃক্ত[৪], সম্পৃক্ত[৫], সম্পর্ক[৬]।

ব্যুৎ. পৃচ্—অন, ভা[১]; +ত, র্ম্ম[২]; +তৃ, ক[৩]; +ত, র্ম্ম[৪]; সম্+ত, র্ম্ম[৫]; সম্+অ[৬]।

(৭০৪) পৃড্—অক। প্রীত হ (তুদা, প। পৃড়তি)। পৃড়িত[১]।

ব্যুৎ. পৃড্—ত, ভা[১]।

(৭০৫) পৃণ্—সক। তৃপ্ত ক (তুদা, প। পৃণতি)। পৃণিত[১]।

ব্যুৎ. পৃণ—ত, র্ম্ম[১]।

(৭০৬) পৃথ্—সক। ক্ষেপণ ক (চুরা, প। পর্থয়তি)। পর্থন[১], পর্থিত[২], পর্থয়িতা[৩], পৃথক[৪]।

ব্যুৎ. পৃথ্—অন, ভা[১]; +ত, র্ম্ম[২]; +তৃ, ক[৩]; +অক[৪]।

(৭০৭) পৃন্জ্—অক। সম্পৃক্ত হ, মিলিত হ, (অদা, আ। পঙ্‌ক্তে)। পৃঞ্জিত[১]।

---

* পৃ = পুর।

ব্যুৎ. পৃ ন্ভ্—ত, ভা[১]।

(৭০৮) পৃষ্—সক। জল সেক ক, (ভ্বা, প। পর্ষতি)। পৃষ্ট[১], পর্ষিতা[২], পার্ষ্ণি[৩], পৃষৎ[৪], পৃষন্তি[৫], পৃষ্ঠ[৬], পৃষত[৭]।

ব্যুৎ. পৃষ্—ত, র্ম্ম[১];+তৃ, ক[২];+নি[৩],+অৎ[৪];+অন্তি[৫];+থ[৬]; +অত[৭]।

(৭০৯) পৄ—সক। পূর্ণ ক। অক, সমর্থ হ (চুরা, প। পারয়তি)। সক, পালন ক, পরিপূর্ণ ক (হ্বা, প। পিপর্ত্তি; ক্র্যা-প্বা, প। পৃণাতি)। পূর্ণ[১], পারক[২], পারয়িতা[৩], পরিতা[৪], পরাতা[৫], পারা[৬], পর্ব্ব[৭], পর্ব্বত[৮], পর্শুকা[৯], পারী[১০], পুরা[১১], পুরু[১২], পুরুষ[১৩], নূপুর[১৪],।

ব্যুৎ. পৄ—ত, র্ম্ম[১];+অক[২];+তৃ, ক[৩];+অ,আ[৪];+বন্[৫]; +অত[৬];+শু, সংজ্ঞার্থে, ক—স্বার্থে[৭];+অ, ঈ-স্ত্রীং[৮];+ আ[৯],+উ[১০];+উষ[১১]; নূ+অ[১২]।

(৭১০) পেণ্—সক। পেষণ ক, গমন ক, আলিঙ্গন ক। অক, লাগিয়া যা (ভ্বা, প। পেণতি)। পেণন[১], পেণিত[২]।

ব্যুৎ. পেণ্—অন, ভা[১];+ত, র্ম্ম, ভা[২]।

(৭১১) পেস্—সক। গমন ক, প্রাপ্তি (ভ্বা, প। পেসতি) পেসন[১], পেসিত[২]।

ব্যুৎ. পেস্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৭১২) পৈ—অক। শুষ্ক হ (ভ্বা, প। পায়তি)। পাত[১]।

ব্যুৎ পৈ—ত, ভা[১]।

(৭১৩) প্যৈ—অক। বৃদ্ধি পা (ভ্বা, আ। প্যায়তে)। পান[১]।

ব্যুৎ. প্যৈ—ত, ভা[১]।

(৭১৪) প্যায়্—অক। বৃদ্ধি প। (ভ্বা, আ। প্যায়তে)।
পীন[১], প্যায়ন[২], পীবন[৩], পীবর[৪], আপীন[৫]।

ব্যুৎ. প্যায়্—ত, ভা[১];+অন, ভা[২];+*বন[৩];+*বর[৪];+ আ+*ত, ক[৫]।

(৭১৫) প্যুষ্—সক। ভাগ.ক দগ্ধ ক (দিবা,প। প্যুষ্যতি)। উৎসর্গ ক (চুরা,প। প্যোষয়তি)। প্যোষণ[১], প্যুষিত[২]; প্যোষিত[৩]।

ব্যুৎ. প্যুষ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+ত, র্ম্ম[৩]।

(৭১৬) প্যুস্—সক। ভাগ ক (দিবা, প। প্যুস্যতি) প্যোসন[১], প্যুসিত[২]।

ব্যুৎ. প্যুস্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৭১৭) প্রচ্ছ—দ্বিক। জিজ্ঞাসা ক (তুদা, প,অনিট। পৃচ্ছতি) পৃষ্ট[১], প্রশ্ন[২], প্রষ্টা[৩], প্রাট্[৪], প্রাড্‌বিবাক[৫]।

ব্যুৎ. প্রচ্ছ—ত, র্ম্ম[১];+ন, ভ[২];+তৃ, ক[৩];+০, ক[৪];+০, ক—বিবাক[৫]।

(৭১৮) প্রথ্—সক। ক্ষেপণ ক। অক, বিখ্যাত হ (চুরা, প। প্রাথয়তি (ঘটা) প্রথয়তি)। প্রসিদ্ধ হ (ভ্বা, অ। প্রথতে)। প্রাথন[১], প্রাথয়িতা[২], প্রথা[৩], পৃথিবী[৪], পৃথ্বী[৫], পৃথু[৬], পৃথা[৭], পৃথুক[৮]।

ব্যুৎ. প্রথ্—অন, ভা[১];+তৃ, ক[২];+আ. ভা[৩];+ইবি[৪];+বি[৫];+ উ[৬];+অ, আ[৭];+উ ক—যোগ[৮]।

(৭১৯) প্রস্—সক। প্রসব ক, বিস্তার ক (ভ্বা, আ। প্রসতে)। প্রসা[১], প্রসন[২], প্রসিত[৩], অনুপ্রাস[৪]।

ব্যুৎ. প্রস্—আ, ভা[১],+অন, ভা[২];+ত, র্ম্ম[৩]; অনু+ অ।

---

* প্যায়=পী।

(৭২০) প্রী—সক। তুষ্ট ক (ভ্বা, উভ। প্রয়তি-তে; চুরা, প। প্রীণয়তি, প্রায়য়তি)। হৃষ্ট ক, ইচ্ছা ক (ক্র্যা, উভ। প্রীণাতি, প্রীণীতে)। হৃষ্ট ক। অক, তুষ্ট হ, শোভা পা (দিবা, আ। প্রায়তে)। প্রীতি[১], প্রীণন[২], প্রীত[৩]।

ব্যুৎ. প্রী-তি, ভা[১];+অন, ভা[২];+ত, ক[৩]।

(৭২১) প্রু—অক। জলে ভাসিয়া যা, লাফিয়া যা, সরিয়া যা ক্রমশঃ নিম্ন হ, ঢাল হ। অক, গমন ক (ভ্বা, আ। প্রবতে)। প্রবণ[১], কট প্রু[২]।

ব্যুৎ. প্রু—অন, ভা[১]; কট+০[২]।

(৭২২) প্রু (প্লু) ষ্—সক। সেক ক, পরিপূর্ণ ক। অক, স্নিগ্ধ হ (ক্র্যা, প। প্রু (প্লু) ষ্ণাতি। সক, দগ্ধ ক (ভ্বা, প। প্রো (প্লো) ষতি। প্রো (প্লো) ষণ[১], প্রু (প্লু) ষিত[২], প্রু (প্লু) ষ্ট[৩], প্রো (প্লো) ষিতা[৪]।

ব্যুৎ. প্রু (প্লু) ষ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+ত, র্ম্ম[৩];+তৃ, ক[৪]।

(৭২৩) প্রোথ্—সক। পর্য্যাপ্ত হ, প্রচুর হ, (ভ্বা, উভ। প্রোথতি-তে)। প্রোথিত[১], কটি প্রোথ[২]।

ব্যুৎ. প্রোথ্-ত, র্ম্ম[১]; কটি+অ[২]।

(৭২৪) প্লক্ষ্—সক। ভক্ষণ ক (ভ্বা, উভ। প্লক্ষতি-তে)। প্লক্ষ[১] প্লক্ষিত[২], প্লক্ষণ[৩]।

ব্যুৎ. প্লক্ষ্-অ, ভা[১];+ত, র্ম্ম[২];+অন, ভা[৩]।

(৭২৫) প্লব্—অক। ভাসিয়া যা। সক, গমন ক (ভ্বা, আ। প্লবতে)। প্লবন[১],প্লাবন[২], প্লাবিত[৩],প্লবিত[৪],প্লবন[৫],জলপ্লাবন[৬]।

ব্যুৎ. প্লব্—অন, ভা[১]; ০[২];+ত[৩], র্ম্ম[৪];+অন, ভা[৫]; জল+অন, ভা[৬]।

(৭২৬) প্লিহ্—সক। গমন ক, প্রাপ্তি। (ভ্বা, আ। প্লেহতে)। প্লেহন[১], প্লিহিত[২], প্লি (প্লী) হা[৩]।

ব্যুৎ. প্লিহ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+অ, আ[৩]।

(৭২৭) প্লু—অক। জলে ভাসিয়া যা, লাফিয়াই যা, সরিয়া যা, ক্রমশঃ নিম্ন হ, চাল হ। সক, গমন ক (ভ্বা, আ। প্লবতে)। উৎ—পূর্ব্ব, লাফাইয়া উঠা, আ—স্নান ক। প্লুত[১], প্লব[২], উৎপ্লবন[৩], আপ্লবন[৪], উপপ্লব[৫], পরিপ্লব[৬]।

ব্যুৎ. প্লু—ত, র্ম্মা ভা[১];+অ[২]; উৎ+অন, ভা[৩]; আ+অন, ভা[৪]; উপ+অ[৫]; পরি+অ[৬]।

(৭২৮) প্লুষ্—সক। দগ্ধ ক (দিবা, প। প্লুষ্যতি)। প্লোষণ[১], প্লোষিত[২], প্লক্ষ[৩], প্লুষ্ট[৪], প্লোষ[৫]।

ব্যুৎ. প্লুষ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+* স[৩];+ত, র্ম্ম[৪];+অ,ভা[৫]।

(৭২৯) প্লুস্—সক। দগ্ধ ক, ভাগ ক (দিবা, প। প্লুস্যতি)। প্লোসন[১], প্লুসিত[২]।

ব্যুৎ. প্লুস্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৭৩০) প্লেব—সক। সেবা ক (ভ্বা, আ। প্লেবতে)। প্লেবন[১], প্লেবিত[২]।

ব্যুৎ. প্লেব—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৭৩১) প্সা—সক। ভক্ষণ ক (অদা, প। প্সাতি)। প্সান[১], প্সাত[২]।

ব্যুৎ. প্সা—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

---

* উ=অ।

ফ

(৭৩২) ফক্ক্—অক। অসদ্ব্যবহার ক, ফাঁকি দে, ধীরে২ যা (ভ্বা, প। ফক্কতি)। ফক্কণ[১], ফক্কিকা[২]।

ব্যুৎ. ফক্ক্—অন, ভা[১], + অক, আ[২]।

(৭৩৩) ফণ্—অক। অনায়াসে উৎপন্ন হ (ভ্বা, প। ফণতি)। সক, গমন ক, (ভ্বা, প। ফণতি (ঘটা) ফণয়তি, ফাণয়তি)। ফণন[১], ফণিতা[২], ফণা[৩], ফণ[৪], কফোণি[৫], কফণি[৬]।

ব্যুৎ ফণ্—অন, ভা[১]; + তৃ, ক[২], + অ, আ[৩]; + অ[৪]; ক + ই[৫,৬]।

(৭৩৪) ফল্—অক। নিষ্পন্ন হ। সক, গমন ক (ভ্বা, প। ফলতি)। সক, বিদীর্ণ ক। অক, বিদীর্ণ হ (ভ্বা, প। ফলতি)। ফল[১], ফলন[২], ফলিত[৩], ফাল[৪], ফলক[৫], ফল্গু[৬], ফল্গুণ[৭], ফাল্গুণ[৮], কফ[৯], প্রতিফলন[১০]।

ব্যুৎ. ফল্—অ[১]; + অন, ভা[২]; + ত, র্ম্ম[৩]; + অ[৪]; + অক[৫]; + গু[৬]; + * উন[৭,৮]; ক + অ[৯]; প্রতি + অন, ভা[১০]।

(৭৩৫) ফুল্ল্—অক। বিকসিত হ (ভ্বা, প। ফুল্লতি)। ফুল্ল[১], ফুল্লন[২], ফুল্লিত[৩], প্রফুল্ল[৪], উৎফুল্ল[৫]।

ব্যুৎ. ফুল্ল্—অ, ভা[১]; + অন, ভা[২]; + ত, র্ম্ম[৩]; + প্র + অ[৪], উৎ + অ[৫]।

(৭৩৬) ফেল্—সক। গমন ক, প্রাপ্তি (ভ্বা, প। ফেলতি)। ফেলন[১], ফেলিত[২], ফেলা[৩], ফেলি[৪]।

ব্যুৎ. ফেল্—অন, ভা[১]; + ত, র্ম্ম[২]; + অ, ভা[৩]; + ই[৪]।

---

* গ—আগম।

ব

(৭৩৭) বঠ্—অক। স্থূল হ (ভ্বা, প। বঠতি)। বঠন[১], বঠিত[২]।

ব্যুৎ. বঠ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৭৩৮) বণ্—অক। শব্দ ক (ভ্বা, প। বণতি) বণিত[১]।

ব্যুৎ. বণ্—ত, ক[১]।

(৭৩৯) বন্—দ্বিক। যাচ্ঞা ক (তনা, আ। বনুতে)। বনন[১], বত[২]।

ব্যুৎ. বন্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৭৪০) বধ্—সক। বন্ধন ক (চুরা, প। বাধয়তি)। সক, নিন্দা ক, বন্ধন ক (ভ্বা, আ। বধতে (সনন্ত) বীভৎসতে)। বধন[১], বাধিত[২], বীভৎস[৩], বীভৎসু[৪]।

ব্যুৎ. বধ—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+স, অ[৩];+স, উ[৪]।

(৭৪১) বন্ধ্—সক। বন্ধন ক (ক্র্যা, প, অনিট। বধ্নাতি; চুরা, প। বন্ধয়তি)। বন্ধন[১], বদ্ধ[২], বন্ধিত[৩], বন্ধয়িতা[৪], বন্ধু[৫], বন্ধুর[৬], বন্ধ্য[৭], বন্ধ্যা[৮], বধির[৯], বধূ[১০], বন্ধুক[১১], উদ্বন্ধন[১২], নিবন্ধন[১৩], প্রবন্ধ[১৪], সম্বন্ধ[১৫], অনুবন্ধ[১৬], অনুবন্ধী[১৭], নিবদ্ধ[১৮], নিবন্ধ[১৯], নির্ব্বন্ধ[২০], সম্বদ্ধ[২১]।

ব্যুৎ. বন্ধ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]; ত[৩];+তৃ, ক[৪];+উ[৫];+উর[৬]; +য, র্ম্ম[৭];+য, আ—স্ত্রীং[৮];+*ইর[৯];+(কিম্বা বহ)—ঊ[১০];+উক[১১]; উৎ+অন. ভা[১২], নি+অন, ভা[১৩]; প্র+অ[১৪]; সম্+অ[১৫]; অনু, অ[১৬]; অনু+ইন্ ক[১৭]; নি+ত, র্ম্ম[১৮];+অ[১৯]; নির্+অ[২০], সম্+ত, র্ম্ম[২১]।

---

* বন্ধ্ = বধ্।

(৭৪২) বল্—অক। বলিষ্ঠ হ, বৃদ্ধি পা, সমৃদ্ধি-প্রতিবন্ধকহ; (ভ্বা, প। বলতি)। সক, দান ক, বধ ক, নির্ণয় ক (ভ্বা, আ, বলতে)। নিরূপণ ক, (চুরা, আ। বালয়তে)। বল[১], বলিত[২], বলন[৩], বাল[৪], বালক[৫], বলি[৬], বালন[৭], বালুকা[৮], উলপ[৯], উলুপ[১০]।

ব্যুৎ. বল্—অ, ভা[১]; +ত, ভা[২]; +অন, ভা[৩], +অ, ক[৪]; +অ, ক, -যোগ[৫]; +ই[৬]; +অন, ভা[৭]; +উ, ক—যোগ, আ—স্ত্রীং[৮]; +* অপ[৯]; +* উপ[১০]।

(৭৪৩) বাধ্—সক। ব্যাঘাত ক, পীড়ন ক, (ভ্বা, আ। বাধতে) বাধিত[১], বাধা[২], বাধ[৩], বাধক[৪], বাধ্য[৫], বাহু[৬], আবাধা[৭]।

ব্যুৎ. বাধ্—ত, র্ম্ম[১]; +আ, ভা[২]; +অ[৩]; +অক[৪]; +য, র্ম্ম[৫]; +† উ[৬]; আ+অ, আ—স্ত্রীং[৭]।

(৭৪৪) বিন্দ্—সক। অংশ ক। অক, অবয়বীভূত হ, (ভ্বা, প। বিন্দতি)। বিন্দিত[১], বিন্দু[২]।

ব্যুৎ. বিন্দ্—ত, র্ম্ম, ভা[১]; +উ[২]।

(৭৪৫) বিল্—সক। বিদীর্ণ ক (চুরা, তুদা, প। বেলয়তি, বিলতি)। বেলন[১], বিল[২], বিলিত[৩], আবিল[৪]।

ব্যুৎ. বিল্—অন, ভা[১]; +অ[২]; +ত, র্ম্ম[৩]; আ+অ, ভা[৪]।

(৭৪৬) বিস্—সক। ক্ষেপণ ক (দিবা, প। বিস্যতি)। বেস[১], বেসন[২], বিসিত[৩]।

ব্যুৎ. বিস্—অ[১]; +অন, ভা[২]; +ত, র্ম্ম[৩]।

(৭৪৭) বুক্ক্—অক। কুক্কুরাদি কর্ত্তৃক শব্দ (চুরা—বি, প। বুক্কয়তি)। বুক্কন[১], বুক্কিত[২]।

---

* ব—উ। † ধ্=হ্।

ব্যুৎ. বুক্ক্—অন, ভা[১];+ত, ভা[২]।

(৭৪৮) বুদ্—সক। শ্রবণ ক, আলোচনা ক (ভ্বা, উভ। বোদতি-তে। বোদন[১], বুন্ন[২], বোদিতা[৩], বুদ্বুদ[৪]।

ব্যুৎ. বুদ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+তৃ, ক[৩],+* অ[৪]।

(৭৪৯) বুধ্—সক। বিজ্ঞাপন ক (ভ্বা,প। বোধতি; দিবা আ, অনিট্। বুধ্যতে)। জানা, বুঝা (ভ্বা, উভ। বোধতি-তে)। বোধন[১], বোধ[২], বুদ্ধ[৩]; বুদ্ধি[৪], বুধিত[৫], বোধিতা[৬], অববোধ[৭]।

ব্যুৎ. বুধ্—অন,ভা[১];+অ[২];+ত, র্ম্ম[৩];+তি, ভা[৪];+ত,র্ম্ম[৫]; +তৃ, অ[৬]; অব+অ, ভা[৭]।

(৭৫০) বুন্দ্—সক। শ্রবণ ক, আলোচনা ক (ভ্বা, উভ। বুন্দতি-তে)। বুন্দন[১]।

ব্যুৎ .বুন্দ্—অন, ভা[১]।

(৭৫১) বুল্—অক। স্নান ক, মগ্ন হ (চুরা, প। বোলয়তি বোলন[১], বোলিত[২]।

ব্যুৎ. বুল্—অন, ভা[১];+ত, ক[২]।

(৭৫২) বুস্—সক। ত্যাগ ক (দিবা, প। বুস্যতি)। বোসন[১], বোসিত[২], বুস[৩]।

ব্যুৎ. বুস্—অন, ভা[১],+ত, র্ম্ম[২];+অ[৩]।

(৭৫৩) বুস্ত্—সক। অনাদর ক, আদর ক, (চুরা, প। বুস্তয়তি)। বুস্তনা[১], বুস্তয়িতা[২]।

ব্যুৎ. বুস্ত্—অন, আ, ভা[১];+তৃ, ক[২]।

(৭৫৪) বৄ—সক। বরণ ক, পালন ক, ধারণ ক (ক্র্যা, প্বা, প। বৃণাতি)। বরিতা[১], বরীতা[২]।

---

* দ্বিত্ব।

ব্যুৎ. বৃ—তৃ, ক[১],[২]।

(৭৫৫) ব্রণ—অক। শব্দ ক (ভ্বা, প। ব্রণতি) ব্রণিত[১], ব্রণ[২]।

ব্যুৎ. ব্রণ—ত, ভা[১];+অ, ভা[২]।

ভ

(৭৫৬) ভক্ষ্—সক। ভক্ষণ ক (চুরা, প। ভক্ষয়তি)। ভক্ষিত[১], ভক্ষ্য[২], ভক্ষণ[৩], ভক্ষয়িতা[৪], ভক্ষক[৫], অস্থিভক্ষক[৬]।

ব্যুৎ. ভক্ষ্—ত, র্ম্ম[১];+য, র্ম্ম[২];+অন, ভা[৩];+তৃ, ক[৪];+অক, ক[৫]; অস্থি+অক, ক[৬]।

(৭৫৭) ভজ্—সক। ভাগ ক, সেবা ক (ভ্বা, উভ, অনিট্। ভজতি-তে)। পাক ক, ভাজা (চুরা, প। ভাজয়তি)। ভক্তি[১], ভক্ত[২], ভাগ[৩], ভজন[৪], ভগ[৫], ভাজন[৬], ভাজিত[৭], ভজনা[৮], ভাজক[৯], ভাগ্য[১০], ভাজ্য[১১], বিভাজিত[১২]।

ব্যুৎ. ভজ্—তি, ভা[১];+ত, র্ম্ম[২];+অ, ভা[৩];+অন, ভা[৪];+অ[৫];+অন, ভা[৬];+ত, র্ম্ম[৭];+অন, অা, ভা[৮],+অক, ক[৯];+য[১০];+য, র্ম্ম[১১]; বি+ত, র্ম্ম[১২]।

(৭৫৮) ভট্—সক। পোষণ ক (ভ্বা, প। ভটতি)। দ্বিক, কথন (ভ্বা, প। ভটতি)। ভটন[১], ভটিত[২], ভট[৩], ভাটক[৪], উদ্ভট[৫], আরভটী[৬]।

ব্যুৎ. ভট্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+অ[৩]; ;+অক, ক[৪];উৎ-+অ[৫];আর+অ, ঈ· স্ত্রী[৬]।

(৭৫৯) ভণ্—অক। শব্দ ক। সক, কথন (ভ্বা, প। ভণতি)। ভণন[১], ভনিত[২], ভাণ[৩], ভাণ্ড[৪]।

ব্যুৎ. ভণ্—অন, ভা[১];+ত, র্ম্ম[২];+অ[৩];+ড[৪]।

৭৬০) ভন্জ্—সক। ভঞ্জন, ভাঙ্গা (রুধা, প, অনিট্। ভনক্তি

অক, দীপ্তি পা (চুরা, প। ভঞ্জয়তি)। ভগ্ন[1], ভঞ্জন[2], ভঙ্গ[3], ভঞ্জিত[4], ভঙ্গুর[5], প্রভঞ্জন[6]।

ব্যুৎ. ভন্জ্—ত, র্ম্ম, ভা[1]; +অন, ভা[2]; +অ, ভা[3]; +ত, র্ম্ম[4]; +উর, ক, শীলাদ্যর্থে[5]; প্র+অন[6]।

(৭৬১) ভন্ড্—অক। নানাপরিহাস ক, ভাঁড়াম ক (ভ্বা, আ। ভণ্ডতে)। মাঙ্গলিক হ। সক, প্রতারণা ক (চুরা, প। ভাণ্ডয়তি)। ভণ্ডন[1], ভণ্ডক[2], ভণ্ড[3]।

ব্যুৎ. ভন্ড্—অন, ভা[1]; +অক, ক[2]; +অ[3]।

(৭৬২) ভন্দ্—অক। শোভন ক (চুরা, প। ভন্দয়তি)। প্রীত হ, শুভ হ। সক, প্রীত ক (ভ্বা, আ। ভন্দতে)। ভন্দিত[1], ভন্দক[2], ভদ্র[3], ভদন্ত[4]।

ব্যুৎ. ভন্দ্—ত, র্ম্ম, ভা[1]; +অক, ক[2]; +র[3]; +অন্ত[4]।

(৭৬৩) ভর্ৎস্—সক। ভর্ৎসনা ক (চুরা, উভ। ভর্ৎসয়তি-তে)। ভর্ৎসনা[1], ভর্ৎসিত[2], নির্ভর্ৎসন[3]।

ব্যুৎ. ভর্ৎস্—অন, আ, ভা[1]; +ত, র্ম্ম[2]; নির্+অন, ভা[3]।

(৭৬৪) ভর্ব্—সক। বধ ক (ভ্বা, প। ভর্বতি)। ভর্বণ[1], ভর্বিত[2]।

ব্যুৎ. ভর্ব্—অন, ভা[1]; +ত, র্ম্ম[2]।

(৭৬৫) ভল্—সক। দান ক, বধ ক, নিরূপণ ক (ভ্বা, আ। ভলতে)। নিরূপণ ক, (চুরা, আ। ভালয়তে)। ভলন[1], ভালক[2], ভালিত[3], ভালন[4]।

ব্যুৎ. ভল্—অন, ভা[1]; +অক, ক[2]; +ত, র্ম্ম[3]; +অন, ভা[4]।

(৭৬৬) ভল্ল্—সক। দান ক, বধ ক, নিরূপণ ক (ভ্বা, আ। ভল্লতে)। ভল্ল[1], ভল্লিত[2], ভল্লন[3], ভল্লুক[4]।

ব্যুৎ. ভল্ল্—অ[১];+ত, র্ম্ম[২];+অন, ভা[৩];+উক[৪]।

(৭৬৭) ভষ্—অক। কুক্কুরাদি কর্ত্তৃক শব্দ। সক, পরনিন্দা সূচন (ভ্বা, প। ভষতি)। ভষণ[১], ভষিত[২]।

ব্যুৎ. ভষ্—অন, ভা[১];+ত, র্ম্ম, ভা[২]।

(৭৬৮) ভস্—অক। দীপ্তি পা। সক, ভর্ৎসনা ক (হ্বা, প। বভস্তি)। ভসন[১], ভসিত[২], ভস্ম[৩], ভস্ত্রা[৪], ভস্ত্রকা[৫], ভস্ত্রিকা[৬], ভস্ত্রী[৭], গভস্তি[৮]।

ব্যুৎ. ভস্—অন, ভা[১];+ত, র্ম্ম, ভা[২];+মন্[৩];+ত্র, আ[৪];+ত্র, ক—যোগ, আ—স্ত্রীং[৫],[৬];+ত্র, ঈ—স্ত্রীং[৭]; গ+তি[৮]।

(৭৬৯) ভা—অক। দীপ্তি পা (অদা, প। ভাতি)। ভা[১], ভানু[২], ভাল[৩], ভো[৪], ভোস্[৫], ভবান্[৬], সভা[৭], হম্মা[৮], হম্ভা[৯], দুন্দুভি[১০], অভি[১১], আভা[১২], প্রভা[১৩], বিভা[১৪], নিভ[১৫]; প্রভাত[১৬]।

ব্যুৎ. ভা—অ, আ—স্ত্রীং[১];+নু[২];+ল[৩];+ও[৪];+ওস্[৫];+বৎ সহ+অ, র্ণি, আ—স্ত্রীং[৭]; হম্+* অ,আ[৮],[৯]; দুন্দু+ই[১০];অ+ই[১১]; আ+অ, আ—স্ত্রীং[১২]; প্র+অ, আ—স্ত্রীং[১৩]; বি+অ, আ[১৪], নি+অ[১৫]; প্র+ত, আরম্ভার্থে[১৬]।

(৭৭০) ভাজ্—সক। পৃথক্ ক (চুরা, প। ভাজয়তি)। ভাজন[১], ভাজ্য[২], ভাজক[৩]।

ব্যুৎ. ভাজ্—অন, ভা[১];+য, র্ম্ম[২];+অক, ক[৩]।

(৭৭১) ভাম—সক। কুপিত ক। অক, কুপিত হ (চুরা, প। ভাময়তি)। ভাম[১], ভামন[২]।

ব্যুৎ. ভাম্—অ, ভা[১],+অন, ভা[২]।

---

* ভ্=ম।

(৭৭২) ভাম্—অক। ক্রুদ্ধ হ (ভ্বা, আ। ভামতে)। ভাম[১]; ভামিত[২], ভামন[৩]।

ব্যুৎ. ভাম্—অ, ভা[১];+ত, ভা[২];+অন, ভা[৩]।

(৭৭৩) ভাষ্—দ্বিক। কথন (ভ্বা, আ। ভাষতে)। ভাষা[১], ভাষিত[২]; ভাষণ[৩]; টিট্টিভ[৪]; আভাষ[৫]।

ব্যুৎ. ভাষ্—আ-স্ত্রীং[১];+ত, র্ম্ম[২];+অন, ভা[৩]; টিট্টি+অ[৪]; আ+অ[৫]।

(৭৭৪) ভাস্—অক। দীপ্তি পা (ভ্বা, আ। ভাসতে)। ভাসন[১], ভাস্[২], ভাসিত[৩], ভাস[৪], ভাসস্[৫], ভাস্‌সুর[৬], ভাস্বর[৭], অবভাস[৮], প্রভাস[৯]।

ব্যুৎ. ভাস্—অন, ভা[১];+০[২];+ত, ক[৩];+অ, ভা[৪];+অস্[৫]; +উর[৬];+বর[৭]; অব+অ[৮]; প্র+অ[৯]।

(৭৭৫) ভিক্ষ্—সক। লাভ ক, যাচ্ঞা ক, লোভোক্তি ক। অক, ক্লেশ পা (ভ্বা, আ। ভিক্ষতে)। ভিক্ষা[১], ভিক্ষু[২], ভিক্ষুক[৩], ভিক্ষিত[৪]।

ব্যুৎ. ভিক্ষ্—অ, আ, ভা[১];+উ[২];+উ+ক, যোগ[৩];+ত, র্ম্ম, ভা[৪]।

(৭৭৬) ভিদ্—সক। ভেদ ক (রুধা, উভ, অনিট। ভিনত্তি, ভিন্তে)। ভেদন[১], ভেদ[২], ভিন্ন[৩], ভিত্তি[৪], ভেদক[৫], ভিদ[৬], ভিত্ত[৭], ভিদ্[৮], ভিদা[৯], ভিদুর[১০], ভিদ্য[১১], ভেত্তা[১২], বিভেদ[১৩], প্রভেদ[১৪], সম্ভেদ[১৫], সম্ভিন্ন[১৬]।

ব্যুৎ. ভিদ্—অন, ভা[১];+অ[২];+ত, র্ম্ম[৩];+তি[৪];+অক, ক[৫];+অ[৬];+ত, র্ম্ম[৭];+০[৮];+অ, আ—ভা[৯];+উর[১০];+য, র্ম্ম[১১];+তৃ, ক[১২]; বি+অ, ভা[১৩]; প্র+অ, ভা[১৪]; সম্+অ, ভা[১৫]; সম্+ত, র্ম্ম[১৬]।

(৭৭৭) ভিল্—সক। ভেদ ক (চুরা, প। ভেলয়তি)। ভেলন[১], ভেলিত[২], ভেলা[৩]।

ব্যুৎ. ভিল—অন, ভা[১]; +ত, র্ম্ম[২]; +অ, আ, স্ত্রীং[৩]।

(৭৭৮) ভী—অক। ভীত হ (হ্বা, প। বিভেতি)। ভীত[১] ভীতি[২], ভয়[৩], ভেতব্য[৪], ভয়নীয়[৫], ভীরু[৬], ভিয়া[৭], ভী[৮], ভীম[৯], ভীষণ[১০], ভীষ্ম[১১], ভেক[১২], ভেল[১৩], ভেলক[১৪], অভীরু[১৫], অভয়[১৬], বিভীষণ[১৭], বিভীতক[১৮], বিভীষিকা[১৯]।

ব্যুৎ. ভী—ত, ভা[১]; +তি, ভা[২]; +অ, ভা[৩]; +তব্য, ভা[৪]; +অনীয়, ভা[৫]; +*উ;[৬]; +†আ[৭]; +০[৮]; +ম[৯]; +‡অন, ক[১০]; +‡ম[১১]; +ক[১২]; +¶ র[১৩], [১৪]; ন+*উ[১৫]; +ন+অ, ক[১৬]; বি+‡অন, অপা-[১৭]; বি+ত, ক-যোগ[১৮]; বি+অক, আ[১৯]।

(৭৭৯) ভুজ্—সক। বক্রগমন ক (তুদা, প, অনিট। ভুজতি)। গ্রহণ ক, উপভোগ ক। (পরস্মৈপদী) পালন ক (রুধা, আ, অনিট। ভুঙ্‌ক্তে; (ভুনক্তি)। ভুক্ত[১], ভুক্তি[২]; ভুগ্ন[৩], ভোক্তা[৪], ভোগ[৫], ভোজন[৬], ভুজ[৭], ভুঞ্জান[৮], ভুজিষ্য[৯], ভোজ[১০], ভোগ্য[১১], ভোজ্য[১২], আখুভুক্[১৩], আভুক্ত[১৪], সর্প-ভুক্[১৫]।

ব্যুৎ. ভুজ্—ত, র্ম্ম[১]; +তি, ভা[২]; +ত[৩]; +তৃ, ক[৪]; +অ[৫]; +অন, ভা[৬]; +অ, ণ[৭]; +আন, ক[৮]; +ইষ্য[৯]; +অ[১০]; +য, র্ম্ম[১১], [১২]; আখু+০[১৩]; আ+ত, র্ম্ম[১৪]; সর্প+০[১৫]।

(৭৮০) ভুন্ড্—সক। ধারণ ক, পোষণ ক, আচ্ছন্ন ক (ভ্বা, আ। ভুণ্ডতে)। ভুণ্ডন[১], ভুণ্ডিত[২]।

---

* র—আগম। † ঈ=ইয়। ‡ ষ—আগম।
¶ র=ল।

ব্যুৎ. ভুনড্—অন, ভা[১];+ত, র্ম্ম[২]।

(৭৮১) ভূ—অক। হওয়া, উৎপত্তি (ভ্বা, প। ভবতি)। সক, প্রাপ্তি (চুরা, আ। ভাবয়তে; ভ্বা, উভ। ভবতি—তে)।° সক, চিন্তা ক, মিশ্রিত ক। অক, শুদ্ধ হ (চুরা, প। ভাবয়তি)। অনু-পূর্ব্ব, অনুভব ক; অভি-পরি, পরা—পরাজয় ক; প্র—প্রভু হ, প্রচুর হ; সম্—সম্ভব হ ভূত[১], ভবন[২], ভবিতব্য[৩], ভাবনা[৪], ভাবন[৫], ভাব[৬], ভাবিত[৭], ভাবী[৮] ভাবুক[৯], ভাব্য[১০], ভুবন[১১], ভূ[১২], ভূমা[১৩], ভূমি[১৪], ভূরি[১৫], ভূষ্ণু[১৬], উদ্ভাবন[১৭], উদ্ভূত[১৮], উদ্ভব[১৯], অনুভব[২০], অভিভব[২১], পরাভব[২২], পরিভব[২৩], প্রভব[২৪], সম্ভব[২৫], অগ্নিভূ[২৬], অনুভাব[২৭], অনুভূত[২৮], অন্তর্ভূত[২৯], নিকুম্ভ[৩০], প্রভাব[৩১], বিভু[৩২], বিভব[৩৩], বিভূতি[৩৪], সম্ভাবন[৩৫], সম্ভাবিত[৩৬], সম্ভূত[৩৭], সম্ভাব্য[৩৮]।

ব্যুৎ. ভূ—ত, ভা, র্ম্ম[১];+অন, র্বি[২];+তব্য, ভা[৩];+অন, আ—স্ত্রীং[৪];+অন, ভা[৫];+অ[৬];++ত, র্ম্ম[৭];+ইন্, ক্ষ[৮];+উক[৯];+য, ভা[১০];+*অন, ভা[১১];+০[১২];+মন্[১৩]; +মি[১৪];+রি[১৫];+স্নু, ক—শীলাদ্যর্থে;উৎ+অন, ভা[১৭];উৎ+ত, র্ম্ম[১৮];উৎ+অ, ক[১৯];অনু+অ ভা[২০]; অভি+অ, ভা[২১]; পরা+অ, ভা[২২]; পরি+অ[২৩]; প্র+অ[২৪]; সম্+অ[২৫]; অগ্নি+০[২৬]; অনু+অ[২৭]; অনু+ত, র্ম্ম[২৮]; অন্তর্+ত, র্ম্ম[২৯]; নি—কু+† অ[৩০]; প্র+অ, ভা[৩১]; বি+০[৩২]; বি+অ[৩৩]; বি+তি[৩৪]; সম্+অন[৩৫]; সম্+ত, র্ম্ম[৩৬]; সম্+ত, র্ম্ম[৩৭]; সম্+য, র্ম্ম[৩৮]।

(৭৮২) ভূষ্—সক। অলঙ্কৃত ক (চুরা-বি, প। ভূষয়তি, ভূষতি), ভূষিত[১], ভূষা[২], ভূষ[৩], ভূষণ[৪], বিভূষণ[৫]।

---

* ঊ=উব্।   † ম্—আগম।

ব্যুৎ. ভুষ্—ত, র্ম্ম[১];+আ, ভা[২];+অ[৩];+অন,ভা[৪];বি+অন,ভা[৫]।

(৭৮৩) ভৃ—সক। ধারণ ক, পোষণ ক (হ্বা, উভ। বিভর্ত্তি, বিভৃতে; ভ্বা, উভ। ভরতি-তে)। ভরণ[১], ভৃতি[২], ভৃত,[৩], ভর[৪]; ভরিত[৫], ভর্ত্তা[৬], ভার[৭], ভার্য্যা[৮], ভৃঙ্গ[৯], ভৃঙ্গার[১০], ভৃতক[১১], নির্ভর[১২], পরভৃৎ[১৩], প্রভৃতি[১৪], পরভৃত[১৫]সম্ভৃত[১৬]।

ব্যুৎ. ভৃ—অন, ভা[১];+তি[২];+ত, র্ম্ম[৩];+অ[৪];+ত, র্ম্ম[৫];+তৃ[৬];+অ[৭];+য,র্ম্ম—আ[৮];+* গ[৯];+* আর[১০];+ত,ক–যোগ[১১];নির্ +অ[১২]; পর+ ০[১৩];প্র+তি[১৪];পর+ত[১৫];সম্+অ[১৬]।

(৭৮৪) ভৃজ্—সক। ভর্জ্জন ক (ভ্বা, আ। ভর্জ্জতে)। ভৃক্ত[১], ভর্জ্জন[২], ভর্জ্জিতা[৩], ভর্গ[৪]।

ব্যুৎ. ভৃজ্—ত, র্ম্ম[১];+অন, ভা[২];+তৃ, ক[৩];+অ[৪]।

(৭৮৫) ভৃশ্—অক। অধঃপতিত হ। (দিবা, প। ভৃশ্যতি)। ভৃষ্ট[১], ভৃশ[২]।

ব্যুৎ. ভৃশ্—ত, ভা[১];+অ[২]।

(৭৮৬) ভৃ—সক। পোষণ ক, ধারণ ক, ভর্জ্জন ক, ভৎর্সনা ক, (ক্র্যা—প্বা, প। ভৃণাতি)। ভূর্ণ[১]।

ব্যুৎ. ভৃ—ত, র্ম্ম[১]।

(৭৮৭) ভৃজ্—সক। ভর্জ্জন ক (ভ্বা, আ। ভর্জতে)। ভৃক্ত[১], ভর্জন[২], ভর্জিতা[৩], ভর্গ[৪]।

ব্যুৎ. ভৃজ্—ত, র্ম্ম[১];+অন, ভা[২];+তৃ, ক[৩];+অ[৪]।

(৭৮৮) ভৃশ—অক। অধঃ পতিত হ (দিবা, প। ভৃশ্যতি)। ভৃষ্ট[১], ভৃশ[২]।

ব্যুৎ. ভৃশ্-ত, ভা[১];+অ[২]।

ঙ ন—আগম।

(৭৮৯) ভৃ—সক। পোষণ ক, ধারণ ক, ভর্জন ক, ভৎর্সনা ক (ক্র্যা—প্বা, প। ভৃণাতি)। ভূর্ণ[১]।

ব্যুৎ. ভৃ—ত, র্ম্ম[১]।

(৭৯০) ভ্যস্—অক। ভীত হ (ভ্বা, আ। ভ্যসতে)। ভ্যসন[১], ভ্যসিত[২]।

ব্যুৎ. ভস্—অন, ভা[১];+ত, ভা[২]।

(৭৯১) ভ্র (ভ্লু) ক্ষ্—সক। ভক্ষণ ক (ভ্বা, উভ। ভ্র (ভ্লু) ক্ষতি-তে)। ভ্র(ভ্লু) ক্ষিত[১], ভ্র (ভ্লু) ক্ষ্য[২], ভ্র (ভ্লু) ক্ষক[৩]।

ব্যুৎ. ভ্র (ভ্লু) ক্ষ্—ত, র্ম্ম[১];+য, র্ম্ম[২];+অক, ক[৩]।

(৭৯২) ভ্রণ্—অক। শব্দ ক (ভ্বা, প। ভ্রণতি) ভ্রণিত[১]।

ব্যুৎ. ভ্রণ্—ত, ভা[১]।

(৭৯৩) ভ্রম্—অক। ভ্রমণ ক, ভ্রান্ত হ (দিবা, শমা, প। ভ্রাম্যতি; দিবা, প। ভ্রম্যতি; ভ্বা, প। ভ্রমতি) ভ্রান্ত[১], ভ্রান্তি[২], ভ্রমি[৩], ভ্রমণ[৪], ভ্রম[৫], ভ্রমর[৬], ভ্রূ[৭], বিভ্রম[৮], সম্ভ্রম[৯], উদ্ভ্রম[১০], সম্ভ্রান্ত[১১]।

ব্যুৎ. ভ্রম্—ত, ভা[১];+তি, ভা[২];+ই[৩];+অন, ভা[৪],+অ, ভা[৫]; +অর[৬];+* ঊ[৭]; বি+অ, ভা[৮]; সম্+অ, ভা[৯]; উৎ+অ, ভা[১০]; সম্+ত, ভা[১১]।

(৭৯৪) ভ্রস্জ্—সক। পাক ক, ভর্জন ক (তুদা, উভ, অনিট। ভৃজ্জতি-তে)। ভ্রষ্ট[১], ভৃষ্ট[২], ভৃগু[৩]; অভ্রষ্ট[৪]।

ব্যুৎ. ভ্রস্জ্—ত, র্ম্ম[১];+ত, র্ম্ম[২];+উ[২]; ন+ত, র্ম্ম[৪]।

(৭৯৫) ভ্রন্শ্—সক। অধঃ পতিত হ (দিবা, প। ভ্রশ্যতি; ভ্বা, আ। ভ্রংশতে) ভ্রংশ[১], ভ্রষ্ট[২], অপভ্রংশ[৩], প্রভ্রংশ[৪]।

---

* ম=লোপ।

ব্যুৎ. ভ্রন্‌শ্‌—অ, ভা[১];+ত, র্ম্ম[২]; অপ+অ, ভা[৩]; প্র+অ,ভা[৪]।

(৭৯৬) ভ্রাজ্‌—অক। দীপ্তি পা (ভ্বা, আ। ভ্রাজতে)। ভ্রাজন[১], ভ্রাজিত[২], ভ্রাজিষ্ণু[৩]।

ব্যুৎ. ভ্রাজ্‌—অন, ভা[১];+ত, ভা[২];+ইষ্ণু[৩]।

(৭৯৭) ভ্রা (ভ্লা) শ্‌—অক। দীপ্তি পা (দিবা, আ। ভ্রা (ভ্লা) শ্যতে; ভ্বা, আ। ভ্রা (ভ্লা) শতে)। ভ্রা (ভ্লা) শন[১], ভ্রা (ভ্লা) শিত[২]।

